আমাদেরকে দেখার জন্য চোখ দিয়েছেন, শুনার জন্য কান দিয়েছেন, কথা বলার জন্য স্বরতন্ত্র দিয়েছেন, স্বাদ নেয়ার জন্য জিহ্বা দিয়েছেন, ঘ্রাণ নেয়ার জন্য নাক দিয়েছেন, ধরা ও লিখার জন্য হাত ও আঙ্গুলি দিয়েছেন, চলার জন্য পা দিয়েছেন, স্পর্শ বা ব্যথা অনুভূতির জন্য ত্বক দিয়েছেন, খাদ্য গ্রহণ, হজম ইত্যাদি কাজের জন্য পৌষ্টিকতন্ত্র (মুখ, খাদ্যনালী, পাকস্থলি, নাড়ি-ভূড়ি, যকৃত, অগ্ন্যাশয় ইত্যাদি) দিয়েছেন, শ্বাস-প্রশ্বাসের জন্য শ্বসনতন্ত্র (নাক, শ্বাসনালী, ফুসফুস ইত্যাদি) দিয়েছেন, খাদ্যের পুষ্টিকণা শোষণ, বিভিন্ন প্রাণরস ও বাতাস থেকে অক্সিজেন শরীরের প্রতিটি কোষে পৌঁছানোর কাজে রক্ত পরিবহনতন্ত্র (হৃদপিণ্ড, রক্তনালী ইত্যাদি) দিয়েছেন, শরীর থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয়ার জন্য রেচনতন্ত্র (কিডনী, মূত্রনালি, মূত্রথলি ইত্যাদি) দিয়েছেন, চলাচল করার জন্য শরীরের কাঠামো ঠিক রাখতে তিনি আমাদেরকে কঙ্কালতন্ত্র (২০৬ টি অস্থি, তরুণাস্থি, মাংসপেশী ইত্যাদি) দিয়েছেন এবং এগুলোকে সবল করেছেন, সারা দেহের সকল কার্যক্রমকে বিদ্যুতের গতিতে নিয়ন্ত্রণ করতে আল্লাহ তাআলা স্নায়ুতন্ত্র (মস্তিষ্ক, মেরুরজ্জু, স্নায়ু ইত্যাদি) দিয়েছেন, এগুলোর কিছু অংশ আমাদের ইচ্ছাধীন, অধিকাংশই আমাদের ইচ্ছায় চলে না, যেমন আমরা ইচ্ছা করলে হাত-পা নাড়াতে পারি, কথা বলতে পারি, কিন্তু আমরা ইচ্ছা করলে আমাদের হৃদপিণ্ডের স্পন্দন বন্ধ করতে বা চালু করতে পারিনা। চিন্তা করার জন্য, সুখ, দুঃখ, ভালোবাসা, দয়া ইত্যাদি আবেগ-অনুভূতির জন্য আল্লাহ তাআলা আমাদেরকে অন্তর (কল্‌ব) দিয়েছেন, মুমিনের কল্‌বকে তিনি তাঁর আরশ হিসেবে আখ্যায়িত করেছেন, এছাড়াও আমাদেরকে দিয়েছেন রূহ (আত্মা), নফস (প্রবৃত্তি) ইত্যাদি। মানবজাতির ধারা ঠিক রাখার জন্য তিনি প্রজননতন্ত্র দিয়েছেন,

আশ্চর্য উপায়ে তিনি এক ফোঁটা শুক্রবিন্দু থেকে নর-নারী রূপে মানুষ সৃষ্টি করেন। স্বামী-স্ত্রীর মাঝে মহব্বত সৃষ্টি করেছেন। পারিবারিক বন্ধন সৃষ্টি করে দিয়েছেন। এভাবে আল্লাহ তাআলাই আমাদেরকে অসংখ্য অগণিত নিয়ামত দিয়েছেন, যা বলে বা হিসেব করে কোনোদিন আমরা শেষ করতে পারবো না।

তিনিই আমাদের পরম হিতাকাঙ্ক্ষী, আল্লাহ তাআলা! তিনিই আমাদের জন্য জমিনকে বিছানা স্বরূপ বানিয়েছেন, তাতে রাস্তাঘাট বানিয়েছেন, যান-বাহন বানিয়েছেন, রঙ-বেরঙের গাছপালা, ঘাস, লতাপাতা সৃষ্টি করেছেন, জীব-জন্তু, পোকা-মাকড়, ইতরপ্রাণি বানিয়েছেন, তাদেরকে তাদের জীবনপদ্ধতি শিক্ষা দিয়েছেন, রিযিকের ব্যবস্থা করেছেন। তিনি জমিনে আমাদের জন্য রিযিক উৎপন্ন করেন, আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করেন, বীজ হতে অঙ্কুরোদগম করেন, সুপেয় পানি দান করেছেন। তিনি ইচ্ছা করলেই তাকে তিক্ত/লবণাক্ত করতে পারতেন কিংবা মাটির নিচের পানির স্তরকে আরো গভীরে নিয়ে যেতে পারতেন, তখন আমরা পানযোগ্য পানি পেতাম না।

তিনিই সাগর-মহাসাগর, তাতে বাহারী সামুদ্রিক জীব-জন্তু, শামুক, ঝিনুক, মাছ, গাছ, লবণাক্ত পানি সৃষ্টি করেছেন। তাতে বিচরণশীল পর্বতসদৃশ জাহাজসমূহ তাঁরই নিয়ন্ত্রানাধীন। আল্লাহ তাআলা পানির এমন ধর্ম দিয়েছেন যে, ৪° সেন্টিগ্রেড তাপমাত্রায় পানি সবচেয়ে ঘন ও ভারী থাকে, সমুদ্রের নীচের পানি এর চেয়ে ঠান্ডা হলে হালকা হয়ে উপরে উঠে যায়, সমুদ্রের তলদেশে বরফ তৈরি হতে পারে না। তাছাড়া বরফ পানিতে ভাসে,

তাই শীত প্রধান দেশগুলোতে সমুদ্রের নীচে পানি থাকে, উপরে থাকে বরফ। ফলে সেখানকার সামুদ্রিক মাখলূকগুলো বেঁচে থাকতে পারে।

তিনিই বাতাস ও বায়ুমণ্ডল সৃষ্টি করেছেন। বাতাসে অক্সিজেন না দিলে আমরা শ্বাস নিতে পারতাম না, ফলে মৃত্যু অবধারিত ছিল। বাতাসে নাইট্রোজেন না দিলে, কোথাও আগুন লাগলে তা কখনোই নিভতো না, সব পুড়ে ছাই হয়ে যেতো। গাছ পালা বাতাসের কার্বন-ডাই-অক্সাইড গ্রহণ না করলে তার পরিমাণ বাতাসে বেড়ে যেত। ফলে পৃথিবীর তাপমাত্রা বেড়ে যেত, মেরু অঞ্চলের বরফ গলে যেত, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেত, স্থলভূমি সাগরের তলায় নিমজ্জিত হয়ে যেত।

তিনিই আমাদের মাওলা, আল্লাহ তাআলা, তিনিই মহাবিস্ফোরণ (বিগব্যাঙ) ঘটিয়ে তাঁর ইচ্ছামতো মহাবিশ্ব সৃষ্টি করেছেন, তিনিই মহাবিশ্বকে সম্প্রসারিত করছেন। তিনি আকাশে নক্ষত্ররাজি সৃষ্টি করেছেন, আরো সৃষ্টি করেছেন গ্রহ-উপগ্রহ, নেবুলা, গ্যালাক্সি, ব্ল্যাক-হোল। তাদের প্রত্যেকের জন্য আল্লাহ তাআলা নির্দিষ্ট গতিপথ তথা কক্ষপথ নির্ধারণ করে দিয়েছেন, যার হের ফের তারা কখনো করে না। তিনি আমাদের জন্য চাঁদ-সূর্য সৃষ্টি করেছেন। দিন-রাত্রির আবর্তন তাঁর অসীম কুদরতের দৃষ্টান্ত। সূর্য পৃথিবীর তুলনায় তের লক্ষ গুণ বড় এবং প্রতিদিন সূর্যের আলো ও তাপের দুইশত কোটি ভাগের মাত্র এক ভাগ পৃথিবীতে এসে পৌঁছে। চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ-এগুলোও আল্লাহ তাআলার নিদর্শন। সমগ্র সৃষ্টিজগতই তাঁর নিদর্শন, তাঁর নামের তাসবীহ জপে, তাঁর পবিত্রতা বর্ণনা করে, কিন্তু আমরা তা অনুধাবন করতে পারি না। কত নিখুঁত স্রষ্টা তিনি!

চারদিকে দৃষ্টি দাও! রহমানের সৃষ্টিতে কোনো খুঁত বা ত্রুটি পাও কি? তোমার দৃষ্টি তোমার দিকেই ফিরে আসবে ব্যর্থ, ক্লান্ত ও পরিশ্রান্ত হয়ে!!!

তিনিই জান্নাত, জাহান্নাম, আরশ, কুরসীর মালিক। মহাবিশ্বের মহান অধিপতি, মহা রাজাধিরাজ, তিনিই আমাদের মাওলা, আল্লাহ রাব্বুল আলামীন।

তিনি অত্যন্ত পরাক্রমশালী। তাঁর প্রভাব ও প্রভুত্ব সকলের ওপর; তাঁর ওপর কারো প্রভাব বা প্রভুত্ব চলে না।

তিনি বড়ই দাতা। সমস্ত জীবের ও যাবতীয় চেতন-অচেতন পদার্থের আহার তিনি দান করেন। তিনিই রুযীর মালিক। রুযী কমানো-বাড়ানো তাঁরই হাতে। তিনি যার রুযী কমাতে ইচ্ছা করেন, তার রুযী কম করে দেন। যার রুযী বাড়াতে ইচ্ছা করেন, বাড়িয়ে দেন। তিনি যদি আমাদের রিযিক প্রদান করা বন্ধ করে দেন, তাহলে তিনি ছাড়া কে আছে যে আমাদেরকে রিযিক পৌঁছাবে?

তিনিই আমাদের পরওয়ারদেগার, আল্লাহ তাআলা, তিনি ন্যায়পরায়ণ, তাঁর কোনো কাজেই অন্যায় বা অত্যাচারের লেশমাত্র নেই। তিনি বড়ই সহিষ্ণু, অনেক কিছু সহ্য করেন। কত পাপিষ্ঠ তাঁর নাফরমানী করছে, তাঁর ওপর কত রকম দোষারোপ এবং তাঁর বিরুদ্ধে প্রতিবাদ করছে, এমনকি তাঁর একমাত্র মনোনীত ধর্ম ইসলামকে পৃথিবীর বুক থেকে মুছে ফেলার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে, তাঁর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হচ্ছে , তবুও তিনি এই অভাগাদের রিযিক বন্ধ করছেন না।

তিনি এমনই মেহেরবান ও দয়ালু যে, তাঁর নিকট দু'আ করলে তিনি তা মঞ্জুর করেন। তাঁর ভাণ্ডারে কোনো কিছুরই অভাব নেই, তিনি অভাবমুক্ত, তাঁর রহমতের ভান্ডার অপরিসীম। যদি পূর্ববর্তী ও পরবর্তী সকল মানুষ ও জ্বীন খোলা এক ময়দানে একত্রিত হয়ে আল্লাহ তাআলা-র কাছে চায়, আর তিনি প্রত্যেককে তার চাহিদা অনুপাতে দান করেন, তবুও তাঁর ভান্ডারসমূহে এই পরিমান কম হবে না যে পরিমাণ সমুদ্রে সুঁই ডুবিয়ে উঠালে পানি কম হয়ে যায়।

তিনি এমন দয়ালু যে, দয়া করে অনেকের গুণাহ তিনি মাফ করে দেন। তিনি ক্ষমাশীল। মানুষ পাপ করে যদি খাঁটিভাবে তাওবা করে, তবে তিনি তা কবুল করেন। যে শাস্তির উপযুক্ত, তাকে তিনি শাস্তি দেন। যাকে ইচ্ছা তাকে মাফ করে দেন। তিনিই হিদায়াত দেন। তিনি কখনো কোনো কিছু ভুলে যান না। মৃত্যুর পর সকলকে তাদের কৃত আমল সম্পর্কে তিনি অবহিত করবেন।

তিনিই আমাদের প্রভু, আল্লাহ তাআলা, তিনি এমনই গুণগ্রাহী এবং উদার যে, তাঁর আদৌ কোনো প্রয়োজন না থাকা সত্ত্বেও মানুষ তাঁর ইবাদত-বন্দেগী করলে এবং তাঁর আদেশ পালন করলে, তিনি তার বড়ই কদর করেন এবং সন্তুষ্ট হয়ে আশাতীতরূপে পুরস্কার দান করেন। আমাদের জন্য তিনি অনন্তকাল বসবাসের জান্নাত তৈরি করেছেন। হায়! আমরা কত অযোগ্য, কত নাদান, তারপরেও তিনি মুমিনদের 'নামমাত্র' চেষ্টার বদলে এত বিশাল বিশাল নেয়ামত দান করবেন। তাঁর চেয়ে বড় দাতা ও দয়ালু আরো কেউ আছে কি?

তিনিই বিধানদাতা। ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে বিধান দেওয়ার ক্ষমতা ও এখতিয়ার একমাত্র ও কেবলমাত্র তাঁরই। যে বা যারা তাঁর বিধান অনুযায়ী বিধান দেয় না, তাদেরকে তিনি কাফের, মুনাফেক ও ফাসেক আখ্যায়িত করেছেন।

তিনি জীবন দান করেন, ধন-সম্পদ দান করেন, বিদ্যা-বুদ্ধি দান করেন। এগুলোর কোনোটাই আমাদের নিজস্ব ক্ষমতা ও মেধায় অর্জিত নয়। বরং আমাদের মেধা ও ক্ষমতার সবটুকু তাঁরই দান।

তিনিই সব কর্ম সমাধানকারী। বান্দা চেষ্টা করবে, কিন্তু সেই কর্ম সমাধানের ভার তাঁরই কুদরতী হাতে ন্যস্ত।

তিনিই সবকিছু সৃষ্টি করেছেন এবং কিয়ামতের দিন পুনর্বার সকলকে জীবিত করবেন। তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু দেন। কে কখন মৃত্যুবরণ করবে এবং কি অবস্থায় পুনরুত্থিত হবে তা কেবল তিনিই জানেন।

তিনিই আমাদের পরম বন্ধু, আল্লাহ তাআলা, তিনি আমাদেরকে পথ দেখাতে কুরআন কারীম নাযিল করেছেন। জীবন বিধান ইসলাম দিয়েছেন। এমন কেউ কি আছে, কুরআনের অনুরূপ কোনো গ্রন্থ রচনা করতে পারবে? না, না, একটি সূরা কি কেউ রচনা করে দেখাতে পারবে? হোক না সমগ্র জ্বীনজাতি এবং মানবজাতি একত্রিত, একে অন্যের সহকারী! তবুও তারা পারবে কি? কক্ষনো পারবে না।

তিনিই আমাদের মাওলা, আল্লাহ তাআলা, তাঁর নিদ্রা নেই, ক্লান্তি নেই। সমস্ত বিশ্বজগতের রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানে তিনি বিন্দুমাত্রও ক্লান্ত হন না। তিনিই সমস্ত বিশ্বের রক্ষক, রাজাধিরাজ, একচ্ছত্র মহান অধিপতি।

সৎ ও মহৎ যত গুণ আছে, অনাদিকাল যাবৎ সে সব গুণ আল্লাহ তা'আলার মধ্যে আছে এবং চিরকাল থাকবে। কিন্তু কোনো দোষ-ত্রুটির লেশমাত্রও তাঁর মধ্যে নেই। তাঁর মাহাত্ম্য ও প্রশংসা বর্ণনা করার জন্য যদি পৃথিবীর সমস্ত বৃক্ষকে কলম বানানো হয়, সাত সমুদ্রের সাথে আরো সমুদ্র যোগ করে তার পানিকে যদি কালি বানানো হয়, তবুও তাঁর মাহাত্ম্য ও প্রশংসা বর্ণনা কোনোদিন শেষ হবে না।

বল, তাহলে আমরা কেন তাঁকে সবচেয়ে বেশি ভালোবাসবো না!!!

আমরা যাকে বা যাদেরকে ভালোবাসি তাদের মধ্যে কি এমন কোনো গুণ বিদ্যমান রয়েছে, যা আমাদের মহান রবের মাঝে আছে?

তারা কি অনন্ত, অসীম সৌন্দর্য ও গুণের অধিকারী? তারা কি আল্লাহ তাআলার মতো আমাকে ভালোবাসতে পারবে?

আমাদের কল্যাণ পৌঁছানোর কিংবা ক্ষতি সাধনের ব্যাপারে তাদের কোনো ক্ষমতা আছে কি?

যাদেরকে আমি ভালোবাসি, তাদের সাথে আমার বিচ্ছেদের জন্য মৃত্যুই কি যথেষ্ট নয়? মৃত্যুর পর আমি কার কাছে যাব? কে আমার বন্ধু হবে? কে আমার সাথী হবে? তিনি কি আমার আল্লাহ নন?

কবরের যিন্দেগীতে কে হবে আমার সাথী? হাশরের ময়দানে কে হবে আমার সঙ্গী? আমার প্রিয়জনেরা সেদিন কোথায় থাকবে? তারা কি আমা হতে পালাবে না? সেদিন কে আমাকে মনে রাখবে, আপন করে নিবে? যেদিন সূর্য আমার মাথার উপর থাকবে, সেদিন কে আমাকে আরশের নিচে স্থান দিবে? সেই কঠিন মুসীবতের সময় কে হবে আমার একমাত্র প্রিয়তম? তিনি কি আমার আল্লাহ নন?

পুলসিরাতে কে হবে আমার আপনজন? জান্নাতে কে হবে আমার পরম বন্ধু, রফীকে আ'লা? কে আমাকে জান্নাতুল ফিরদাউসে এমন নিয়ামত দিবেন, যা কোনো চোখ কোনোদিন দেখেনি, কোনো কান কোনোদিন শুনে নি, কোনো অন্তর কোনো দিন চিন্তাও করেনি? কার দীদারের স্বাদ ও মজার সামনে জান্নাতের অপরাপর সকল নেয়ামত ম্লান হয়ে যাবে? যার স্বত্তার দীদারের মতো আনন্দময় ও উপভোগ্য আর কিছুই হতে পারে না?

দুনিয়ার যিন্দেগীতেও তো আল্লাহ তাআলাই আমার সবচেয়ে পরম বন্ধু, কেননা সুখে দুখে আমি তাঁকেই কাছে পাই। তাঁর কাছেই আমার মনের আকুতি জানাই। কে আছে আমার আনন্দ ও গৌরব পরিমাপ করে? আমি তো 'ছুরাইয়া' তারকাও ভেদ করে উঠে যেতে চাই! ওগো আল্লাহ! তুমি যে ডেকেছ "ইয়া ইবাদী" (হে আমার বান্দা!) বলে! আর বানিয়েছো "আহমাদ ﷺ"-কে আমার নবী! আর আমিও যে বলতে পারি "রাব্বানা"(ওগো আমাদের রব!), আর বলি "আমার রাসূল"!

আমার মতো তৃপ্তি কার আছে এ ধরার বুকে! কে আছে আমার মতো এতো সুখী! সুখে-সংকটে যার অনুভব জুড়ে তিনি, যার অন্তরে তাঁর সান্নিধ্যের অনুভূতি তার মতো নির্ভার এই পৃথিবীতে আর কে আছে?

ওহে কাফেরের দল! শুনে রাখ্! আল্লাহ আমাদের মাওলা; কিন্তু তোদের তো কোনো মাওলা নেই!

তোদের কি সেই হৃদয় আছে উপলব্ধি করার- কী আছে, আর কী নেই! যার মাওলা আছে তার তো সব আছে। আমারতো মালিক আছে, অভিভাবক আছে; অশ্রু ফেলার জায়গা আছে, কৃতজ্ঞতা প্রকাশের ক্ষেত্র আছে। আমার তো এমন একজন আছে যাঁকে নিবেদন করা যায় সর্বোচ্চ ভক্তি, ভালোবাসা ও চূড়ান্ত আনুগত্য। সুখে-দুঃখে যাঁকে সর্বাবস্থায় ডাকা যায়, যাঁর নাম দিবানিশি জপা যায়, যাকে সিজদা করা যায়, যাঁর জন্য জীবনের বাজি লাগানো যায়; অশ্রু ও ঘাম, রক্ত ও প্রাণ বিসর্জন দেয়া যায়। যাকে পাবার জন্য কামান আর বোমার সামনে বুক টান করে দাঁড়ানো যায়। এ যার আছে তার তো সব আছে। আর যার নেই- হায়! তার তো কিছুই নেই। তার তো জীবনজুড়ে এক সর্বব্যাপী শূন্যতার হাহাকার! সে কোথায় যাবে? কার কাছে যাবে? কী করবে? কেন করবে? কেন তার জীবন? আর কেনই বা মৃত্যু? জীবনের অথৈ সাগরে তার অবলম্বনহীন যাত্রা!

اَللّٰهُمَّ ارْزُقْنِىْ حُبَّكَ وَحُبَّ مَنْ اَحَبَّكَ وَحُبَّ مَنْ يُّقَرِّبُنِىْ اِلٰى حُبِّكَ وَاجْعَلْ حُبَّكَ اَحَبَّ اِلَىَّ مِنَ الْمَآءِ الْبَارِدِ

"হে আল্লাহ! আপনাকে ভালোবাসার তাওফীক আমাকে দান করুন এবং আপনি যাদেরকে মহব্বত করেন, তাদেরকেও ভালোবাসার তাওফীক দিন। যে বস্তু বা ব্যক্তি আমাকে আপনার মহব্বতের নিকটবর্তী করে দেয়, সে বস্তুর মহব্বত আমাকে দান করুন। আর তৃষ্ণায় সুশীতল পানি অপেক্ষা আপনার মহব্বতকে আমার জন্য অধিক প্রিয় করুন।" (আল্লহুম্মা আমীন।)

অন্তরে আল্লাহ তাআলার মহব্বত বৃদ্ধির উপায় তিনটি:

১. দুনিয়াকে ছাড়া তথা, দুনিয়ার মহব্বত দীল হতে বের করা।

২. আল্লাহ তাআলার গুণাবলি নিয়ে বেশি বেশি চিন্তা করা।

৩. ইবাদত বন্দেগী যেমন: নামায, তিলাওয়াত ও যিকির ইত্যাদি বেশি বেশি করা। (কিমিয়ায়ে সাআদাত, খ. ৪, পৃ. ৩৭৫)

প্রিয় নবীজী ﷺ -কে কেন সবচেয়ে বেশি ভালোবাসব না!!!

- সর্বশ্রেষ্ঠ সৃষ্টি তিনি! সর্বোত্তম আখলাকের অধিকারী তিনি! আল্লাহর কাছে সবচেয়ে সম্মানিত ব্যক্তি তিনি!
- হযরত আদম আলাইহিস্ সালাম-এর অস্তিত্ব যখন মাটি, পানি ও কাদায় নিমগ্ন, তখনো তিনি নবী।
- তুমি তোমার কোনো দিনকে যদি ঈদে পরিণত করতে চাও, তাহলে তা যেন হয় মুহাম্মাদ ﷺ-এর সঙ্গে।
- তাঁর সীরাত লিখতে লিখতে কলম ক্লান্ত হয়ে গেছে। কলম যা লিখেছে তা অত্যন্ত মুগ্ধকর। কিন্তু বাস্তবতার সমুদ্রে তা এক ফোঁটার বেশি নয়।
- তিনি তাঁর যিন্দেগীকে রাঙিয়েছিলেন 'যুহদ' ও 'জিহাদের' রঙতুলি দিয়ে।
- তিনিই জগদ্বাসীর জন্য সর্বশেষ আসমানী পয়গামকে স্বাগত জানিয়েছেন।
- তাঁর যিন্দেগী ছিল কুরআন কারীমের বাস্তব নমুনা।
- নবীজী ﷺ-এর প্রশংসা করে ইতিহাস তাঁকে ধন্য করেনি, বরং তাঁর আলোচনায় ইতিহাস ধন্য হয়েছে।

মানুষের মাঝে সবচেয়ে উত্তম তিনি। বিভিন্ন উম্মতের মাঝে যে রাসূল প্রেরিত হয়েছেন তাঁদের মধ্যে সর্বোত্তম; যারা ইনসাফ করেছেন; তাঁদের মধ্যেও তিনি উত্তম। কঙ্কর তাঁর পবিত্র হাতে তাসবীহ পাঠ করেছে। পাথর তাঁকে সালাম জানিয়েছে। উট তাঁর কাছে অভিযোগ করেছে। বকরি তাঁর বিচ্ছেদে কেঁদেছে। তাঁর আঙুল থেকে পানি প্রবাহিত হয়েছে। বাঘ

তাঁর রিসালাতের সাক্ষ্য দিয়েছে। তাঁর বরকতে খাবার বৃদ্ধি পেয়েছে। বিষমাখা বকরির গোশত তাঁকে বিষের ব্যাপারে সতর্ক করেছে। মেঘ তাঁকে ছায়া দিয়েছে। পাখিরা তাঁর সঙ্গে কথা বলেছে। দোলনায় চাঁদ তাঁর সাথে খেলেছে। তাঁর আঙুলের ইশারায় চাঁদ দ্বিখণ্ডিত হয়েছে। তিনিই পৃথিবীর একমাত্র মানব যিনি এক রাতে সাত আসমান পরিভ্রমণ করেছেন, জান্নাত-জাহান্নাম দেখেছেন, পরম বন্ধু আল্লাহ তাআলার মেহমান হয়ে আরশে আযীমে গমন করেছেন।

তিনিতো সেরাদের সেরা, অভাবী ও দরিদ্রদের বন্ধু, আল্লাহ তাঁর বক্ষ উন্মুক্ত করেছেন। তাঁর আলোচনা সমুন্নত করেছেন। তাঁর মর্যাদা বৃদ্ধি করেছেন।

তিনি গরীব-মিসকিনদের সাথে মিসকিন হয়ে উঠাবসা করতেন। নবীদের ইমাম। শ্রেষ্ঠতম দানশীল। সত্যবাদী। তাঁকে দূর থেকে দেখে মানুষ সমীহ করত। যে কাছ থেকে অবলোকন করত, সে ভালোবাসত। কোমল স্বভাবের ছিলেন। রুঢ় ও নির্দয় ছিলেন না। সরলমনা ছিলেন। সর্বদা প্রফুল্ল থাকতেন। কোনো কিছুর সমালোচনা করতেন না। পরনিন্দায় লিপ্ত হতেন না। কল্যাণ ছিল তাঁর প্রতীক। খোদাভীতি ছিল তাঁর ভূষণ। উভয় কাঁধের মাঝে ছিল নবুওয়তের মোহর।

আল্লাহ তাআলা তাঁকে শ্রেষ্ঠত্ব দিয়েছেন সমস্ত নবীর উপর। তাঁকে নবীদের মধ্যে সর্বোত্তম বানিয়েছেন। বানিয়েছেন 'ইমামুল আম্বিয়া ওয়াল মুরসালীন'। তিনি হলেন 'রাহমাতুল্লিল আ'লামীন'। তাঁকে বানিয়েছেন গোত্রের মধ্যে সর্বোত্তম। তারপর বানিয়েছেন ঘরের মধ্যে সর্বোত্তম। অবশেষে বানিয়েছেন অন্তরের দিক দিয়ে সর্বোত্তম। সবশেষে তাঁকে

পাঠিয়েছেন কেয়ামত অবধি সকল মানুষের নিকট। তাঁকে পাঠিয়েছেন সুসমৃদ্ধ ও সুসংক্ষিপ্ত বাণী দিয়ে। তাঁর জন্যে গনিমত হালাল করেছেন। জমিনকে তাঁর জন্য মসজিদ বানিয়েছেন। মাটিকে তাঁর জন্যে পবিত্র ঘোষণা করেছেন।

তিনি জীবনের কোমল বাতাস পেয়েছেন এতীম অবস্থায়। দুনিয়ায় আসার পূর্বেই বাবাকে হারিয়েছেন। পিতৃহীনতার কালো চাদর তাঁর ভবিষ্যতের মুচকি হাসি ঢাকতে দেয়নি।

তাঁর জন্ম ছিল মানবতার পুনর্জন্ম। তিনি এমন ভোর নিয়ে এসেছেন, যা শিরকের কালরাতকে আলোয় উদ্ভাসিত করেছে। তাঁর শৈশব নিয়ে এসেছিল চারিত্রিক শিষ্টতা, পবিত্রতা ও নিষ্পাপতা।

যৌবনে পদার্পণ করেছেন মূর্তিপূজা থেকে দূরে থেকে। তাঁর আগমন নবুওয়তের গ্রহণযোগ্যতাকে ইতিহাসের অন্ধকার থেকে তুলে এনেছে। তাঁর রিসালাত প্রতিবন্ধক হয়েছে মানুষ ও মন্দ চরিত্রের মাঝে।

আপন সম্প্রদায়ের নিকট সত্যবাণী পেশ করেছেন। ফলে কুরাইশদের মূঢ়তার চূড়ান্ত রূপ তাঁর উপর প্রকাশ পেল। তারা উত্তেজিত হলো। তাঁর উপর ধেয়ে এল বিপদ-আপদ ও ঝড়-ঝাপটা । সবর করলেন। হিজরত করলেন। নবুওয়তের দায়িত্ব পালন করলেন।

দোলনা হতে ওফাত পর্যন্ত তাঁর যিন্দেগী সুস্পষ্ট। তাঁর গুনাবলি যেন প্রতিদিন নতুন নতুন আঙ্গিকে প্রকাশ পেত। মদীনায় স্থাপন করেন সবচেয়ে বড় রাষ্ট্রের ভিত্তি। যার ঘটনা ইতিহাসে জাজ্বল্যমান।

আল্লাহ তাআলা তাঁর রিযিক রেখেছেন বর্শা, ফলা আর তরবারির নীচে। তাঁকে প্রেরণ করেছেন বাতিল ও মিথ্যাকে জবাই করার জন্যে। আল্লাহ তাঁর বিরোধীদের করেছেন লাঞ্ছিত। তাঁর হাতে অর্পণ করেছেন জমিনের ধন-ভাণ্ডারের চাবি। তাঁর দেহে দিয়েছেন চল্লিশ জন জান্নাতী পুরুষের শক্তি।

ইসলাম প্রতিষ্ঠার জন্য, মানুষকে সত্য প্রভুর সাথে পরিচয় করিয়ে দেয়ার জন্য, মিথ্যাকে ধ্বংস করার জন্য কতই না কষ্ট সহ্য করেছেন তিনি। বরং তাঁকে যত কষ্ট দেয়া হয়েছে, তত কষ্ট অন্য কোনো নবী রাসূলকেও দেয়া হয়নি। তুমি কি দেখনি, মক্কার কুরাইশরা তাঁকে গালমন্দ করেছে, অপবাদ দিয়েছে, রক্তাক্ত করেছে, তাঁর উপর উটের ভুঁড়ি নিক্ষেপ করেছে? তায়েফে কি দেখনি, তাঁকে কিভাবে ক্ষত-বিক্ষত করা হয়েছে প্রস্তারাঘাতে? তাঁর দু'পা রক্তাক্ত হয়ে তাঁর জুতো রক্তে পূর্ণ হয়ে গেল। তুমি কি দেখনি, পাথরের আঘাতে তিনি কিভাবে পড়ে যাচ্ছিলেন, আর দুর্বৃত্তরা তাকে উঠিয়ে পুনরায় পাথর নিক্ষেপ করছিল, তবুও তিনি বলে যাচ্ছিলেন "প্রভু হে! ক্ষমা করো আমার জাতিকে, ওরা যে বুঝে না"?। আর ওহুদের যুদ্ধে? আহ! কুফ্ফারদের আঘাতে তাঁর ডান দিকের নীচের দাঁত ভেঙ্গে যায়, নীচের ঠোঁট আহত হয়। কপালে জখম হয়। তাঁর শিরস্ত্রাণের দুটো অংশ ভেঙ্গে তাঁর চোয়ালের ভেতরে ঢুকে যায়। অতঃপর মুসলমানদেরকে তাদের অজান্তে ফেলে মারার জন্য কুফ্ফাররা যে গর্ত খুড়ে রেখেছিল, তার একটিতে পড়ে যান তিনি। দ্বীনের জন্য তাঁর মতো কষ্ট ও ত্যাগ কে স্বীকার করেছে?

তাঁর নেতৃত্বে বহুসংখ্যক (ষাটোর্ধ) বৃহৎ ও ক্ষুদ্র, প্রত্যক্ষ (গায্ওয়া) ও পরোক্ষ (সারিয়্যা) অভিযান পরিচালিত হয়েছে। বড় বড় যুদ্ধের মধ্যে রয়েছে বদর, ওহুদ, খন্দক, মুতা, মক্কা বিজয়, হুনাইন, তবুক ইত্যাদি। তিনি ছিলেন বিশ্বের সর্বশ্রেষ্ঠ ও সফল সমরনায়ক। তাঁর দক্ষতা, সমর কুশলতা ও সাহসিকতা ছিল অনন্য! সৈন্য সমাবেশ, যুদ্ধ পরিকল্পনা, অবস্থান নির্ণয় ইত্যাদি ক্ষেত্রে তাঁকে কেউ অতিক্রম করে যেতে পারেনি। পরিবেশ-পরিস্থিতি, পটভূমি প্রাসঙ্গিক লক্ষণসমূহ এবং পরিণতি ইত্যাদি বিবেচনায় তিনি ছিলেন তুলনাহীন মেধাশক্তির অধিকারী। তাঁর বুদ্ধি বিবেচনা ছিল নির্ভুল এবং বিবেকের জাগ্রতাবস্থা ছিল গভীর তাৎপর্যমণ্ডিত।

তিনি নিজ হাতে গড়ে তোলেন মুসলিম সেনাপতিদের এক অপরাজেয় শক্তি, পরবর্তীতে যারা বিজয় করেছেন ইরাক, সিরিয়া, পারস্য ও রোম। যুদ্ধের মাধ্যমে মুশরিক ও কুফ্ফারদের শক্তি-সামর্থ্য ও অহংকার নস্যাৎ করেছেন। আল্লাহর দুশমনদের তাদের ভূ-খণ্ড, ধন-সম্পদ, ক্ষেত-খামার, বাগান, জলাশয় ইত্যাদি থেকে বহিষ্কার করেছেন। ফেতনা ফাসাদের মূল উৎপাটন করেছেন। আল্লাহর জমিনকে খেয়ানত, যুলুম-অত্যাচার, পাপাচার থেকে মুক্ত করে তার স্থলে শান্তি-নিরাপত্তা, দয়াশীলতা ও মানবতা প্রতিষ্ঠা করেছেন ।

অন্ধকার যুগে যেসব কারণে যুদ্ধের আগুন জ্বলে উঠত, তিনি সেসব কারণও বদলে দিয়েছেন। তখন যুদ্ধ মানে ছিল লুটতরাজ, হত্যা-ধ্বংস, যুলুম-অত্যাচার, অবিশ্বাস্য রকমের বাড়াবাড়ি, প্রতিশোধ গ্রহণ, দুর্বলের উপর সবলের অত্যাচার, জনপদ বিরান করা, বাড়ীঘর-অট্টালিকা ধ্বংস করা, নারীদের সম্মান ও সম্ভ্রম হানী করা, শিশু ও বৃদ্ধদের সাথে নিষ্ঠুর ও

নৃশংস আচরণ করা। এছাড়াও ক্ষেত-খামার ধ্বংস করা এবং পশুপাল হত্যা করা। তিনি যুদ্ধের এসব কার্যকলাপ বন্ধ করে যুদ্ধকে পরিণত করেন এক পবিত্র জিহাদে, যার ফলাফল হয় সর্বকালের মানুষের জন্য কল্যাণকর। তিনি অমুসলিমদেরও অধিকার প্রতিষ্ঠা করেছেন, ঘোষণা করেছেন, "কোনো মুসলমান যদি অনর্থক কোনো অমুসলমানকে হত্যা করে, তাহলে সে জান্নাতের গন্ধও পাবে না, অথচ জান্নাতের সুঘ্রাণ চল্লিশ বছরের দূরত্ব হতেও পাওয়া যাবে।"

তাঁর বন্দেগী (ইবাদত) আর যিন্দেগী (জীবন যাপন পদ্ধতি) ছিল সকলের জন্য "উস্‌ওয়াতুন হাসানাহ" (সর্বোত্তম আদর্শ)। তিনি যেমন ছিলেন 'মুজাহিদ'দের উস্তাদ, তেমনি ছিলেন 'যাহিদ'দের (দুনিয়াত্যাগীদের) প্রধান শিক্ষক। তিনি একক ব্যক্তিত্ব, যিনি সীরাত ও চরিত্রের চিত্র এঁকেছেন ওহীর কলম দিয়ে। যিনি তাঁর যিন্দেগী সাজিয়েছেন জিহাদ ও যুহদ (দুনিয়াত্যাগ) দিয়ে। দুনিয়া থেকে যৎ সামান্য গ্রহণের নিয়ম-নীতি তিনিই প্রথম রচনা করেন। তাঁর বাণী অন্তরকে স্বচ্ছ করে। জ্ঞানীদের বিনম্র করে।

যদি আমাকে জিজ্ঞেস করো তাঁর নামায সম্পর্কে-

নামাযে দাঁড়িয়ে থাকতে থাকতে তাঁর কদম মোবারক ফুলে যেত।

তাঁর যুহদ?	এক্ষেত্রে তাঁর কোনো উপমা নেই।
তাঁর দান?	তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ দানশীল।
তাঁর চরিত্র?	মহৎ! অতি মহৎ!
তাঁর ঘাম?	সুরভিত মেশকাম্বর!
তাঁর চেহারা?	উজ্জ্বল চাঁদও কিছু না!

তাঁর চোখ?	কাজল কালো!
তাঁর চুল?	রেশম যেন!
তাঁর পা?	সুকোমল, দুই পায়ে দীর্ঘসময় নামাযে দাঁড়িয়ে থাকতেন!
তাঁর কথা?	নূর ও মুক্তার মালা!
তাঁর মাজলিস?	যিকির ও তাসবীহ!
তাঁর নীরবতা?	ভাবনা ও ধ্যান-মগ্নতা!
তাঁর সহনশীলতা?	অত্যন্ত দয়ালু!
তাঁর বীরত্ব?	সাহসী বীর্যবান!
তাঁর নাম?	মুহাম্মাদ- চির প্রশংসিত!

যদি আমায় জিজ্ঞেস করো, তোমরা তাঁর সম্পর্কে কী বলো? আগে তোমরা নবীর জন্যে রহমতের দুআ করো এবং তাঁর প্রতি সালাম প্রেরণ করো!

واكرم منك لم ترقط عينى - واجمل منك لم تلد النساء

خلقت مبرأً من كل عيب - كأنك قد خلقت كما تشاء

আমার চোখ কখনো আপনার মতো সম্ভ্রান্ত কাউকে দেখেনি
কোনো মা আপনার চাইতে সুন্দর কোনো সন্তান জন্ম দেয়নি
আপনাকে সৃষ্টি করা হয়েছে সব ধরণের দোষ থেকে মুক্ত করে
যেন আপনি সৃষ্টি হয়েছেন আপনারই ইচ্ছানুসারে।

প্রকৃতি কখনো তাঁর মহত্ত্বের গান গেয়ে উঠে। সকলে জেঁকে বসে যেন নির্জীব, আপন স্থান-চ্যুত হবে না। আর কেনই বা এমন হবে না, আল্লাহ

তাআলাই তো তাঁর প্রশংসা করেছেন নিজ কিতাবে। আল্লাহ তাঁর মন-মস্তিষ্কের প্রশংসা করেছেন।

তিনি বলেছেন,

مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوَىٰ

"তোমাদের সাথী পথভ্রষ্ট হননি এবং বিপথগামীও হননি।" (৫৩ সূরা নজম:২)

তাঁর যবানের প্রশংসা করেছেন,

وَمَا يَنطِقُ عَنِ ٱلْهَوَىٰ

"তিনি প্রবৃত্তির তাড়নায় কথা বলেন না"। (৫৩ সূরা নজম:৩)

তাঁর সঙ্গী জিবরাঈলের প্রশংসা করেছেন,

عَلَّمَهُۥ شَدِيدُ ٱلْقُوَىٰ

"তাঁকে শিক্ষা দান করে এক বিশ্বস্ত শক্তিশালী ফেরেশতা।"(৫৩ সূরা নজম: ৫)

তাঁর অন্তরের প্রশংসা করেছেন,

مَا كَذَبَ ٱلْفُؤَادُ مَا رَأَىٰ

"রাসূল যা দেখেছেন সে ব্যাপারে তাঁর অন্তর মিথ্যা বলেনি।"
(৫৩ সূরা নজম: ১১)

তাঁর চোখের প্রশংসা করেছেন,

مَا زَاغَ ٱلْبَصَرُ وَمَا طَغَىٰ

"তাঁর দৃষ্টি বিভ্রম হয়নি এবং সীমালঙ্ঘনও করেনি।" (৫৩ সূরা নজম: ১৭)

তাঁর সিনার প্রশংসা করেছেন,

أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ

"আমি কি আপনার সিনাকে প্রশস্ত করে দেই নি?" (৯৪ সূরা ইনশিরাহ: ১)

তাঁর সাহাবীদের প্রশংসা করেছেন,

وَٱلَّذِينَ مَعَهُۥٓ أَشِدَّآءُ عَلَى ٱلْكُفَّارِ رُحَمَآءُ بَيْنَهُمْ

"তাঁর সহচরগণ কাফেরদের প্রতি কঠোর, নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল।" (৪৮ সূরা আল-ফাত্হ: ২৯)

তাঁর সবকিছুরই প্রশংসা করেছেন,

وَإِنَّكَ لَعَلَىٰ خُلُقٍ عَظِيمٍ

"নিশ্চয় তিনি মহান চরিত্রের অধিকারী।" (৬৮ সূরা কলম:৪)

مبرأ من ريب ودنس - وكيف وهو بماء الخلد مغسول

সন্দেহ, সংশয় ও মালিন্যমুক্ত হৃদয়ের অধিকারী
এমন হবে না কেন?
তিনি তো আবে হায়াত বিধৌত!

তিনি এমন এক সত্ত্বা, যাঁর উপর স্বয়ং আল্লাহ পাক দরূদ ও সালাম প্রেরণ করে থাকেন, সকল ফেরেশতাগণও তার প্রতি দরূদ পাঠ করেন, আর আল্লাহ তাআলা মুমিনদেরকেও তাঁর প্রতি দরূদ ও সালাম পেশ করতে হুকুম করেছেন।

যে তাঁর প্রতি একবার দরূদ পাঠ করে, আল্লাহ তাআলা তার প্রতি দশটি রহমত নাযিল করেন।

অন্যদিকে যে তাঁকে একটি কটুক্তি করেছে, আল্লাহ তাআলা তাকে দশটি গালি দিয়েছেন। তাকে জারজ আখ্যায়িত করেছেন, শূকরের সাথে তুলনা করেছেন। তাকে আযাবের সুসংবাদ প্রদান করেছেন। (৬৮ সূরা কলম)

রাসূল ﷺ-এর মাঝে সমাবেশ ঘটেছিল সব নবী-রাসূলের গুণাবলি। আল্লাহ তাআলা তাঁকে দিয়েছেন হযরত আদম আলাইহিস্ সালামের শ্রেষ্ঠাংশ। শীস আলাইহিস্ সালামের জন্ম। নূহ আলাইহিস্ সালাম-এর বাহাদুরি। ইবরাহীম আলাইহিস্ সালাম-এর সহনশীলতা। হযরত ইসমাঈল আলাইহিস্ সালামের ভাষা। ইসহাক আলাইহিস্ সালামের সন্তুষ্টি। সালেহ আলাইহিস্ সালামের বাকপটুতা। লুকমান আলাইহিস্ সালামের হিকমত। ইয়াকুব আলাইহিস সালামের সুসংবাদ। ইউসুফ আলাইহিস্ সালামের সৌন্দর্য। আইয়ূব আলাইহিস্ সালামের ধৈর্য। মূসা আলাইহিস্ সালামের শক্তি। ইউনুস আলাইহিস্ সালাম-এর তাসবীহ। ইউশা আলাইহিস্ সালাম-এর জিহাদ। দাউদ আলাইহিস্ সালাম-এর নেয়ামত। সুলাইমান আলাইহিস্ সালাম-এর দান। ইলিয়াস আলাইহিস্ সালাম-এর গাম্ভীর্য। খিযির আলাইহিস্ সালাম-এর ইল্‌ম। ইয়াহ্‌ইয়া আলাইহিস্ সালাম-এর পরহেযগারী। ঈসা আলাইহিস্ সালাম-এর যুহদ। তাঁর মর্যাদা সকলের মর্যাদা ছাড়িয়ে গেছে। তাঁর নূর সব নূরকে ছাড়িয়ে গেছে।

আল্লাহ তাআলা তাঁর উম্মতের কাতারকে ফেরেশতাদের কাতারের সমতুল্য করেছেন। তাঁর মুজিযা হলো- আল্লাহর কালাম। তাঁকে

দিয়েছেন বারবার পঠিত হয় এমন সাতটি আয়াত। আল্লাহ তাআলা তাঁর দ্বারা নবীদের ধারা সমাপ্ত করেছেন।

فاق النبيين في خلق وفي خلق - ولم يدا نوه في علم ولا كرم

নবীদের ছাড়িয়ে গেছেন সুন্দর গুণাগুণে ও জন-মানবে
জ্ঞান-গরিমা ও শান-মানে কেউ নেই তাঁর ধারে কাছে।

জান্নাতে সকলকে যার যার নামে ডাকা হবে, আর আদম আলাইহিস্ সালামকে ডাকা হবে আবু মুহাম্মাদ (মুহাম্মাদ ﷺ-এর পিতা) নামে। নবীজী ﷺ-এর সবকিছু সর্বোত্তম এবং তাঁর সাথে সম্পর্কিত সবকিছু সর্বোত্তম। তিনি নিজে শ্রেষ্ঠ নবী, রাসূলদের সর্দার তিনি, আম্বিয়াদের ইমাম তিনি। তাঁর কিতাব কুরআন কিতাবের মধ্যে সর্বশ্রেষ্ঠ, তাঁর বংশ দুনিয়াতে সর্বশ্রেষ্ঠ, আদম আলাইহিস্ সালাম থেকে তাঁর পিতা পর্যন্ত কেউ কখনো ব্যভিচার করেননি, কুরাইশ সর্বশ্রেষ্ঠ জাতি, তাঁর দাদা ও পিতা সর্বশ্রেষ্ঠ আরব, তাঁর ভাষা আরবি কবর, হাশর, জান্নাতের ভাষা, তাঁর জন্মভূমি মক্কা দুনিয়ার সর্বশ্রেষ্ঠ শহর, সেখানে রয়েছে বাইতুল্লাহ, কোটি কোটি মানুষ সেখানে হজ্জ ও ওমরা পালন করে। তাঁর হিজরতের স্থান মদীনা সর্বশ্রেষ্ঠ নগরী, যার হাওয়া রোগের নিরাময়, যেখানে তাঁর রওযা মুবারক অবস্থিত, কোটি মানুষ অশ্রুসিক্ত অবস্থায় সেখানে হাযির হয়, তাঁর রওযায় প্রতিদিন কোটি কোটি দরূদ ও সালাম পৌঁছানো হয়। তাঁর উম্মত সর্বশ্রেষ্ঠ উম্মত, তাঁর গুহার সাথী উম্মতের সর্বশ্রেষ্ঠ হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু, সকল জান্নাতের আকাঙ্ক্ষার পাত্র। তাঁর ঘনিষ্ঠ সাথী হযরত ওমর বিন খাত্তাব রদিয়াল্লহু আনহু, আল্লাহর হুকুমের ব্যাপারে সবচেয়ে কঠোর, জমিনের বুকে সর্বশ্রেষ্ঠ ইনসান, যার যোগ্যতা নবীদের মতো। তাঁর

সেনাপতি হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু ছিলেন ইতিহাসের শ্রেষ্ঠ বীর, সেনাপতি, তাঁর উপাধি ছিল "সাইফুল্লাহ" (আল্লাহর তরবারি), যাঁর হাতে আল্লাহ তাআলা পারস্য ও রোম সাম্রাজ্যের পতন ঘটান। তাঁর সাহাবীরা নবীদের পর মানবজাতির মধ্যে সর্বশ্রেষ্ঠ, তাঁদের কপালে সিজদার চিহ্ন শোভা পেত। তাঁর স্ত্রীরা নারীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ পুতপবিত্রা, তাঁর স্ত্রী আম্মাজান খাদিজা রদিয়াল্লহু আনহা জান্নাতের সর্বশ্রেষ্ঠ নারী, তাঁর কন্যা ফাতিমা রদিয়াল্লহু আনহা জান্নাতি মহিলাদের সর্দারনি, তাঁর স্ত্রী আম্মাজান আইশা রদিয়াল্লহু আনহা দুনিয়ার সর্বশ্রেষ্ঠ জ্ঞানী ও উম্মতের পথপ্রদর্শক। তাঁর বংশধারা সর্বশ্রেষ্ঠ, তাঁরা হলেন আহলে বাইত, লাখো দরূদ ও সালাম প্রতিদিন তাদের জন্য, যেখান থেকে শেষ যামানায় ইমাম মাহদী আলাইহিস্ সালাম-এর জন্ম হবে, যার হাতে দুনিয়ার তামাম বাতিল শক্তি ধ্বংস হবে, দাজ্জাল ও কুফ্‌ফারদের মূলোৎপাটন হবে।

কেয়ামতের দিন তাঁকে সুউচ্চ মর্যাদায় ভূষিত করা হবে। তিনি হবেন সকল আদম সন্তানের সর্দার। কবর হতে উত্থিত সর্বপ্রথম ব্যক্তি। কেয়ামতের দিন মানুষ একত্রিত হলে তিনি হবেন তাদের মুখপাত্র। হাশরের ময়দানের শোভাবর্ধনকারি। তাদের নৈরাশ্যের সময় সুসংবাদদাতা। তাঁর অনুসারী উম্মতের সংখ্যা হবে সর্বাধিক। তিনি হবেন সুপারিশের অধিকারী। দাঁড়াবেন আরশের ডানে। প্রথম সুপারিশকারী। প্রথম সুপারিশ কবুলকৃত ব্যক্তি। সেদিন তাঁর সুপারিশ যে লাভ করবে না, সে নিশ্চিত ধ্বংস হবে। বিদআতী ব্যতীত সেদিন সকল নেককার ও গুনাহগার মুমিন তাঁর শাফায়াতের দ্বারা উপকৃত হবে। সকল মানুষ যখন ভয়ে বিচলিত হয়ে নিজের যান বাঁচানোর জন্য আল্লাহ পাকের নিকট দোয়া

করতে থাকবে, ইয়া রব! নাফসী! ইয়া রব! নাফসী! (অর্থাৎ হে রব! আমার জান বাঁচাও।) সকল আম্বিয়ায়ে কেরামও যখন নিজের জানের জন্য দোয়া করতে থাকবেন,"ইয়া রব! নাফসী!", তখন কেবল তিনি উম্মতের জন্য দোয়া করতে থাকবেন, "ইয়া রব! উম্মাতী! উম্মাতী!" (অর্থাৎ হে আল্লাহ! আমার উম্মতকে বাঁচাও।) তাঁকে আল্লাহ তাআলা হাশরের ময়দানে হাউযে কাউসার দান করবেন। তাঁর হাউযে সবচেয়ে বেশি মানুষের সমাগম হবে। তিনিই সর্বপ্রথম জান্নাতের কড়া নাড়বেন। তাঁর হাতে থাকবে আল্লাহ পাকের ঝাণ্ডা ও জান্নাতের চাবি। নবীগণ থাকবেন তাঁর পতাকাতলে। তাঁর পিছে পিছে সকলে জান্নাতের দিকে চলবে, তাঁর জন্যই প্রথম জান্নাতের দরজা খোলা হবে। জান্নাতের সর্বোচ্চ স্থান ওয়াসিলা হবে তাঁর জন্য, যা আল্লাহ পাকের সর্বাপেক্ষা নিকটবর্তী হবে।

তিনিই হচ্ছেন দুজাহানের সরদার। সাইয়্যেদুল কাউনাইন। হযরত মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ ইবনে আব্দুল মুত্তালিব আল-হাশেমী ﷺ। আমাদের প্রাণপ্রিয় নবীজী ﷺ। তাঁর শানে লাখো কোটি দরূদ ও সালাম। এমন ব্যক্তিত্ব যিনি, এমন এক সত্ত্বা যিনি, তাঁকে কে না মহব্বত করবে! তাঁকে কে না ভালোবাসবে? তাঁর জন্য কে না নিজের জান বাজি ধরবে? নিজের পিতা-মাতা, স্ত্রী, সন্তান সন্ততি, এমনকি নিজের জীবনের চেয়েও বেশি কে না ভালোবাসবে!

সুতরাং,

যে নিজেকে ভালোবাসে, সে যেন নবীজী ﷺ-কে আগে ভালোবাসে!

যে নিজের শুভ পরিণতি আশা করে, সে যেন নবীজী ﷺ-এর সাথে মহব্বতের সম্পর্ক করে নেয়!

যার ভালোবাসার মতো একটি হৃদয় আছে, সে যেন তা আল্লাহর হাবীব ﷺ-কে সর্বাগ্রে প্রদান করে!

রাসূলুল্লাহ ﷺ-এর জন্য, তাঁর আহ্‌লে বাইতের জন্য আমার (লেখকের) জান, আমার পিতা-মাতা ও আমার খান্দানের সকলের জান কুরবান হোক! আল্লহুম্মা আমীন।

রাসূলুল্লাহ ﷺ-এর মহব্বত বাড়ানোর উপায়:

১. বেশি বেশি সীরাত পাঠ করা
২. বেশি বেশি দরূদ শরীফ পাঠ করা
৩. বেশি বেশি সুন্নতের উপর আমল করা

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "যে কোনো বান্দা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে মহব্বত রাখবে, তার দিকে দারিদ্রতা নিম্নমুখী পানির স্রোত অপেক্ষা অধিক দ্রুত গতিতে এগিয়ে আসবে। অতএব যে আল্লাহ ও তাঁর রাসূলকে মহব্বত করবে, সে যেন পেরেশানির জন্য ঢাল (সবর) নিয়ে প্রস্তুত থাকে।"

আল্লাহর রাহে জিহাদ করাকে কেন সবচেয়ে বেশি ভালোবাসব না!!!

জিহাদ একটি ফরয আমল:

✓আল্লাহ তাআলা ইরশাদ করেন,

كُتِبَ عَلَيْكُمُ ٱلْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ وَعَسَىٰٓ أَن تَكْرَهُوا۟ شَيْـًٔا وَهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسَىٰٓ أَن تُحِبُّوا۟ شَيْـًٔا وَهُوَ شَرٌّ لَّكُمْ وَٱللَّهُ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ

"তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। হতে পারে একটা বিষয় তোমাদের কাছে পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হয়তো বা কোনো একটি বিষয় তোমাদের কাছে পছন্দীয়, অথচ তোমাদের জন্য তা অকল্যাণকর। বস্তুতঃ আল্লাহ তাআলাই জানেন, তোমরা জান না।" (২ সূরা বাকারা: ২১৬)

✓আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ ٱلدِّينُ لِلَّهِ

"আর তোমরা তাদের সাথে ততক্ষণ পর্যন্ত লড়াই করতে থাকো, যে পর্যন্ত না (পৃথিবীর সকল) ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরি প্রতিষ্ঠিত হয়ে যায়।" (২ সূরা বাকারা: ১৯৩)

যতদিন পর্যন্ত পৃথিবীতে একজন কাফের অবশিষ্ট থাকবে, ততদিন পর্যন্ত পৃথিবীতে ফেতনা অবশিষ্ট থাকবে, যার কারণে কেয়ামত পর্যন্ত জিহাদ একটি ফরয হুকুম হিসেবে অবশিষ্ট থাকবে।

শাইখুল ইসলাম হযরত মাওলানা শাব্বীর আহমদ উসমানী রাহিমাহুল্লাহ বলেন, দুই কারণে কাফেরদের সাথে যুদ্ধ করা তোমাদের উপর ফরয-

ক. আল্লাহর দ্বীনকে বুলন্দ করা। (আক্রমনাত্মক বা Offensive জিহাদ)

খ. কাফেরদের হাতে নির্যাতিত মুসলমানদের মুক্ত করা। (প্রতিরক্ষামূলক বা আত্মরক্ষামূলক বা প্রতিরোধমূলক বা Defensive জিহাদ)

(তাফসীরে উসমানী, পৃ. ২৪৪)

মুসলিম সাম্রাজ্যের বা খিলাফতের কোন নির্দিষ্ট বর্ডার বা সীমানা নেই, সবটাই ফ্রন্টলাইন বা যুদ্ধক্ষেত্র। ততদিন পর্যন্ত জিহাদ চলবে যতদিন পর্যন্ত পৃথিবীর এক ইঞ্চি মাটিও আল্লাহ তাআলার বিধান প্রতিষ্ঠা থেকে খালি থাকবে এবং একজন মানুষও আল্লাহর দ্বীনের আওতার বহির্ভূত থাকবে।

সাধারণভাবে মুসলিম সাম্রাজ্যে যদি শান্তি বিরাজ করে তখন জিহাদ ফরযে কিফায়া থাকে, অর্থাৎ উম্মতের কিছু মানুষ জিহাদ করলে সকলের পক্ষে জিহাদ আদায় হয়ে যায়। এ জিহাদের মাধ্যমে কোনো কুফর রাষ্ট্রকে প্রথমে ইসলামের দাওয়াত দেয়া হয়, তা কবুল না করলে 'জিযিয়া কর' দাবী করা হয়, যদি এতে তারা সম্মত হয় তবে তাদের নিরাপত্তার ভার মুসলিমদের হাতে। মুসলমানরা নিজের রক্ত দিয়ে সেসকল অমুসলিমদের জান ও মালের হেফাযত করবে, বহিঃশত্রু থেকে তাদের রক্ষা করবে। আর কোনো অমুসলিম সম্প্রদায় কর দিতে সম্মত না হলে তরবারি দ্বারা

ফয়সালা করা হয়, যারা তরবারি দ্বারা মুজাহিদদের পথ রোধ করবে সেসব সৈন্যদেরকে হত্যা বা বন্দী করা হয়, তাদের নারীদেরকে দাসী-বাঁদী বানানো হয়। সেই ভূমি জয় করে তাতে আল্লাহর বিধান/আইন প্রতিষ্ঠা করা হয়, আর সামর্থ্যবান অমুসলিমদের কাছ থেকে কর আদায় করা হয়। এটি হলো "আল্লাহর দ্বীনকে বুলন্দ করা"র জিহাদ বা আক্রমনাত্মক (Offensive) জিহাদ। এই জিহাদ ফরযে কিফায়া।

কিন্তু পৃথিবীর কোনো এক প্রান্তে যদি একজন মুসলিমও কুফ্ফার কর্তৃক আক্রান্ত হয়, কোনো একজন মুসলমানের উপর ক্রুসেডার কর্তৃক শুধু তরবারি উত্তোলন করা হয়, মুসলিম ভূমির এক বিগত মাটিও যদি কুফ্ফাররা দখল করে নেয়, তখন সকল মুসলিম জাতির উপর জিহাদ সাধারণভাবে 'ফরযে আইন' হয়ে যায়। তখন আর কারো ঘরে বসে থাকার উপায় নেই। সক্ষম সকল যুবক, বৃদ্ধ, পুরুষ ও নারীর উপর হিজরত ও জিহাদ করা ফরযে আইন হয়ে যায়। **বর্তমান বিশ্ব পরিস্থিতিতে অবশ্যই জিহাদ "ফরযে আইন" তথা সকলের উপর ফরয।**

এটি হলো "প্রতিরক্ষামূলক বা প্রতিরোধমূলক" (Defensive) জিহাদ।

ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ বলেন-

"ইবনে আতিয়্যাহ রাহিমাহুল্লাহ বলেন, একথার উপর ইজমা চলে আসছে যে, উম্মতে মুহাম্মাদির প্রতিটি ব্যক্তির উপর জিহাদ ফরযে কিফায়া। যদি মুসলমানদের একাংশ তা আদায় করে, অন্যদের থেকে এর দায়িত্ব-ভার সরে যাবে। তবে শত্রু যদি কোনো ইসলামী ভূ-খন্ডে আগ্রাসন চালায়, তখন তা ফরযে আইন হয়ে যায়।" (তাফসীরে কুরতুবী, খ. ৩, পৃ. ৩৮)

ইবনুল হুমাম রাহিমাহুল্লাহ বলেন, "নফীরে আম- এর সময় জিহাদ ফরজে আইন হওয়াটা ইজমা দ্বারা সাব্যস্ত।" (ফাতহুল কাদীর, খ. ৫, পৃ. ৪৪০)

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যা রাহিমাহুল্লাহ বলেন,

"প্রতিরোধমূলক (Defensive) যুদ্ধ মুসলমানদের দ্বীন ও সম্মানের উপর আক্রমণকারীকে প্রতিরোধ করার সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর, যা সর্বসম্মতিক্রমে ফরয (ফরযে আইন)। যে আগ্রাসী শক্তি মুসলমানদের দ্বীন-দুনিয়া ধ্বংস করে, ঈমানের পর তাকে প্রতিরোধের চেয়ে গুরুতর ফরয দ্বিতীয় আরেকটি নেই। এই ক্ষেত্রে কোনো শর্ত প্রযোজ্য নয়, বরং সামর্থ্য অনুযায়ী প্রতিরোধ করতে হবে। আমাদের ও অন্যান্য (মাযহাবের) ফুকাহায়ে কেরাম সকলেই তা সুস্পষ্টভাবে বর্ণনা করেছেন।" (ফাতাওয়া আল কুবরা, খ. ৪, পৃ. ৬০৮)

শহীদ ড. আব্দুল্লাহ আযযাম রাহিমাহুল্লাহ তাঁর লিখিত **DEFENSE OF THE MUSLIM LANDS** (মুসলিম ভূমির প্রতিরক্ষা) কিতাবে লিখেন, "ঈমান আনার পর প্রথম ফরয হচ্ছে, মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা। যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণের জায়গাও কুফ্ফাররা দখল করে নেয়, তখন প্রত্যেক মুসলিম নর ও নারীর উপর জিহাদ ফরযে আঈন হয়ে যায় (সবার উপর ফরয হয়ে যায়)। ঐ মুহূর্তে জিহাদে বের হওয়ার জন্য পিতা-মাতার কাছ থেকে তার সন্তানের অনুমতি নেয়ার প্রয়োজন হয় না এবং স্বামীর কাছ থেকে তার স্ত্রীরও অনুমতি নেয়ার প্রয়োজন পড়ে না।"

মুফতী শফী রাহিমাহুল্লাহ বলেন, "এমনিভাবে আল্লাহ না করুন, কখনো যদি কাফেররা কোনো ইসলামী রাষ্ট্রে আক্রমণ করে এবং প্রতিরোধের জন্য নির্ধারিত বাহিনী তাদের প্রতিরোধে যথেষ্ট না হয়, তখন উক্ত ফরয তাদের অতিক্রম করে পার্শ্ববর্তী সকল মুসলমানের উপর আরোপিত হয়। তারাও যদি সক্ষম না হয়, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর এবং এভাবে ক্রমান্বয়ে সমগ্র বিশ্বের প্রত্যেক মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে যায়। তবে স্বাভাবিক অবস্থায় (যখন কুফ্ফারদের কোনো আগ্রাসন থাকে না, তখন) জিহাদ ফরযে কিফায়া।" (তাফসীরে মাআরেফুল কুরআন, খ. ৪, পৃ. ৩৩৫-৩৩৬, রদ্দুল মুহতার, খ.৩, পৃ. ২৩৮)

বর্তমান যামানাই সেই যামানা, যখন পৃথিবীর প্রতিটি মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে গিয়েছে। সারা পৃথিবী জুড়ে আজ মুসলমানরা কুফ্ফার কর্তৃক আক্রান্ত। যেই সকল মর্দে মুজাহিদ জিহাদ করছেন, তারা এই সকল কুফ্ফারদের প্রতিরোধ করতে ব্যর্থ হচ্ছেন। কারণ হচ্ছে- মুজাহিদদের সংখ্যার অপ্রতুলতা, শক্তি সামর্থ্যের ঘাটতি, অন্যদিকে ক্রুসেডাররা মুসলিম মুজাহিদদের থেকে সংখ্যায় অনেক বেশি, তারা অনেক বেশি সশস্ত্র, তাদের অস্ত্রগুলো অনেক বেশি উন্নত ও আধুনিকতাসম্পন্ন। এক কথায়, বর্তমানে পৃথিবীতে যেখানে যেখানে মুজাহিদ বাহিনী আছে, তা কুফ্ফারদের প্রতিরোধের জন্য যথেষ্ট নয়। এসকল কারণে, এই ফরজ হুকুম বিশ্বের অপরাপর সকল মুসলমানের উপর বর্তিয়েছে। যতক্ষণ পর্যন্ত ক্রুসেডারদের আগ্রাসন বন্ধ না হবে, পৃথিবীর কোনো মুসলমান এই ফরয হুকুম থেকে বাঁচতে পারবে না।

"যখন মুসলমানদের পক্ষ থেকে শত্রু প্রতিরোধের প্রয়োজন তীব্র হয়, তখন নিঃসন্দেহে জিহাদ সকল ইবাদত থেকে উত্তম। যেমন খন্দকের যুদ্ধে রাসূলে কারীম ﷺ-এর চার ওয়াক্ত নামায কাযা হওয়ার ঘটনা থেকে বিষয়টি পরিষ্কার।" (তাফসীরে মাআরেফুল কুরআন, খ.৪, পৃ. ৩৩৫-৩৩৬)

তাহলে একটু চিন্তা করুন, জিহাদ ফরযে আইন অবস্থায় যদি জিহাদ করতে গিয়ে আল্লাহর রাসূলের ﷺ চার ওয়াক্ত নামায কাযা হয়ে গিয়ে থাকে, তাহলে বর্তমান বিশ্ব পরিস্থিতিতে মাদরাসা, খানকাহ, তাবলীগ, রাজনীতি, কিতাবাদি রচনা, চাকুরী, ব্যবসা ইত্যাদি অন্যান্য সকল কাজে ব্যস্ত থাকাটা কতটুকু শরীয়ত সম্পন্ন হবে? জিহাদ বাদ দিয়ে এসব দ্বীনী খেদমত কিংবা দুনিয়াবী কাজে ব্যস্ত থাকাটা কি নবীওয়ালা দ্বীন? নবীওয়ালা মেজাজ (প্রকৃত দ্বীন) তো এটাই যে, জিহাদের প্রয়োজনে একান্ত অপারগতায় নামায ছোটে যেতে পারে, কিন্তু জিহাদের ব্যাপারে কোনো গাফলতী চলবে না, কেননা নামায যে শরীয়তের বিধান, খোদ সেই শরীয়ত এবং পাশাপাশি গোটা উম্মতের অস্তিত্ব নির্ভর করে এই জিহাদের উপর ।

বর্তমান বিশ্ব পরিস্থিতিতে, জিহাদ এমন ভাবে ফরয হয়ে গিয়েছে যে, যদি জিহাদ করার মতো একজন উম্মতও থাকে, তবে তাকেও জিহাদ করতে হবে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

فَقَاتِلْ فِى سَبِيلِ ٱللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ

"(হে নবী!) আপনি (একা হলেও) আল্লাহর পথে কিতাল (যুদ্ধ) করুন; আপনার আপন সত্তা ব্যতীত অন্য কারো দায় আপনার উপর বর্তাবে না (আপনার ডাকে অন্য কেউ যদি জিহাদ না করে তাহলে এজন্য আপনি দায়ী নন)।" (৪ সূরা নিসা: ৮৪)

ইবনে আতিয়্যাহ আন্দালুসি রাহিমাহুল্লাহ উক্ত আয়াতের তাফসীরে বলেন,

"বাহ্যত দেখা যায়, এ আয়াতের আদেশ শুধু রাসূল ﷺ-এর একার জন্য। তবে কোনো হাদীসেই আমরা এ কথা পাইনি যে, কোনো যামানায় জিহাদ উম্মত বাদে শুধু রাসূলের উপর ফরয ছিল। (কাজেই) ওয়াল্লাহু আ'লাম- (আয়াতে) বাহ্যত রাসূল ﷺ-কে সম্বোধন করা হলেও এটি পৃথক পৃথক সকলকে বলাই উদ্দেশ্য। অর্থাৎ হে মুহাম্মাদ! আপনি এবং আপনার উম্মতের সকলের প্রতিই নির্দেশ হলো, "তুমি (একা হলেও) আল্লাহর রাস্তায় কিতাল (যুদ্ধ) কর। তোমার উপর তোমার নিজের ছাড়া অন্য কারো দায়ভার বর্তাবে না।" এজন্য প্রতিটি মুমিনের এই অনুভূতি রাখা উচিত যে, সে একা হলেও জিহাদ করবে।

একই অর্থ বহন করছে রাসূল ﷺ-এর এ বাণী, "আল্লাহর কসম! আমার গর্দান পৃথক হয়ে যাওয়া পর্যন্ত অথবা আমি একা হয়ে গেলেও তাদের বিরুদ্ধে জিহাদ করে যাবো।"

একই অর্থ বহন করছে হযরত আবু বকর রদিয়াল্লাহু আনহুর এ বাণী, "আর এ যুদ্ধে আমার ডান হস্ত আমার সঙ্গ না দিলে বাম হস্ত দিয়েই (অর্থাৎ কেউ আমার সাথে না থাকলে) আমি (একাই) তাদের (অর্থাৎ মুর্তাদদের) বিরুদ্ধে জিহাদ করে যাবো।"

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَمَا لَكُمْ لاَ تُقَاتِلُونَ فِى سَبِيلِ ٱللَّهِ وَٱلْمُسْتَضْعَفِينَ مِنَ ٱلرِّجَالِ وَٱلنِّسَآءِ وَٱلْوِلْدَانِ ٱلَّذِينَ يَقُولُونَ رَبَّنَآ أَخْرِجْنَا مِنْ هَـٰذِهِ ٱلْقَرْيَةِ ٱلظَّالِمِ أَهْلُهَا وَٱجْعَلْ لَّنَا مِن لَّدُنْكَ وَلِيّاً وَٱجْعَلْ لَّنَا مِن لَّدُنْكَ نَصِيراً

"আর তোমাদের কি হলো যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদেরকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে যালেম, অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও।" (৪ সূরা নিসা: ৭৫)

আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,

قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ ٱللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُّؤْمِنِينَ

"যুদ্ধ কর তাদের সাথে, আল্লাহ তোমাদের হাতে তাদের শাস্তি দিবেন। তাদের লাঞ্ছিত করবেন, তাদের বিরুদ্ধে তোমাদের জয়ী করবেন এবং মুসলমানদের অন্তরসমূহ শান্ত করবেন।" (৯ সূরা তাওবা: ১৪)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "তুমি আল্লাহ তাআলার রাস্তায় অবশ্যই হিজরত করতে থাক। কেননা হিজরতের ন্যায় কোনো আমল নেই। অর্থাৎ হিজরত সবচেয়ে উত্তম আমল।" (নাসাঈ)

একজন জিহাদ প্রেমিকের ঐতিহাসিক চিঠি:

'ইমামুল জিহাদ' হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহর নাম শুনেনি এমন কোনো মুজাহিদ পৃথিবীতে আছে কিনা আমার জানা নেই। যদি থেকে থাকে, তবে এটি মুজাহিদ হিসেবে বড় অন্যায়। তাঁর ছিল অসাধারণ মেধা, অতলান্ত জ্ঞান, সীমাহীন খোদাভীতির পাশাপাশি উন্নত রুচি, শানিত ব্যক্তিত্ব, প্রখর বুদ্ধিমত্তা ও জিহাদের ময়দানে অসাধারণ বীরত্ব। এছাড়া তিনি ছিলেন ইলম ও আহলে ইলমের পৃষ্ঠপোষক, গরীব মিসকীনের দরদী বন্ধু, ওলী আল্লাহ, যাহিদ, আবিদগণের চোখের মনি। নির্যাতিত, নিপীড়িত, অসহায় মুসলমানদের জন্য তার ধমনীতে তপ্ত শোনিত ধারা প্রবাহিত হতো।

তিনি ছিলেন যুগের শ্রেষ্ঠ আলেম। তিনি নিজেই বলেন,"আমি চার হাজার শাইখ থেকে ইলম অর্জন করেছি।" ইমাম আহমদ বিন হাম্বল রাহিমাহুল্লহ বলেন, 'আব্দুল্লাহ ইবনে মুবারকের যুগে তাঁর চেয়ে অধিক ইলম অন্বেষণকারী আর কেউ ছিল না।' ইলম হাছিলের উদ্দেশ্যে তিনি তৎকালীন বিশ্বের বড় বড় কেন্দ্র যথা: মক্কা, মদীনা, শাম, মিশর, ইয়ামান, কুফা, বসরা, জাযীরা প্রভৃতি এলাকা ভ্রমণ করেন।

তিনি ছিলেন হাদীস শাস্ত্রেরও ইমাম। ইমাম বুখারী রাহিমাহুল্লাহর উস্তাদ ইমাম আলী ইবনে মাদীনী রাহিমাহুল্লাহ বলেন, ইলম দুই ব্যক্তি পর্যন্ত গিয়ে সমাপ্ত হয়েছে। একজন হলেন আব্দুল্লাহ ইবনুল মুবারক। দ্বিতীয় জন ইয়াহইয়া ইবনে মায়ীন।"

তিনি ফিকাহ শাস্ত্রেরও ইমাম ছিলেন। ইয়াহহিয়া বিন আদম বলেন, "আমি যখন সূক্ষ্ম মাসআলাসমূহ তালাশ করি এবং তা ইবনুল মুবারকের

রচনাবলীতে না পাই, তখন আমি তা অন্য কোথাও পাওয়ার ব্যাপারে হতাশ হয়ে যাই।" এই ছিল ফিক্হ শাস্ত্রে আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহর স্থান। কিন্তু তাঁর এই পর্যায়ে পৌঁছা কোন্ মহান ব্যক্তিত্বের অনুগ্রহের ফসল ছিল তা তাঁর মুখ থেকেই শুনুন। তিনি বলেন, "আমি ফিক্হ ইমাম আবু হানীফা থেকে অর্জন করেছি।"

এই মহান ব্যক্তিত্বের জীবনের একটি উজ্জ্বল দিক হলো তিনি অসাধারণ পাণ্ডিত্যের পাশাপাশি একজন অসম সাহসী বীরপুরুষও ছিলেন। জীবনের বিপুল সময় তিনি ইসলামী রাষ্ট্রের সীমান্তবর্তী এলাকাসমূহে কাফিরদের সাথে জিহাদ করে কাটিয়েছেন। তাঁর জীবনীতে পাওয়া যায় তিনি "ত্বরাসূস" নগরীতে বহুবার জিহাদের উদ্দেশ্যে গিয়েছিলেন। জিহাদের ময়দানে তিনি ছিলেন একজন পরীক্ষিত বীর সেনানী। তাঁর সহযোদ্ধাগণ জিহাদের ময়দানে তাঁর অসাধারণ বীরত্বের চমকপ্রদ ঘটনাবলী বর্ণনা করেছেন।

আবদাহ বিন সুলায়মান মারওয়াঝী বলেন, আমরা রোমের ভূ-খণ্ডে ইবনে মুবারকের সাথে এক বাহিনীতে ছিলাম। এক সময় আমরা যুদ্ধক্ষেত্রে শত্রুর মুখোমুখি হলাম। উভয়পক্ষ সারিবদ্ধ হল। এমন সময় শত্রু সৈন্যের এক ব্যক্তি বের হয়ে এসে আমাদেরকে দ্বৈতযুদ্ধের আহ্বান করল। তখন আমাদের সারি থেকে এক ব্যক্তি বের হলেন এবং লোকটিকে হত্যা করলেন। শত্রু সারি থেকে দ্বিতীয় আরেকজন বের হয়ে আসল। তিনি তাকেও হত্যা করলেন। তৃতীয় জন আসলে তাকেও হত্যা করলেন। অতঃপর তিনি তাদেরকে মোকাবেলার জন্য আহ্বান করতে লাগলেন। শত্রু সারি থেকে চতুর্থ এক ব্যক্তি বের হয়ে আসল। তিনি তার সাথে

কিছুক্ষণ লড়াই করার পর তাকেও হত্যা করলেন। তখন লোকেরা তাঁকে দেখবার জন্য ভীড় করতে লাগল কিন্তু তিনি তার পরিধেয় বস্ত্রের প্রান্ত দ্বারা তার মুখ ঢেকে রাখছিলেন। আমি তার কাপড়ের প্রান্ত ধরে টান দিলাম, ফলে তার মুখ অনাবৃত হয়ে গেল। দেখলাম, তিনি আব্দুল্লাহ ইবনে মুবারক। এজাতীয় বীরত্বের ঘটনা আরো বহু আছে। এক ময়দানে তিনি এরূপ দ্বৈতযুদ্ধে একের পর এক ছয়জন রোমান বীরকে হত্যা করেন।

যাইহোক, একবার বিখ্যাত আবেদ হযরত ফুযাইল বিন ইয়াজ রাহিমাহুল্লাহ হযরত আব্দুল্লাহ ইবনুল মুবারক রাহিমাহুল্লাহ কে বাইতুল্লায় এসে রমযান মাসে নফল উমরাহ, সুন্নত ইতিকাফ করার পরামর্শ দিয়ে চিঠি লিখেন। কেননা বাইতুল্লায় এক রাকাত নামায আদায় করলে এক লক্ষ রাকাতের সওয়াব হয়। কাবাঘরের দিকে তাকালে প্রতি পলকে এক লক্ষ নেকী। সেখানে গেলে ঈমান চাঙ্গা হয়। সারা দুনিয়ার আল্লাহর ওলীরা এখানে আসেন, তাঁদের সোহবত মিলবে। রমযান মাসে তো সওয়াবের কোনো হিসাবই নেই। তাছাড়া মদীনা শরীফে এক ওয়াক্ত নামাযে পঞ্চাশ হাজার রাকাতের সাওয়াব মিলবে। আল্লাহর রাসূল ﷺ এখানে আছেন। তাঁর সোহবতে থাকা যাবে। তাই এত লাভের আমল ছেড়ে এত কষ্ট করে জিহাদের ময়দানে থাকার কী দরকার!

জবাবে হযরত আব্দুল্লাহ ইবনুল মুবারক রাহিমাহুল্লাহ এক ঐতিহাসিক চিঠি লিখেন। তিনি লিখেন,

ওহে হারামাইনের আবেদ ব্যক্তি!
যদি তুমি আমাদের অবস্থা দেখতে তবে বুঝতে যে, তুমি ইবাদতের ব্যাপারে খেল তামাশায় নিমজ্জিত আছো।
যদি কারো গলদেশ চোখের পানিতে সিক্ত হয়, তবে আমাদের বুক রক্তে রঞ্জিত হয়।
কেউ যদি কল্পনার রাজ্যে তার ভাবনার ঘোড়াকে ক্লান্ত করে, তবে আমাদের ঘোড়াসমূহ যুদ্ধের দিনে পরিশ্রান্ত হয়।
তোমাদের জন্য রয়েছে "আবীরের" সুবাস আর আমাদের আবীর হলো 'ঘোড়ার খুরের আঘাতে উত্থিত সুবাসিত ধূলা।
(খোদার কসম!) আমাদের নিকটে আমাদের নবীর সত্য ও সঠিক বাণী পৌঁছেছে যে, আল্লাহর পথের ধূলা ও জাহান্নামের আগুন কখনো মুজাহিদের নাসারন্ধ্রে একত্রিত হবেনা।
আল্লাহর কিতাব আমাদের মাঝে সত্যকথা বলে, আল্লাহর পথের শহীদ কখনো মৃত নয়।

চিঠিটি হাতে পেয়ে হযরত ফুযাইল রাহিমাহুল্লাহ কান্না শুরু করে দেন এবং বলেন, ইবনুল মুবারক আমাকে অনেক নসীহত করেছে! সে সত্য বলেছে।

এই চিঠিটি আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষতঃ চিঠিটির প্রথম স্তবকটি আবেদ ব্যক্তিদের জন্য অনেক বড় একটি নসীহত। মক্কা-মদীনার হেরেম শরীফে ইবাদত করা, সেখানে ইতিকাফ করা, আল্লাহর

রাসূলের রওযা মুবারকে জীবনে একবার অন্ততঃ সালাম দিতে পারা কতই না সৌভাগ্যের বিষয়! কিন্তু যে সকল লোক জিহাদ ত্যাগ করে "হারামাইন শরীফাইন"-এ সওয়াবের আশায় যিন্দেগী কাটায় তাদের ব্যাপারে হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহ কেন বললেন যে, "এরা ইবাদতের নামে আল্লাহ তাআলার সামনে মূলতঃ খেল-তামাশায় লিপ্ত", বিষয়টি আমাকে খুব ভাবিয়ে তুলে। বিষয়টি নিয়ে আমি (লেখক) অনেক চিন্তা ভাবনা করি- কেন আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহ একথা বললেন, আর তাঁর বন্ধু ফুযাইল রাহিমাহুল্লাহ কী বুঝে কাঁদলেন! আপনারা কি কিছু বুঝতে পেরেছেন???

বিষয়টি বুঝার জন্য আল্লাহ তাআলার কাছে খুব দুআ করতে থাকলাম, অবশেষে আল্লাহ তাআলার অশেষ অনুগ্রহে কিছু কথা বুঝে আসে। আল্‌হামদুলিল্লাহ!

তাই এই বিষয়ে কিছু লিখা প্রয়োজন মনে করছি। হযরত আব্দুল্লাহ ইবনুল মোবারক রাহিমাহুল্লাহ হয়তো তাঁর বন্ধুকে এই কথাগুলোই বুঝাতে চেয়েছিলেন-

ইবাদত নিয়ে খেল-তামাশা!!!

❖ ওহে ইবাদতকারী! ওহে 'আল্লাহ তাআলার সন্তুষ্টি' অন্বেষণকারী!

তোমার ইবাদতের লক্ষ্য কি? তোমার ইবাদতের লক্ষ্য যদি হয়ে থাকে "আল্লাহর সন্তুষ্টি", তাহলে তো তুমি ময়দানের ইবাদত করতে, কেননা, আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় আমল হলো "তাঁর রাহে জিহাদ করা"।

দলীল: হযরত আবু সালেহ রদিয়াল্লহু আনহু বলেন, তাঁরা (কয়েকজন সাহাবী) আলোচনা করছিলেন, "যদি আমরা জানতে পারতাম, কোন্ আমলটি সর্বোত্তম বা আল্লাহ তাআলার নিকট অধিক পছন্দনীয়!" তখন নাযিল হলো..... يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَٰرَةٍ (৬১ সূরা ছফ:১০) আয়াতটি। (কিতাবুল জিহাদ, আব্দুল্লাহ ইবনুল মুবারক রহ., পৃ. ৮১)

যদি তুমি সত্যিই ইবাদত করাকে ভালোবেসে থাক আর তুমি যদি এমন একটি ইবাদতের সন্ধানকারী হও, যেটিতে আল্লাহপাক তোমার উপর সর্বাধিক সন্তুষ্ট হবেন, এমন আমলের সন্ধান পেলে তুমি আমৃত্যু তা করে যেতে, তাহলে সে তো 'জিহাদ ফী সাবিলিল্লাহ্'। কেননা, একবার কয়েকজন আনসারী সাহাবী, যাদের মধ্যে আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহুও ছিলেন, তাঁরা এমন একটি আমল তালাশ করছিলেন। তখন তাদের ব্যাপারেও যে আয়াতসমূহ নাযিল হয়, তা হলো সূরা ছফের আয়াতসমূহ। অতঃপর হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু শাহাদাত লাভের আগ পর্যন্ত জিহাদে লিপ্ত ছিলেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّ ٱللَّهَ يُحِبُّ ٱلَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِۦ صَفًّا كَأَنَّهُم بُنۡيَٰنٌ مَّرۡصُوصٌ

"নিশ্চয় আল্লাহ তাআলা তাদেরকে ভালোবাসেন, যারা তাঁর পথে এমনভাবে সারিবদ্ধ হয়ে লড়াই করে, যেন তারা এক শিশাঢালা সুদৃঢ় প্রাচীর।" (৬১ সূরা ছফ: ০৪)

এক হাদীসে জীব্রীলে বর্ণিত আছে, "আল্লাহ তাআলা বান্দাদের তিনটি কাজ অত্যন্ত পছন্দ করেন, **এক.** জান-মাল খরচ করে আল্লাহর রাস্তায় জিহাদ করা, **দুই.** গোনাহের জন্য অনুতপ্ত হয়ে ক্রন্দন করা এবং **তিন.** ক্ষুধার কষ্ট সহ্য করতঃ ছবর করা।" (মুনাব্বেহাত, হাফেয ইবনে হজর রহ.)

❖ ওহে সওয়াব প্রত্যাশী!

তুমি যদি ইবাদত করে থাক অধিক সওয়াবের আশায়, তাহলে তোমার জানা উচিত ছিল, জিহাদই হলো সর্বোত্তম, লাভজনক ব্যবসা, অল্প পরিশ্রমে অনেক বেশি মুনাফা লাভ হয়।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ هَلۡ أَدُلُّكُمۡ عَلَىٰ تِجَٰرَةٍ

"মুমিনগণ, আমি কি তোমাদেরকে উত্তম ব্যবসার সন্ধান দিব না....।"
(৬১সূরা ছফ:১০)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, আল্লাহর পথে একদিন সীমান্ত প্রহরা দেয়া হাজার দিন রোযা রাখা এবং হাজার রাত্রি ইবাদত করার চেয়ে উত্তম।

(তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ)

তিনি আরো ইরশাদ করেন, "যে ব্যক্তি সীমান্ত প্রহরারত অবস্থায় মৃত্যুবরণ করবে, সে কবরের আযাব থেকে মুক্তি পাবে এবং তার সকল আমল সে যেভাবে করত, তার চেয়ে উত্তমভাবে কিয়ামত দিবস পর্যন্ত বৃদ্ধি পেতে থাকবে।" (মুসলিম)

রাসূলুল্লাহ ﷺ বলেন,"যে আল্লাহর পথে (জিহাদের ময়দানে) একটি তাকবীর দিবে, কিয়ামত দিবসে তা মীযানে এমন পাথরের আকার ধারণ করবে, যা আসমান, যমীন ও তার মাঝের সবকিছুর চেয়ে বেশি ভারী হবে। আর যে আল্লাহর পথে উচ্চস্বরে "লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার" বলবে, আল্লাহ তাআলা তার জন্য 'মহাসন্তুষ্টি' লিখে দিবেন, তাকে মুহাম্মাদ ﷺ, ইবরাহীম আলাইহিস্ সালাম ও সকল নবীর সাথে একত্রিত করবেন।" (তানযীহুশ শরীয়াহ, খ. ২, পৃ. ১৭৮)

ফকীহ আবুল লাইস সমরখন্দী রাহিমাহুল্লাহ বলেন, "মহাসন্তুষ্টি"-এর ব্যাখ্যায় মতভেদ রয়েছে। কেউ বলেন, তা আল্লাহ তাআলার দীদার। আবার কেউ বলেন, তা আল্লাহর এমন সন্তুষ্টি, যার পর তিনি অসন্তুষ্ট হবেন না।

একব্যক্তি রাসূলুল্লাহ ﷺ-এর দরবারে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি যদি আমার সম্পদ দান করি, তাহলে কি আল্লাহর পথে মুজাহিদদের আমলে পৌঁছতে পারব? রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমার সম্পদের পরিমাণ কত? লোকটি বলল, ছয় হাজার দিরহাম। তখন রাসূলুল্লাহ ﷺ বললেন, "যদি তুমি তা (সবটুকু) দান করে দাও, তবে তা আল্লাহর পথে মুজাহিদের ঘুমের সমানও হবে না।" (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৪৩৮)

এক ব্যক্তি আব্দুর রহমান ইবনে আওফ রদিয়াল্লহু আনহুর সাথে তাঁর বাগানে প্রবেশ করল। বাগানে প্রবেশ করে আব্দুর রহমান ইবনে আওফ রদিয়াল্লহু আনহু ত্রিশটি গোলাম আযাদ করে দিলেন। লোকটি তা দেখে দারুন বিস্মিত হলো। তখন হযরত আব্দুর রহমান ইবনে আওফ রদিয়াল্লহু আনহু বললেন, আচ্ছা, তাহলে কি আমি তোমাকে এর চেয়ে শ্রেষ্ঠ আমলের কথা বলে দিব? লোকটি বলল, হ্যাঁ। তখন তিনি বললেন, "যখন কেউ তার বাহন জন্তুতে আরোহন করে আল্লাহর রাস্তায় জিহাদের জন্য চলতে থাকে আর তার চাবুকটি আঙ্গুলে ঝুলানো থাকে। এমনি অবস্থায় ঝিমুনিতে তার চাবুকটি পড়ে যায়। তার চাবুকটি পড়ে যাওয়ার কারণে তাঁর যে কষ্ট হলো এবং তার পরিবর্তে সে যে সওয়াব পেল, তা আমি যা দান করেছি, তার চেয়ে অনেক বেশি।" (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৪৩৮)

❖ ওহে হেরেম শরীফের আবাদকারী!

যদি তুমি প্রতি রাকাতে এক লক্ষ রাকাতের সওয়াবের প্রত্যাশায় কাবার আঙিনায় নামায আদায় করে থাকো, তাহলে জেনে নাও, আমি অন্ধকার গুহায় নামায আদায় করে প্রতি রাকাতে দুই লক্ষ রাকাতের সাওয়াব লাভ করছি। কেননা, আল্লাহর রাসূল ﷺ বলেছেন, "মসজিদে হারামে নামায আদায় করা এক লক্ষ বার নামায আদায় করার চেয়ে উত্তম। আর আল্লাহর পথে (জিহাদে) একবার নামায আদায় করা দুই লক্ষ বার নামায আদায়ের চেয়ে শ্রেষ্ঠ।" (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৪৩২)

হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, একবার নবী করীম ﷺ-কে জিজ্ঞাসা করা হয়েছিল, কোন্ কাজটি সবচেয়ে উত্তম? তিনি উত্তর দিয়েছিলেন, "আল্লাহ ও তাঁর রাসূলের উপর ঈমান আনা।" (আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে সবচেয়ে বেশি মহব্বত করা এর মাঝে অন্তর্ভূক্ত)। আবারো জিজ্ঞাসা করা হলো, এরপর কোন্ কাজটি উত্তম? নবীজী ﷺ উত্তর দিলেন, "এরপরে উত্তম হচ্ছে আল্লাহর রাস্তায় জিহাদ করা।" পুনরায় জিজ্ঞাসা করা হলো, এরপর কোন্‌টি উত্তম? প্রিয় নবীজী ﷺ উত্তর দিলেন, "এরপর হচ্ছে, মাবরূর (মকবুল) হজ্জ।" (বুখারী-২৬, মুসলিম-৮৩)

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

أَجَعَلْتُمْ سِقَايَةَ ٱلْحَاجِّ وَعِمَارَةَ ٱلْمَسْجِدِ ٱلْحَرَامِ كَمَنْ آمَنَ بِٱللَّهِ وَٱلْيَوْمِ ٱلآخِرِ وَجَاهَدَ فِى سَبِيلِ ٱللَّهِ لاَ يَسْتَوُونَ عِندَ ٱللَّهِ وَٱللَّهُ لاَ يَهْدِى ٱلْقَوْمَ ٱلظَّالِمِينَ

"তোমরা কি হাজীদের পানি পান করানো ও কাবা ঘর আবাদ করাকে সে ব্যক্তির কাজের সমপর্যায়ের মনে করো- যে ঈমান আনে আল্লাহ তাআলার উপর, পরকালের উপর এবং জিহাদ করেছে আল্লাহ তাআলার রাস্তায়; এরা কখনো আল্লাহর কাছে সমান নয়; আল্লাহ তায়ালা কখনো যালেমদের সঠিক পথ দেখান না।" (৯ সূরা তাওবা: ১৯)

অতএব, বন্ধু! কাবাঘর আবাদ করেও যদি একজন মুজাহিদের সমান না হতে পার, তাহলে পৃথিবীর কোথায় ইবাদত করে তুমি তার সমান হতে পারবে?

❖ ওহে আল্লাহর ভয়ে ভীত পরহেযগার ব্যক্তি!

যদি তুমি আল্লাহ তাআলার শাস্তির ভয়ে ইবাদত করে থাক, তাহলে জেনে নাও, শাস্তি থেকে বাঁচার সবচেয়ে সহজ উপায় হচ্ছে আল্লাহর রাস্তায় জিহাদ করা। আবার আল্লাহ তাআলার পক্ষ থেকে ধমকি শুনে রাখ! যেই আযাব থেকে তুমি পালাতে চাচ্ছ, জিহাদ ত্যাগ করার কারণে সেই আযাবই তোমাকে গেপ্তার করবে।

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ آمَنُواْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنجِيكُم مِّنْ عَذَابٍ أَلِيمٍ- تُؤْمِنُونَ بِٱللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِى سَبِيلِ ٱللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنفُسِكُمْ

"হে মুমিনগণ, আমি কি তোমাদেরকে উত্তম ব্যবসার সন্ধান দিব না, যা তোমাদেরকে রক্ষা করবে মর্মন্তুদ শাস্তি হতে, উহা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের উপর বিশ্বাস স্থাপন করবে এবং তোমাদের ধন-সম্পদ দ্বারা আল্লাহর পথে জিহাদ করবে।"(৬১ সূরা সফ: ১০-১১)

إِلاَّ تَنفِرُواْ يُعَذِّبْكُمْ عَذَاباً أَلِيماً وَيَسْتَبْدِلْ قَوْماً غَيْرَكُمْ وَلاَ تَضُرُّوهُ شَيْئاً وَٱللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ﴿٣٩﴾

“তোমরা যদি (তাঁর পথে জিহাদের জন্য) বের না হও, তাহলে (এ জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দিবেন এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দিবেন, তোমরা তার কোনই অনিষ্ট সাধন করতে পারবে না, আল্লাহ তাআলা সব কিছুর উপর ক্ষমতাশীল।” (০৯ সূরা তাওবা: ৩৯)

❖ ওহে ইবাদতে কল্যাণ প্রত্যাশী!

যদি তুমি কামনা করে থাক, ইবাদতের দ্বারা দ্রুত কল্যাণ লাভ হোক, তাহলে জিহাদই সবচেয়ে দ্রুত কল্যাণ বয়ে নিয়ে আসে।

ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ

“এটা (জিহাদ) তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা বুঝতে।” (৬১ সূরা সফ:১১)

كُتِبَ عَلَيْكُمُ ٱلْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ وَعَسَىٰٓ أَن تَكْرَهُواْ شَيْئاً وَهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسَىٰٓ أَن تُحِبُّواْ شَيْئاً وَهُوَ شَرٌّ لَّكُمْ وَٱللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لاَ تَعْلَمُونَ

“তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। হতে পারে একটা বিষয় তোমাদের কাছে পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হয়তোবা কোনো একটি বিষয় তোমাদের কাছে পছন্দীয়, অথচ তোমাদের জন্য অকল্যাণকর। বস্তুতঃ আল্লাহ তাআলাই জানেন, তোমরা জান না। ” (২ সূরা বাকারা: ২১)

❖ ওহে আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থী!

যদি তুমি চাও, ইবাদতের দ্বারা আল্লাহ তাআলার সন্তুষ্টি হাসিল করে তোমার গুনাহ মাফ করাবে, তাহলে তোমার জন্য জিহাদই ছিল গুনাহ মাফের সবচেয়ে সহজ উপায়।

يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ

"(যদি তোমরা জিহাদ কর) তাহলে তিনি তোমাদেরকে মাফ করে দিবেন।" (৬১ সূরা সফ:১০)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, "আল্লাহ তাআলা শহীদকে ছয়টি পুরস্কার দান করবেন। ১. রক্তের প্রথম ফোঁটাটি মাটিতে পড়ার সাথে সাথে তাকে ক্ষমা করে দেয়া হয়......." (তিরমিযী ও ইবনে মাজাহ শরীফ)

রাসূলুল্লাহ ﷺ বলেন,"ঋণ ব্যতীত আল্লাহ তাআলা শহীদের সব কিছু (পাপ) মাফ করে দিবেন।" (মুসলিম- ১৮৮৬)

❖ ওহে জান্নাতের আকাঙ্ক্ষাকারী!

যদি তুমি ইবাদতের দ্বারা জান্নাত প্রত্যাশী হও, তাহলে জেনে রাখ, জান্নাতে যাওয়া এতো সহজ নয়, আল্লাহ তাআলা বান্দাকে জান্নাতে দেয়ার আগে অবশ্যই জেনে নিবেন, কে জিহাদ করেছে, আর কে জিহাদ করেনি। এ পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত তোমার আমল তোমার কোনো কাজে আসবে না।

أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُواْ ٱلْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ ٱللَّهُ ٱلَّذِينَ جَاهَدُواْ مِنْكُمْ وَيَعْلَمَ ٱلصَّابِرِينَ

"তোমাদের কি ধারণা, তোমরা জান্নাতে প্রবেশ করবে? অথচ আল্লাহ তাআলা এখনও দেখেননি তোমাদের মধ্যে কারা জিহাদ করেছে এবং কারা ধৈর্য্যশীল।" (৩ সূরা আলে ইমরান: ১৪২)

أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُواْ ٱلْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُم مَّثَلُ ٱلَّذِينَ خَلَوْاْ مِن قَبْلِكُم مَّسَّتْهُمُ ٱلْبَأْسَآءُ وَٱلضَّرَّآءُ وَزُلْزِلُواْ حَتَّىٰ يَقُولَ ٱلرَّسُولُ وَٱلَّذِينَ آمَنُواْ مَعَهُ مَتَىٰ نَصْرُ ٱللَّهِ أَلَآ إِنَّ نَصْرَ ٱللَّهِ قَرِيبٌ

"তোমাদের কি এই ধারণা যে, তোমরা জান্নাতে চলে যাবে, অথচ সে লোকদের অবস্থা অতিক্রম করনি যারা তোমাদের পূর্বে অতীত হয়েছে। তাদের উপর এসেছে বিপদ ও কষ্ট। আর এমনিভাবে শিহরিত হতে হয়েছে যাতে নবী ও তাঁর প্রতি যারা ঈমান এনেছিল তাঁদেরকে পর্যন্ত একথা বলতে হয়েছে যে, কখন আসবে আল্লাহর সাহায্য? তোমরা শুনে নাও, আল্লাহর সাহায্য একান্তই নিকটবর্তী। (২ সূরা বাকারা: ২১৪)

وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلأَنْهَارُ وَمَسَاكِنَ طَيِّبَةً فِى جَنَّاتِ عَدْنٍ ذٰلِكَ ٱلْفَوْزُ ٱلْعَظِيمُ

"(যদি তোমরা জিহাদ কর তাহলে) তোমাদেরকে দাখিল করবেন এমন এক জান্নাতে যার পাদদেশে নদী প্রবাহিত এবং বসবাসের জান্নাতে উত্তম বাসগৃহে। এটাই মহাসাফল্য।" (৬১ সূরা সফ: ১২)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

اِنَّ اَبْوَابَ الْجَنَّةَ تَحْتَ ظِلَالِ السُّيُوْفِ

"নিঃসন্দেহে জান্নাতের দরজাসমূহ তরবারীর ছায়াতলে অবস্থিত।"

তিনি ﷺ আরো ইরশাদ করেন, "যারা আল্লাহর পথে জিহাদ করে তাদের জন্য জান্নাতে একশতটি স্তর রয়েছে, প্রতিটি স্তরের পার্থক্য আসমান-যমীনের সমান। সুতরাং তোমরা যখন আল্লাহ তাআলার কাছে চাইবে, জান্নাতুল ফিরদাউস চাইবে।" (বুখারী)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "মুসলিম মিল্লাতের অন্তর্ভূক্ত যে কোনো ব্যক্তি ক্ষণকালের জন্যও আল্লাহর রাস্তায় জিহাদ করবে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে।" (আবু দাউদ-২২১৬/২৫৪১, তিরমিযী-১৬৫৭)

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "নিশ্চয়ই আল্লাহ তাআলা এক তীর দ্বারা তিনজনকে জান্নাতে প্রবেশ করাবেন।

১. তীর নিক্ষেপকারীকে।
২. সওয়াবের প্রত্যাশায় তীর প্রস্তুতকারীকে।
৩. যুদ্ধের সময় যে তীর পরিচালনাকারীর নিকট তীর এগিয়ে দেয়, তাকে। (তাম্বীহুল গাফেলীন, পৃ.৪৪০)

❖ **ওহে আল্লাহর বান্দা!** তুমি যে জান্নাত কামনা করছ, তুমি কি এখন পর্যন্ত তোমার জানকে আল্লাহ তাআলার কাছে বিক্রয় করতে পেরেছ? আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّ ٱللَّهَ ٱشْتَرَىٰ مِنَ ٱلْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ ٱلْجَنَّةَ يُقَاتِلُونَ فِى سَبِيلِ ٱللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ وَعْداً عَلَيْهِ حَقّاً فِى ٱلتَّوْرَاةِ وَٱلإِنْجِيلِ وَٱلْقُرْآنِ وَمَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ مِنَ ٱللَّهِ فَٱسْتَبْشِرُواْ بِبَيْعِكُمُ ٱلَّذِى بَايَعْتُمْ بِهِ وَذَٰلِكَ هُوَ ٱلْفَوْزُ ٱلْعَظِيمُ

"আল্লাহ ক্রয় করে নিয়েছেন মুসলমানদের থেকে তাদের জান ও মাল এই মূল্যে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর রাহে, অতঃপর মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কুরআনে তিনি এ সত্য প্রতিশ্রুতিতে অবিচল। আর আল্লাহর চেয়ে প্রতিশ্রুতি রক্ষায় কে অধিক (সত্যবাদী)? সুতরাং তোমরা আনন্দিত হও সে লেনদেনের উপর, যা তোমরা করছ তাঁর সাথে। আর এ হল মহান সাফল্য।"

(৯ সূরা তাওবা: ১১১)

❖ ওহে আবেদ ব্যক্তি!

বন্ধু! তাহলে তুমি জান্নাত থেকে কত পিছনে পড়ছ? একটু চিন্তা কর। রাসূলুল্লাহ ﷺ মূতার যুদ্ধের জন্য তিনজন সেনাপতি ঠিক করে দেন। যদি হযরত যায়েদ রদিয়াল্লহু আনহু শহীদ হন, তাহলে পতাকা তুলে নিবেন হযরত জাফর রাদিয়াল্লহু আনহু, যদি তিনিও শহীদ হন তাহলে পতাকা তুলে নিবেন হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু, যদি তিনিও

শহীদ হন তাহলে মুসলমানরা একজনকে ঠিক করে নিবে কে প্রধান সেনাপতি হবে। রাসূলুল্লাহ ﷺ-এর এই উক্তি শুনে সবাই বুঝে গেলেন, এই তিনজনই যুদ্ধে শহীদ হবেন। যেদিন সকালে জামাত যুদ্ধের জন্য বেরিয়ে গেল, সেদিন ছিল শুক্রবার, জুমুআর দিন।

হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু চিন্তা করলেন, এই যুদ্ধে যদি শহীদ হয়ে যাই, তাহলে তো আল্লাহর রাসূলের ﷺ চেহারা মুবারক আর কখনো দেখা হবে না, তাঁর পিছনে আর কোনোদিন নামায আদায় করতে পারবো না, তাহলে এক কাজ করি, জুমুআর নামায আল্লাহর রাসূলের পিছনে আদায় করে, পরে বেরিয়ে পড়ব। আর যেহেতু আমার ঘোড়া অনেক দ্রুতগামী, তাই অন্যদের সাথে সহজেই জুড়তে পারব।

আল্লাহর রাসূল ﷺ জুমুআর নামাযের সালাম ফিরানোর পর দেখলেন, আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু এখনো বের হননি। ফলে তিনি মনঃক্ষুণ্ন হলেন এবং তাঁর পিছনে পড়ার কারণ জিজ্ঞাসা করলেন। হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহু বললেন, আমি চেয়েছিলাম, আমি আমার জীবনের শেষ আরেকটি ওয়াক্ত নামায আপনার পিছনে পড়তে, আপনাকে তো আর কখনো দেখতে পারবো না, তাই ভাবলাম আমার ঘোড়া তো অনেক দ্রুতগামী, আপনার পিছনে জুমুআর নামায আদায় করে যারা সকালে বেরিয়েছে তাদের ধরে ফেলতে পারবো। তখন নবীজী ﷺ আফসোস করে বললেন, "যারা সকালে বের হয়েছে, তারা তোমার চেয়ে পাঁচশত বছর আগে জান্নাতে চলে গেল। তুমি দুনিয়ার সব কিছু ব্যয় করলেও তাদের সকালে বের হয়ে যাওয়ার সমান ফযীলত পাবে না।" (তিরমিযী, মুসনাদে আহমাদ)

আরেকবার রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,"আল্লাহর রাস্তায় এক সকাল বা এক বিকাল কাটানো দুনিয়া ও দুনিয়ার সমুদয় বস্তু হতে শ্রেষ্ঠ। আর জিহাদের সারিতে (কিছুক্ষণের জন্য হলেও) কারো অবস্থান করা ষাট বছর ইবাদতে কাটানোর চেয়ে উত্তম।" (বুখারী, মুসলিম, তিরমিযী, ইবনে মাজাহ, মুসনাদে আহমদ)

❖ ওহে ঘরে উপবিষ্ট মিসকিন!

আল্লাহর রাসূলের পিছনে মসজিদে নববীতে জুমুআর নামায আদায় করে, তাঁর চেহারা মোবারক দর্শন করেও যদি আল্লাহর রাস্তায় এক সকাল দেরী করার কারণে পাঁচশত বছর পিছিয়ে পড়তে হয়, সারা দুনিয়ার সকল সম্পদ দান করেও তার সমান ফযীলত হাছিল করতে না পারা যায়, তাহলে চিন্তা করে তুমিই বল, তুমি তো আল্লাহর রাস্তায় জিহাদে বেরই হওনি, তাহলে তুমি ঘরে বসে থেকে তোমার স্থাবর-অস্থাবর সকল সম্পতি দান করে দিলেও কি একজন মুজাহিদের এক সকাল কিংবা এক বিকালের ফযীলত হাছিল করতে পারবে? জান্নাত থেকে তুমি কত হাজার বছর পিছিয়ে পড়ছো, তা কি একবার চিন্তা করে দেখেছো?

❖ ওহে, স্ত্রীর আচলের ছায়ায় আশ্রয়গ্রহণকারী ব্যক্তি!

বন্ধু! তুমি যদি কাবা ঘরের ছাদের ছায়ায় দাঁড়িয়েও কেয়ামত পর্যন্ত নামায আদায় কর, তাহলেও তুমি 'ঘরে উপবিষ্ট' ব্যক্তিদের অন্তর্ভূক্ত হবে। হও না তুমি কাবাঘরের ইমাম, হও না তুমি মসজিদে নববীর ইমাম, হও না তুমি 'হারামাইন শরীফাইন'-এর দরস্ দানকারী মুহাদ্দিস, মুফাস্‌সির কিংবা গ্র্যান্ড মুফতী!

জিহাদ 'ফরযে আইন' হওয়ার পরও যদি তুমি ঘরে বসে থাক, তাহলে কুরআনের ভাষায় তুমি 'ক্বয়ীদূন' (গৃহে উপবিষ্ট মুসলমান)! আর এ ধরণের ব্যক্তিরা কখনোই আল্লাহর রাস্তায় জিহাদকারীদের সমকক্ষ হবে না।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

لاَّ يَسْتَوِى ٱلْقَاعِدُونَ مِنَ ٱلْمُؤْمِنِينَ غَيْرُ أُوْلِى ٱلضَّرَرِ وَٱلْمُجَاهِدُونَ فِى سَبِيلِ ٱللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فَضَّلَ ٱللَّهُ ٱلْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ عَلَى ٱلْقَاعِدِينَ دَرَجَةً وَكُلاًّ وَعَدَ ٱللَّهُ ٱلْحُسْنَىٰ وَفَضَّلَ ٱللَّهُ ٱلْمُجَاهِدِينَ عَلَى ٱلْقَاعِدِينَ أَجْراً عَظِيماً- دَرَجَاتٍ مِّنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً وَكَانَ ٱللَّهُ غَفُوراً رَّحِيماً

"৯৫. গৃহে উপবিষ্ট মুসলমান- যাদের কোনো সঙ্গত ওযর নেই এবং ঐ সব মুসলমান যারা জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে, তারা সমান নয়। যারা জান ও মাল দ্বারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথেই আল্লাহ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহেদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন।
৯৬. এগুলো আল্লাহ তাআলার পক্ষ হতে পদমর্যাদা, ক্ষমা ও করুণা; আল্লাহ ক্ষমাশীল ও করুণাময়।" (৪ সূরা নিসা :৯৫-৯৬)

❖ ওহে, দুনিয়ার গোলাম!

বন্ধু! কষ্ট পেয়ো না! বাস্তব কথা! আমরা আল্লাহর জন্য দুনিয়ার সব ত্যাগ করেছি। স্নেহের মা-বাবা, প্রাণপ্রিয়া স্ত্রী, কলিজার টুকরা সন্তান-সন্ততি, ভাই-বোন, ধন-সম্পদ, টাকা-পয়সা, বাড়ি-গাড়ি, চাকুরী-ব্যবসা, সব। আল্লাহ তাআলা আমাদেরকে দুনিয়ার গোলামী থেকে মুক্তি দিয়েছেন। আমরা বান্দার দাসত্ব-শৃঙ্খল থেকে মুক্ত হয়ে এক আল্লাহর হুকুম পালন করছি, তাঁর গোলামী করছি, তাঁর জন্য বুকের রক্ত ঢেলে দিচ্ছি। আর জিহাদ 'ফরযে আইন' হওয়া সত্ত্বেও তুমি ঘরের মহব্বত, পরিবারের মহব্বত, মালের মহব্বত, চাকুরী-ব্যবসার (পেশার) মহব্বত ছাড়তে পারছ না। দুনিয়ার গোলামী থেকে 'আযাদ' হতে পারছ না। বল, তুমি আসলে কার গোলামী করছ, আল্লাহ তাআলার, নাকি নফ্স ও দুনিয়ার?

❖ ওহে আবেদ ব্যক্তি!

শুনে নাও, আল্লাহর রাস্তার ধূলাবালিও তো ঘরে বসে ইবাদত করা অপেক্ষা অধিক মূল্যবান। কেননা, তা জাহান্নামের আগুনকে নিভিয়ে দিবে। আর তোমার ঘরের ইবাদত তোমার জন্য জাহান্নামের আগুনকে নিভাতে পারবে কিনা তার তো কোনো নিশ্চয়তা নেই। আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেন, "কোনো বান্দার মাঝে কখনো আল্লাহর পথের ধূলি ও জাহান্নামের ধোঁয়া একত্রিত হবে না।" (তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ, মুসনাদে আহমাদ)

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "আল্লাহর রাস্তায় (জিহাদে) বান্দার দুটি পা ধূলি ধূসরিত হবে এবং আবার তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে, এমনটি কখনো হতে পারে না।" (বুখারী-২৮১১)

নবী করীম ﷺ আরো বলেন, "আল্লাহ তাআলার রাস্তার ধূলাবালি ও জাহান্নামের ধোঁয়া কখনও কোনো মুসলমানের নাকের ছিদ্রে একত্র হতে পারে না।" (নাসাঈ)

❖ ওহে বৃদ্ধ! ওহে অক্ষম! ওহে যৌবনের আড়ালে যার বার্ধক্যের কঙ্কাল!

তোমার ঘরের ইবাদত আল্লাহর কাছে ততটা মূল্যবান নয়, যতটা একজন মুজাহিদের ক্রীড়া-কৌতুক আল্লাহর কাছে মূল্যবান।

নবী করীম ﷺ বলেছেন, "তোমরা তীর চালনা ও অশ্বারোহন প্রশিক্ষণ নাও। আর আমার নিকট অশ্বারোহনের চেয়ে তীর চালনার প্রশিক্ষণ নেয়া অধিক প্রিয় ও উত্তম। আর মুমিনের তিনটি বিষয় ছাড়া সকল ক্রীড়া-কৌতুকই বাতিল, অসার।

১. স্বজাতি রক্ষার উদ্দেশ্যে তীর প্রশিক্ষণ দেয়া।

২. যুদ্ধের জন্য অশ্বকে প্রশিক্ষণ দেয়া।

৩. স্ত্রীর সাথে ক্রীড়া-কৌতুক ও স্ফূর্তি করা।

আর নিশ্চয় এগুলো সত্য ও চির বাস্তব। (তিরমিযী, নাসাঈ, আবু দাউদ, ইবনে মাজাহ, মুসনাদে আহমাদ, দারিমী)

রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "শুনে নাও! তীর নিক্ষেপই শক্তি। তীর নিক্ষেপই শক্তি। তীর নিক্ষেপই শক্তি।" (মুসলিম, তিরমিযী, আবু দাউদ, ইবনে মাজাহ, মুসনাদে আহমাদ, দারিমী)

হযরত মুজাহিদ রাহিমাহুল্লাহ বলেন, আমি আব্দুল্লাহ ইবনে উমর রাদিয়াল্লহু আনহুকে এক কাপড় পরিহিত অবস্থায় দুটি লক্ষ্যবস্তুর মাঝে দৌড় প্রশিক্ষণ নিতে দেখেছি।

হযরত হুযাইফা রাদিয়াল্লহু আনহু এক কাপড় পরিহিত অবস্থায় দুটি লক্ষ্যবস্তুর মাঝে দৌড় প্রশিক্ষণ নিতেন। (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৪৪১)

❖ ওহে যার যৌবনরস ফুরিয়ে গেছে! যার শৌর্য-বীর্য শুকিয়ে গেছে! আমাদের আছে ইয্যতের যিন্দেগী আর তোমাদের জন্য রয়েছে লাঞ্ছনা!

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "উট তার মালিকের জন্য সম্মানের বিষয়। বকরী বরকতময়। আর ঘোড়ার কপালে কিয়ামত দিবস পর্যন্ত কল্যাণ বেঁধে দেয়া হয়েছে।" (বুখারী, মুসলিম, ইবনে মাজাহ, তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ, দারিমী।)

তিনি ﷺ আরো ইরশাদ ফরমান, "ঘোড়ার ললাটে ইয্যত রয়েছে। আর গরুর লেজে রয়েছে লাঞ্ছনা।"

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রদিয়াল্লহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-কে বলতে শুনেছি যে, "যখন তোমরা ক্রয় বিক্রয় এবং ব্যবসা বাণিজ্যে পুরাপুরি মশগুল হয়ে যাবে এবং গরুর লেজ ধরে খেত খামারে মগ্ন হয়ে যাবে আর জিহাদ করা ছেড়ে দিবে তখন আল্লাহ তাআলা তোমাদের উপর এমন অপমান চাপিয়ে দিবেন, যা ততক্ষণ পর্যন্ত দূর হবে না যতক্ষণ না তোমরা আপন দ্বীনের দিকে ফিরে আসবে।" (আবু দাউদ)

অর্থাৎ মানুষ যখন জিহাদে লিপ্ত হবে, তখন তাতে ইসলাম ও মুসলমানদের ইয্যত ও মান-মর্যাদা বৃদ্ধি পাবে, বিশ্বের নেতৃত্বের আসনে তারা সমাসীন থাকবে। আর যখন জিহাদ পরিত্যাগ করে গরুর লেজের অনুসরণ করবে, লাঙ্গল-জোয়াল নিয়ে ক্ষেত-খামারে লিপ্ত হবে, তখন মুসলমান জাতি হবে লাঞ্ছিত, অপদস্থ। যেমনটি হচ্ছে বর্তমান বিশ্বে, পৃথিবীর প্রতিটি আনাচে কানাচে।

❖ বন্ধু হে! তুমি কি তোমার নিজের অস্তিত্বকে ভালোবাস না?

তোমরা মৃত্যুবরণ করলে মাটি তোমাদের দেহকে শেষ করে ফেলবে, তোমার সুন্দর চেহারা, শুভ্র ত্বক, কাজল কালো চোখ, সুউচ্চ নাসিকা, বলিষ্ঠ দেহ, এগুলো তো হবে কীট আর পোকা-মাকড়ের আহার্য? কিন্তু আমরা? আমাদের দয়াবান প্রভু আমাদের দেহকে কবরের মাটি আর পোকা-মাকড়ের জন্য হারাম করেছেন। একটি পশমও তারা স্পর্শ করবে না। তাছাড়া আমরা কবরে অনন্ত জীবন লাভ করবো, তোমরা কি মৃত্যুর সাথে সাথে ফানী (ধ্বংস) হয়ে যাবে না?

❖ **ওহে! শুনে রাখ!** তোমরা মরলে তোমাদের লাশগুলো পঁচে যায়, দুর্গন্ধময় হয়ে যায়, আর আমাদের রক্ত থেকে মেশক-আম্বর নয়, বরং এক অপার্থিব সুবাস বেরিয়ে আসে।

❖ **ওহে তুমি কি মনে করছো, এখনতো আমরা দুর্বল, শারীরিক সক্ষমতা নেই, অর্থ সম্পদ নেই, অস্ত্র-শস্ত্র নেই, জিহাদ করবো কিভাবে?**

আল্লাহ তাআলা কি বলেননি যে,

ٱنْفِرُواْ خِفَافاً وَثِقَالاً وَجَاهِدُواْ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِى سَبِيلِ ٱللَّهِ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ

"তোমরা বের হয়ে পড়, হালকা বা ভারী সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের জান ও মাল দিয়ে, এটি তোমাদের জন্যে অতি উত্তম, যদি তোমরা বুঝতে পার।" (০৯ সূরা তাওবা: ৪১)

ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ 'হালকা বা ভারী' এর দশটি অর্থ করেছেন।

১. জ্ঞান-বুদ্ধিতে পরিপক্ক হও/যুদ্ধের ট্রেনিং থাকুক (হালকা) কিংবা অপরিপক্ক/যুদ্ধের ট্রেনিং না থাকুক (ভারী)।
২. যুবক হও (হালকা) কিংবা বৃদ্ধ (ভারী)।
৩. আগ্রহ থাকুক (হালকা) বা না থাকুক (ভারী)।
৪. ধনী হও (হালকা) কিংবা গরীব (ভারী)।
৫. ব্যস্ত হও (ভারী) কিংবা অবসরে থাক (হালকা)।
৬. কোনো কাজ থাকুক (যা ত্যাগ করতে তুমি অনিচ্ছুক) (ভারী) বা না থাকুক (হালকা)।
৭. পরিবার-পরিজন থাকুক (ভারী) বা না থাকুক (হালকা)।
৮. পদাতিক (ভারী) কিংবা অশ্বারোহী (হালকা)।
৯. যুদ্ধে সামনে কাতারে থাক (ভারী) কিংবা পিছনের কাতারে (হালকা)।
১০. সাহসী বীরপুরুষ হও (হালকা) কিংবা ভীরু কাপুরুষ (ভারী)।

ওহে! তুমি এগুলোর বাহিরে কোন্ দলে আছ? তোমার পালানোর কোনো সুযোগ আছে কি?

قُل لِّلْمُخَلَّفِينَ مِنَ ٱلأَعْرَابِ سَتُدْعَوْنَ إِلَىٰ قَوْمٍ أُوْلِى بَأْسٍ شَدِيدٍ تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ فَإِن تُطِيعُواْ يُؤْتِكُمُ ٱللَّهُ أَجْراً حَسَناً وَإِن تَتَوَلَّوْاْ كَمَا تَوَلَّيْتُمْ مِّن قَبْلُ يُعَذِّبْكُمْ عَذَاباً أَلِيماً ﴿١٦﴾ لَّيْسَ عَلَى ٱلأَعْمَىٰ حَرَجٌ وَلاَ عَلَى ٱلأَعْرَجِ حَرَجٌ وَلاَ عَلَى ٱلْمَرِيضِ حَرَجٌ وَمَن يُطِعِ ٱللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلأَنْهَارُ وَمَن يَتَوَلَّ يُعَذِّبْهُ عَذَاباً أَلِيماً ﴿١٧﴾

"১৬। গৃহে অবস্থানকারী মরুবাসীদেরকে বলে দিন: আগামীতে তোমরা এক প্রবল পরাক্রান্ত জাতির সাথে যুদ্ধ করতে আহুত হবে। তোমরা তাদের সাথে যুদ্ধ করবে, যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায়। তখন যদি তোমরা নির্দেশ পালন কর, তবে আল্লাহ তোমাদেরকে উত্তম পুরস্কার দিবেন। আর যদি পৃষ্ঠপ্রদর্শন কর যেমন ইতিপূর্বে পৃষ্ঠপ্রদর্শন করেছ, তবে তিনি তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন। ১৭। (কেবল) অন্ধের জন্যে, খঞ্জের জন্যে ও রুগ্নের জন্যে (জিহাদের উদ্দেশ্যে ঘর থেকে বের না হলে) কোনো অপরাধ নেই, এবং যে কেউ আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে তাকে তিনি জান্নাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত হয়। পক্ষান্তরে যে ব্যক্তি পৃষ্ঠপ্রদর্শন করবে, তাকে যন্ত্রণাদায়ক শাস্তি দিবেন।" (৪৮ সূরা ফাত্‌হ)

❖ ওহে আবেদ ব্যক্তি! তুমি ফরয বাদ দিয়ে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ ইবাদতে মগ্ন হয়ে আছো না তো? এতো ইবাদতের পরও তুমি ফরয তরককারী ফাসেক হয়ে যাচ্ছ নাতো?

শয়তান বিভিন্ন সুরতে মানুষকে ধোকা দিয়ে থাকে। সে আলেমকে ইলমের জালে, আবেদকে ইবাদতের জালে, জাহেলকে জাহেলিয়াতের জালে, গুনাহগারদের গুনাহের জালে, মেহনতের সাথীদেরকে মেহনতের ধোকায় এবং নেককারদেরকে নেক সুরতে ধোকায় ফেলে।

কোন্ ইল্ম অধিক গুরুত্বপূর্ণ, সর্বাগ্রে অর্জন করা প্রয়োজন, ইলম অনুযায়ী আমলের গুরুত্ব- এসব বিষয়ে শয়তান একজন আলেমকে গাফেল রাখে। একজন আলেমের সামনে শয়তান শুধু ইলম অর্জনের ফায়দা সম্বলিত হাদীসসমূহ তুলে ধরে, ফলে ঐ আলেম ব্যক্তিকে শয়তান বুঝাতে সক্ষম হয়, ‘আমি তো আল্লাহর রাসূলের ওয়ারিশ’, ফলে তার অর্জিত ইলমের উপর সন্তুষ্টি চলে আসে, তখন সে তার নিজের যিন্দেগী নিয়ে চিন্তা করার অবকাশ পায়না। যতটুকু ইলম হাছিল হলো তাতেই তার আত্মতৃপ্তি চলে আসে।

ইলম অর্জনের ক্ষেত্রে আমাদেরকে দুটি বিষয় মনে রাখতে হবে, তা হলো-

এক. যে ইলম অর্জন করা অন্য সকল প্রকার ইলম হাছিলের উদ্দেশ্য (মাক্সাদ), যেমনঃ আল্লাহ তাআলার মারেফাত, তাঁর মহব্বত, আল্লাহর রাসূলের মহব্বত, আখিরাতের স্মরণ অন্তরে সৃষ্টি করা এবং আল্লাহর রাসূলের যিন্দেগীর পরিপূর্ণ অনুসরণ করে নিজের যিন্দেগীকে গড়া- এগুলো হলো সকল ইলম হাসিলের মূল মাক্সাদ।

দুই. মূল মাক্সাদে পৌঁছার জন্য সহকারী ইল্ম হাসিল করা, যেমনঃ আরবী ভাষাতত্ত্ব, ব্যাকরণ, নাহু-ছরফ, ফিকাহ, তাফসীর, হাদীসশাস্ত্র ইত্যাদি বিষয়ে ইল্ম অর্জন করা।

এক্ষেত্রে শয়তান যে কাজটি করে তা হলো, একজন তালীবুল ইলমকে (ছাত্রকে) কিংবা একজন আলেমকে মূল মাকসাদের কথা ভুলিয়ে মাক্সাদ হাছিলের ইলমের পিছনেই আজীবন লাগিয়ে রাখে। যার ফলে সে ইল্মের জাহাজ হওয়া সত্ত্বেও তার যিন্দেগীর সাথে আল্লাহর রাসূলের যিন্দেগীর কোনো মিল পাওয়া যায় না। শাইখুল হাদীস, শাইখুল কুরআন কিংবা শাইখুল ইসলাম হওয়া সত্ত্বেও আল্লাহর রাসূলের কিংবা সাহাবাদের মেজাজের সাথে তার মেজাজের কোনো মিল খুঁজে পাওয়া যায় না। মানুষের কাছে অনেক বড় আলেম হিসেবে পরিচিত হওয়া সত্ত্বেও দুনিয়ার মহব্বত আর মৃত্যুর ভয় তার দীল থেকে দূর হয় না, যার কারণে আল্লাহ তাআলার কাছে তার ইলমের কোনো মূল্য থাকে না। কেননা যে ইল্মের দ্বারা দীল থেকে দুনিয়া দূর হয় না, মৃত্যুর মহব্বত পয়দা হয় না, আল্লাহকে পাওয়া যায় না, সে ইল্ম তো ইল্ম নয়, জাহেলিয়াত! আল্লাহর রাসূলের

যিন্দেগী ও মেজাজের সাথে মিল না থাকায়, দীনের সর্বত্র তার বিচরণ থাকে না। আল্লাহ তাআলা আমাদের পথ দেখান।

শয়তান জাহেলদের অন্তরে অজ্ঞতার মহব্বত পয়দা করে দেয়। ফলে দীনের ইলম হাসিল করা তাদের নিকট অসম্ভব বিতৃষ্ণার বিষয় হয়ে দাঁড়ায়। যার কারণে প্রয়োজনীয় পরিমাণ ইলম হাছিল করার জন্যও তার সময় হয়ে উঠে না। দুনিয়ার নানা ব্যস্ততা দেখিয়ে সে অন্ধ থাকতেই পছন্দ করে।

শয়তান গুনাহগারদেরকে যে ধোকা দেয়া হয় তা তো স্পষ্ট, শয়তান মানুষের অন্তরে "অমুক গুনাহ কর্!" "তমুক গুনাহ কর্", "ঐ গুনাহটা মনে হয় আরো আনন্দদায়ক, উপভোগ্য", এই ধরণের ওস্ওয়াসা দিতেই থাকে। ফলে সে একটা গুনাহ করে কখনো পরিতৃপ্ত হতে পারে না, বরং একটি গুনাহ করার পর আরো বড় গুনাহ করার প্রতি তার আগ্রহ ও লোভ পয়দা হয়। একটি গুনাহের কারণে অন্তরে একটি কালো দাগ পড়ে। এভাবে গুনাহ করতে করতে তার দীল অন্ধকার রাত্রির ন্যায় কালো হয়ে যায়। ফলে ইবাদত বন্দেগী তার কাছে হলাহল বিষতুল্য বোধ হয়। তাই তার কপালে তাওবা নসীব হয়না।

কিন্তু যাদের ব্যাপারে শয়তান জানে যে, এই লোকগুলোকে দিয়ে কোনোভাবেই গুনাহের কাজ করানো সম্ভব নয়, যারা পরহেযগার 'আবেদ' শ্রেণি, তাদেরকে কী শয়তান হতাশ হয়ে ছেড়ে দেয়? কোনো ওস্ওয়াসা দেয় না? শয়তান জানে যে, এদেরকে যদি বলা হয়, জিনা (ব্যভিচার) কর্, এরা জীবন চলে যাবে কিন্তু জিনা করবে না, যদি বলা হয়, 'সুদ খা, ঘুষ খা', এরা না খেয়ে মরবে কিন্তু সুদ-ঘোষের ধারে কাছেও যাবে না। তাহলে

এদের কী করা? শয়তান এদেরকে যে কাজটি করে তা হলো, "ইবাদত-ই যখন করবে, কম সওয়াবের ইবাদতে লিপ্ত থাক, অধিক দামী ইবাদত না করে কম সওয়াবের ইবাদতে লিপ্ত থেকে যিন্দেগী পার করে দাও।" কম সওয়াবের আমলের ফায়দা ও ফাযায়েল সম্বলিত হাদীসগুলোকে শয়তান তার সামনে তুলে ধরে। ফলে অধিক ফাযায়েলের আমলগুলো থেকে সে গাফেল থাকে।

এটি এমন এক রোগ, যার দ্বারা বর্তমান যামানার সকল দ্বীনদাররাই কম-বেশি আক্রান্ত। আমলের গুরুত্ব না বুঝে, যখন যেটা মনে চায়, যখন যেটা করতে ভালো লাগে, সেই আমলেই ঝাঁপ দেয়। এক্ষেত্রে আল্লাহ তাআলার চাহিদা অপেক্ষা নিজের দীলের চাহিদা ও ভালো লাগাটাই অধিক প্রাধান্য পায়। অথচ "এই মুহূর্তে আল্লাহ তাআলার কী হুকুম, কী চাহিদা, সেটা পালন করাই" হচ্ছে প্রকৃত দ্বীন। ইবাদতের ক্ষেত্রে নিজের খাহেশ পুরা করাটাই দ্বীন নয়।

আহ্! এই বিষয়টা আমরা কেন যে বুঝি না! কয়েকদিন আগে সংবাদপত্রে একটি খবর প্রকাশ পেল, এক ব্যক্তি ২০১৯ সালে তার জীবনের সাড়ে তিন হাজার তম উমরা পালন করেছে। একজন সাধারণ মানুষ তো শুনা মাত্রই বলতে শুরু করবে, সুব্হানাল্লাহ! লোকটার কী সৌভাগ্য! জীবনে এতবার উমরাহ করার সৌভাগ্য তার হয়েছে! কতবার আল্লাহর ঘরকে দেখার সৌভাগ্য তার হয়েছে! জীবনে কত হাজার বার আল্লাহর ঘর তাওয়াফের সৌভাগ্য তার কপালে জুটেছে! আল্লাহর রাসূলের রওযা মুবারকে কতবার সে সালাম দিয়েছে! আহ্! এই ব্যক্তির মতো সৌভাগ্যবান আরো কেউ কি দুনিয়াতে আছে!

একটু থামুন!...........

নিঃসন্দেহে এই ব্যক্তি সৌভাগ্যবান। যে কোনো ছোট্ট থেকে ছোট্ট একটি (মোস্তাহাব) আমলের তাওফীক পাওয়াটাও অনেক বড় সৌভাগ্যের বিষয়, এতে কোনোই সন্দেহ নেই। কিন্তু ব্যাপারটা এখানে নয়। এই লোকটি সাড়ে তিন হাজার বার উমরাহ করেছে, কিন্তু কেন? কিসের আশায়? আমরা লোকটি সম্পর্কে নেক ধারণা পোষণ করছি, ধরে নিচ্ছি, তার মাঝে লোক দেখানোর কোনো প্রবণতা ছিল না, অর্থাৎ সে সওয়াবের নিয়তে, আল্লাহ তাআলাকে সন্তুষ্ট করার মানসেই সে এতগুলো উমরাহ করেছে! এবার চিন্তা করুন, ঐ আবেদ লোকটি কী করেছেন? লোকটির যিন্দেগীতে একবার উমরাহ করা ওয়াজিব ছিল, যা তিনি যখন জীবনের প্রথম বার উমরাহ করেছিলেন, তখনই আদায় হয়ে গিয়েছে। তাহলে বাকীগুলো হলো নফল উমরাহ।

আপনাদের কি জানা আছে, এক ব্যক্তি সারা জীবন যত নফল ইবাদত করে, সেগুলোকে একত্রিত করলেও তার যিন্দেগীর একটি সুন্নতের সমান হবে না, এভাবে জীবনের সকল সুন্নতকে একত্রিত করলেও একটি ওয়াজিবের সমান হবেনা, ঠিক একই রকমভাবে, যিন্দেগীর সকল ওয়াজিবকে একত্রিত করলেও (গুরুত্ব ও সওয়াবের দিক থেকে) একটি ছোট্ট ফরযের সমান হবে না?

এবার আপনি সাড়ে তিন হাজার নফল উমরাহকে এক পাল্লায় রাখুন, আর 'ডান পায়ে মসজিদে প্রবেশ করা' এই একটি ছোট্ট সুন্নতকে আরেক পাল্লায় রাখুন, কোনটা ভারী হবে? নিঃসন্দেহে 'ডান পায়ে মসজিদে প্রবেশ করা'র সুন্নতটি। বুঝতে পেরেছেন, এই লোকটি যদি বুদ্ধিমান হতেন, এত টাকা আর সময় ব্যয় না করে তিনি অবশ্যই এমন কোনো আমল খুঁজতেন যাতে অল্প সময়ে, অল্প খরচে অধিক সওয়াব লাভ হয়।

তাই যদি সওয়াবই উদ্দেশ্য হতো এবং তিনি আমলের গুরুত্ব বুঝতেন, তাহলে ঐ লোকটি সাড়ে তিন হাজার বার উমরাহ না করে এক সকাল বা এক বিকাল জিহাদের ময়দানে কাটিয়ে আসতেন।

তাছাড়া জিহাদ বর্তমানে ফরযে কিফায়া নয়, ফরযে আইন হয়ে গিয়েছে। নারী-পুরুষ, যুবক-বৃদ্ধ, আলেম, জাহেল, দীনদার, দুনিয়াদার, নেককার, ফাসেক-ফুজ্জার, সকল তবকার মুসলমানের উপর ফরয হয়ে গিয়েছে। কেউই এই ফরয হুকুমের আওতার বহির্ভূত নয়। তাই এই একটি ফরয হুকুমের সামনে, কেয়ামত পর্যন্ত এক ব্যক্তি যদি প্রতিদিন একশ করে উমরাহ করে, কিংবা কেয়ামত পর্যন্ত নিরবচ্ছিন্ন কাবাঘরে ইতিকাফ করে, কিংবা যিন্দেগীর সকল নামায হারামাইন শরীফাইনে আদায় করে (পৃথিবীর যে কোনো মসজিদে জামাতে নামায আদায় করা ওয়াজিব হুকুম), কিংবা কিয়ামত পর্যন্ত প্রতিবছর একটি করে হজ্জ করে (জীবনে একবার হজ্জ করা ফরয, আর বাকীগুলো হবে নফল), যদি কোনো ব্যক্তি এমন থাকে যে একাই কিয়ামত পর্যন্ত সকল নফল, সুন্নত, ওয়াজিব আমল করতে সক্ষম, তার এত সওয়াব এক পাল্লায় রাখা হলো আর আল্লাহর রাহে একটি মুহূর্ত জিহাদের ময়দানে কাটানোর সওয়াব এক পাল্লায় রাখা হলো, বলুন এবার, কোন্ পাল্লা ভারী হবে?

তাছাড়া ঐ ব্যক্তির সকল আমলের সাথে কি সেই ছয়টি পুরস্কারের ওয়াদা রয়েছে, যা একজন শহীদ প্রাপ্ত হবে, একজন শহীদ কবরে রিযিক প্রাপ্ত হবে, সে ব্যক্তি কি তা প্রাপ্ত হবে, একজন শহীদের দেহ কবরের মাটির জন্য হারাম করা হয়েছে, সেই ব্যক্তি কি সেই মরতবা লাভ করবে, শহীদকে এমন প্রতিদান দেয়া হবে যে, সে দুনিয়াতে বারবার ফিরে আসতে

চাইবে এবং বারবার শহীদ হতে চাইবে, কিন্তু সেই ব্যক্তি যদি জান্নাত লাভ করেনও তিনি কি আবার পৃথিবীতে ফিরে আসতে চাইবেন?

আপনারা কি বুঝতে পেরেছেন, হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহ কেন তার প্রিয় বন্ধুকে বলেছিলেন, ওহে হারামাইনের আবেদ ব্যক্তি! তুমি যদি আমাদেরকে জিহাদের ময়দানে দেখতে আর আমলের গুরুত্ব বুঝতে, তাহলে তুমি বুঝতে পারতে যে, তুমি আমলের নামে আল্লাহ তাআলার হুকুমের সাথে তামাশা করছ! পিচ্চি বাচ্চারা যেভাবে অনর্থক খেলা করে, তুমিও আমলের নামে ক্রীড়া-কৌতুক করছ! নিজেকে সওয়াবের আশা দেখিয়ে নিজেকে নিজেই ধোকা দিচ্ছ! আল্লাহকে পাওয়া আর আল্লাহ তাআলার হুকুম বাস্তবায়ন করাই যদি তোমার যিন্দেগীর মাকসাদ হত, তাহলে তো তুমি ঘরে বসে থাকতে না, কিংবা হারামাইন শরীফে অবস্থান করতে না, আমাদের সাথে জিহাদের তপ্ত ময়দানে নিজের বুকের তাজা রক্ত ঢেলে দিতে, শহীদের মর্যাদা লাভ করতে, যেমনটি আমরা লাভ করছি! আমরা তো আল্লাহর ওয়াদাকে বাস্তবায়িত হতে দেখছি, তাঁর গাইবী মদদ নুসরত দেখে আমাদের ঈমান আরো বৃদ্ধি পাচ্ছে, যা তোমরা দেখতে পাচ্ছ না, তোমাদের ঈমানও আমাদের ঈমানের মতো হতে পারবে না, কক্ষনো না, কস্মিনকালেও না! এর চেয়েও খারাপ কথা হলো, তুমি ফরয তরক করার দায়ে আল্লাহ তাআলার কাছে "ফাসেক" সাব্যস্ত হচ্ছ, যদিও তুমি হারামাইনে বসে মক্কা-মদীনা আবাদ করছ। অথচ তুমি মনে করছ তুমি তো অনেক ইবাদত করছ, আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করছ। তাই আর ঘরে বসে না থেকে চলে আস ময়দানে।......

আমাদের সমাজেও অনেক সাধারণ দ্বীনদার, আলেম রয়েছেন যারা প্রতি বছরই হজ্জ বা উমরা করেন। জিহাদ পরিত্যাগ করে প্রতিবছর হজ্জ বা উমরা করে এই সব লোক "আমলের নামে নিছক খেল-তামাশা" ছাড়া আর কিছুই করছেন না! বরং এটি আমলের নামে "আল্লাহর হুকুমের সাথে মশকরা এবং ফাইয্‌লামী"! জিহাদ বাদ দিয়ে বারবার হজ্জ ওমরা করার অর্থ হচ্ছে, হে আল্লাহ! তুমি যতই বল, আমি কিন্তু জিহাদ করছি না। এই আমল করাটা (মক্কা-মদীনায় বারবার যিয়ারত করা) আমার খুব ভালো লাগে, তাই এটিই বারবার করবো।

আপনারা এই আমলটাকে যতটুকু গুরুত্ব দিয়ে থাকেন, রাসূলুল্লাহ ﷺ যদি তাকে এতটাই গুরুত্ব দিয়ে থাকতেন তাহলে তিনি জীবনে মাত্র চারটা ওমরাহ করতেন না আর অন্যদিকে ষাটোর্ধ ছোট-বড় সামরিক অভিযান ও যুদ্ধ পরিচালনা করতেন না? তিনি যদি বছর বছর হজ্জ ওমরাহ করাকে এতই গুরুত্ব দিতেন, তাহলে তিনিও আপনার মতোই কয়েক হাজার বার হজ্জ-ওমরাহ করতেন। যদি আপনার এতই নেকীর দরকার হয়, তাহলে আসুন, ময়দানে আসুন।

মা-বোনের উপর ধর্ষণ আর নির্যাতনের ষ্টীম-রোলার স্ব-চক্ষে দেখে যান, বাপ-ভাই আর সন্তানের মর্মান্তিক খুন এসে নিজের চোখে দেখে যান। তাদের জন্য যদি নিজের গায়ের রক্তের ফোঁটা ঝরাতে না পারেন, আসুন, এক ফোঁটা অশ্রু বিসর্জন করে যান। হারামাইন শরীফাইনের ফাইভ-স্টার হোটেলগুলোতে খাবারের নামে অপচয় না করে অনাহারী, দুর্ভিক্ষপীড়িত, মযলুম মুসলমানদের মুখে এক লোকমা খাবার তুলে দিয়ে যান। এত অর্থ সম্পদ খরচ করে মক্কা-মদীনার এ.সির বাতাস না খেয়ে, ময়দানের উত্তপ্ত লূ হাওয়া খেয়ে যান। তাহলে আরশের অধিপতি আপনার প্রতি বেশি খুশি

হবেন, বেশি সওয়াব দিবেন, বেশি নৈকট্য দান করবেন। আপনি যদি নিজেকে হক্কানী, আল্লাহওয়ালা মনে করে থাকেন, তাহলে তো ময়দানে আপনার মতো লোকেরই দরকার। কেননা, যেহেতু আপনি ওলী-আউলিয়া, আপনার দুআ আল্লাহ পাক তো ফেলবেন না। আপনার দুআয় মুসলমানদের দুঃখ-কষ্ট দূর হবে, মুজাহিদ্‌দের আল্লাহ বিজয় দিবেন। তাই আসুন ময়দানে আসুন।

হ্যাঁ, আপনি যদি জিহাদের পাশাপাশি প্রতি বছর হজ্জ বা ওমরা করতে পারেন, তাহলে আল্লাহ তাআলার পক্ষ থেকে আপনার প্রতি কোনো অভিযোগ থাকবে না।

বারবার কেন হজ্জ-উমরাকারীদের কথা বলা হচ্ছে? কারণ, উম্মতের যেই লোকগুলোর হজ্জ-উমরা করার সামর্থ্য আছে, বুঝতে হবে এদের হিজরত করার মতো আর্থিক ও শারীরিক যোগ্যতা অবশ্যই আছে। তাছাড়া সামর্থ্যবান উম্মতের সকলের জন্যই কথাগুলো প্রযোজ্য।

আল্লাহ তাআলা আমাদের সকলকে সাহাবাওয়ালা দ্বীনী বুঝ দান করুন। আমীন।

বিভিন্ন মেহনতের সাথে জড়িত সাথিদের প্রতি শয়তানের ধোকাঃ

শয়তান মেহনতের সাথীদেরকে মেহনতের ধোকায় ফেলে।

কিভাবে?

প্রত্যেক দ্বীনদার মুসলমানই কম-বেশি কোনো না কোনো মেহনতের সাথে সম্পৃক্ত। যেমনঃ কেউ মাদরাসার খেদমত, কেউ দাওয়াত ও তাবলীগের মেহনত, কেউ এসলাহী মেহনত, কেউ ইসলামী রাজনীতির মেহনত, কেউ জিহাদের ময়দানে মেহনত করে। এক্ষেত্রে শয়তান যে যে মেহনতের সাথে লেগে আছে, তার কাছে সেই মেহনতের গুরুত্ব এমনভাবে পেশ করে যে, সে দ্বীনের অন্য কোনো মেহনতের সাথে জুড়ার কথা কল্পনাও করতে পারেনা। এক পর্যায়ে সে তার স্বীয় মেহনতকে পরিপূর্ণ মেহনত মনে করতে থাকে। কুরআনের ভাষায়,

كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ

"প্রত্যেক দলই আপন আপন মতবাদ নিয়ে উল্লসিত।" (৩০ সূরা রূমঃ ৩২)

হো হো হো! আমিই হক! আমিই হক! আমি আহলে সুন্নত ওয়াল জামাআত! আমিই সেই জামাত যার সম্পর্কে নবীজী ﷺ ভবিষ্যদ্বানী করেছেন, কেয়ামত পর্যন্ত একটি দল হকের উপর থাকবে! আমিই আল্লাহর নবীর ওয়ারিশ! আমিই নায়বে নবী! আমিই দ্বীনের ঠিকাদার! আমিই দ্বীনের পাহারাদার! আমিই নবীওয়ালা কামকরনেওয়ালা! আমি "সীরাতে মুস্তাকীমের উপর আছি! আমিই .... আমিই .... আমিই সব! শেষ যামানায় ইমাম মাহদী আমার দল থেকেই আসবেন! ইমাম মাহদী আমার তরীকার খলীফা হবেন; আমার মাদরাসার ছাত্র হবেন! হা হা হা!

আজ মুসলমানদের মুখে এরকম কত দাবী যে শুনা যায়, তার ইয়ত্তা নেই। আপনার এসব দাবী যে সত্য তার প্রমাণ কী? আপনার মন আপনাকে বুঝিয়ে দিল যে আপনি হক আর আপনি তাতেই বিশ্বাস করে ফেললেন? অথচ আপনি হকের মানদণ্ডে উত্তীর্ণ হয়েছেন কিনা তাতো একবারও ভাবলেন না! যার যিন্দেগী আল্লাহর রাসূলের যিন্দেগীর সাথে মিলবে, যার যিন্দেগী সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদের যিন্দেগীর সাথে মিলবে, সে-ই প্রকৃত হক, সে-ই প্রকৃত আহলে সুন্নাত ওয়াল জামাআত, সে-ই প্রকৃত নবীর ওয়ারিশ, সে-ই.............(বাকী সবকিছু)!

অনেকে তো আরো এক ধাপ এগিয়ে যায়, নিজের মেহনতকে ছাড়া দ্বীনের অন্যান্য মেহনতকে গোমরাহী ভাবা শুরু করে। হয়ত অনেকে অন্যান্য মেহনতকে গোমরাহী মনে করে না, কিন্তু যারা দ্বীনের অন্য মেহনত করে এবং তার মেহনতের সাথে জুড়ে না, তাদের সাথে সে এমন আচরণ করে যেন ঐ ব্যক্তিরা গোমরাহ হয়ে গেছে। এর কারণ কী? আত্মতুষ্টি। আমরা মেহনত করি এবং আত্মতুষ্টিতে ভুগি 'আলহামদুলিল্লাহ! আমি তো অনেক উঁচা মেহনতের সাথে জুড়ে আছি।' এই আত্মতুষ্টিই আমাকে নিজের মেহনতকে বড় এবং অন্যের মেহনতকে ছোট করে দেখার প্ররোচনা যোগায় এবং শয়তান ঘাড়ে চেপে বসে। আমি কখনো এটি চিন্তা করিনা যে, আমি হয়ত নিজেকে একটি বুঝ দিয়েছি, অথবা আমার নফস বা শয়তান আমাকে একটি বুঝ দিয়ে রেখেছে, ফলে নিজেকে নিজে সান্তনা দিচ্ছি, আমি তো একটা মেহনতের সাথে লেগেই আছি, আর অন্য কোনো মেহনতের দরকার নেই। এই কারণে আমার দ্বারা দ্বীনের জন্য বড় বড় কদম দেয়া হয়ে উঠে না। আমার দ্বারা বড় কোনো খেদমতও আল্লাহ তাআলা নিচ্ছেন না।

এরকম হওয়ার কারণ হচ্ছে, মেহনতের ক্ষেত্রে আমি সবসময় আমার রুচি, সুযোগ-সুবিধা ইত্যাদির উপর নির্ভর করে মেহনত করি। যে মেহনত আমার রুচি মাফিক হয়না, যে মেহনত হাতের নাগালে নেই, যেই মেহনতের দ্বারা আমি প্রথম দ্বীনের উপর চলা শুরু করেছি কিংবা আল্লাহ তাআলা যেই মেহনতের দাওয়াতের উসীলায় আমাকে দ্বীনের উপর উঠার তাওফীক দিয়েছেন, সেই মেহনত ছাড়া অন্য মেহনত করতে আমি রাজি নই। অথচ যে কোনো মেহনত করার পূর্বে আমাকে যাচাই করে দেখা দরকার, দ্বীন এবং মুসলমানদের জন্য বর্তমানে কোন্ বিষয়টি বেশি দরকার। কোন্ ক্ষেত্রে কাজ করলে অল্প সময়ে উম্মতের বেশি ফায়দা হবে। এর দ্বারা সওয়াবও বেশি হবে। আল্লাহ তাআলার সন্তুষ্টিও বেশি হাছিল হবে। যদি এমন হয়, বর্তমানে আল্লাহ তাআলা চাইছেন বা ফরযে আইন করেছেন যে, উম্মত এই মেহনত করুক আর আমি চাচ্ছি বা করছি অন্য মেহনত, অন্য কোনো নফল বা সুন্নত বা ওয়াজিব মেহনত, তাহলে একটু চিন্তা করি, আমার মেহনত কি আল্লাহ তাআলা গ্রহণ করবেন? আমি কি নিজেকে ধোকা দিচ্ছি না? নিঃসন্দেহে আমার সব মেহনত আল্লাহ তাআলার কাছে বেকার সাব্যস্ত হবে।

যখন জিহাদ ফরযে আঈন হয়ে যায়.....

যখন জিহাদ ফরযে আঈন হয়ে যায়, তখন উম্মতের সকলের উপর একটি মেহনত কিংবা পেশাই অনুমোদিত, আর সেটি হলো 'তরবারি'র মেহনত/পেশা অর্থাৎ জিহাদ। এটি ব্যতীত অন্য কোনো মেহনত/পেশায় নিয়োজিত হওয়া গুনাহে কবীরা। অন্য কোনো মেহনত/পেশায় নিয়োজিত হওয়া জায়েয নেই। মাদরাসাওয়ালাদেরকে মাদরাসা ছাড়তে হবে, তাবলীগওয়ালাদের তাবলীগ ছাড়তে হবে, খানকাহওয়ালাদের খানকাহ্ ছাড়তে হবে, রাজনীতিওয়ালাদের রাজনীতি ছাড়তে হবে, ব্যবসাওয়ালাদের ব্যবসা ছাড়তে হবে, ডাক্তারকে ডাক্তারী ছাড়তে হবে, ইঞ্জিনিয়ারকে ইঞ্জিনিয়ারী ছাড়তে হবে, চাকুরীওয়ালাদের চাকুরী ছাড়তে হবে, ছাত্রদেরকে পড়াশুনা ছাড়তে হবে, কৃষিজীবীদের কৃষি, খেত-খামার ও গরুর লেজ ছাড়তে হবে। যদি না ছাড়া হয়, সে ফাসেক, গোনাহে কবীরা করনেওয়ালা, আল্লাহ তাআলার ফরয হুকুম তরক করনেওয়ালা, হোক সে আল্লামা কিংবা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বক্তা বা ক্বারী, হোক সে গ্র্যান্ড মুফতী কিংবা শাইখুল ইসলাম, হোক সে শাইখুল হাদীস কিংবা শাইখুল কুরআন, হোক সে শামসুল উলামা কিংবা নাযমুল উলামা, হোক সে যামানার শ্রেষ্ঠ আলেম কিংবা শ্রেষ্ঠ বুযুর্গ, হোক না সে শ্রেষ্ঠ পীরে কামেল, হোক না সে শ্রেষ্ঠ দাঈ ইলাল্লাহ, সে যাই হোক না কেন, তার নামের আগে "ফাসেক" উপাধি যোগ হবে। মনে রাখবেন, এসকল টাইটেল বা উপাধি সাহাবাদের যামানায় ছিল না।

হ্যাঁ, নবুওয়তের যামানায় অবশ্য দুইটা টাইটেল ছিল। কেননা, সাহাবাদের জামাতে দুই শ্রেণির মুসলমান ছিল। এক. খাঁটি মুসলমান, দুই. মুনাফিক।

যারা আল্লাহর রাসূলের সাথে সকল জিহাদে অংশগ্রহণ করতেন, তাঁরা ছিলেন খাঁটি মুসলমান আর যাঁরা জিহাদ ত্যাগ করতো, তারা ছিল মুনাফিক। মুনাফিকরা মুসলমানদের সাথে সকল আমলে জুড়ত, জিহাদ ছাড়া। তাই বর্তমান সময়েও দ্বীনের সকল কাজ করার পরেও জিহাদ ত্যাগ করার কারণে 'মুনাফেক' হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে, যেমনটি আল্লাহর রাসূলের যামানায় ছিল।

দ্বীনতো সেটিই আছে, কিন্তু আমাদের মানসিকতা, চিন্তা-চেতনা নষ্ট হয়ে গেছে, 'হেকমত' নামের ভূত সকলের মাথায় চেপে বসেছে। যে যত বেশি জিহাদ থেকে পালানোর পন্থা উদ্ভাবন করতে পারি, সে তত বেশি হেকমতওয়ালা!!!

দ্বীনের সাথে সম্পর্কিত ব্যক্তিদেরই যদি এই অবস্থা হয়, তাহলে আমরা যারা দুনিয়ার গোলাম, দুনিয়া নিয়েই যাদের ভোর আর দুনিয়া নিয়েই যাদের সন্ধ্যা, যাদের মন-মগজ আর গিলুর ভিতর পুরোটাই দুনিয়া, তাদের অবস্থা কী হবে, একটু চিন্তা করি। বর্তমান যামানাই সেই যামানা, যেই যামানায় জিহাদ সকলের উপর ফরযে আঈন। আল্লাহ তাআলা চাইলে, এই যামানাই ইমাম মাহদী আলাইহিস্ সালামের যামানা। এখন আর অন্য কোনো কিছু করার সুযোগ কারোর নেই। আগে জিহাদ, পরে অন্য কিছু!!!

❖ আলেম সমাজকে শয়তানের ধোকা:

ধরুন, আপনি **কুরআন কারীমের তিলাওয়াত শিখানোর মেহনত** করেন। আপনার পাঁচশত বা হাজার খানেক নিয়মিত ছাত্র আছে। আলহামদুলিল্লাহ! অনেক মুবারক মেহনত। কেননা, আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেছেন, "তোমাদের মধ্যে সর্বোত্তম সেই ব্যক্তি যে নিজে কুরআন শিখে এবং অন্যকে শিখায়।" কিংবা মনে করুন, আপনি একজন **মাদরাসার উঁচু পর্যায়ের উস্তাদ,** আপনার দ্বারা ইলমী অনেক খেদমত আল্লাহ তাআলা নিচ্ছেন। এখন মনে করুন, আপনার উপর জিহাদ ফী সাবিলিল্লাহ' ফরয হয়ে গেল, তাহলে এখন আপনার করণীয় কি? রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরাম আপনার স্থানে থাকলে কী করতেন? এক্ষেত্রে আপনার করণীয় হলো, কুরআন কারীম শিখানোর মেহনত কিংবা মাদরাসার দরস্ দানের ইবাদত (যা একটি ফরযে কিফায়া কিংবা ক্ষেত্র বিশেষে নফল আমল) বাদ দিয়ে ফরয ইবাদতের দিকে দৌঁড় দেয়া। কেননা আপনি যদি ফরযে কিফায়া/নফল বাদ দেন এজন্য আপনাকে জবাবদিহি করতে হবে না, কিন্তু ফরয ত্যাগ করলে আপনাকে অবশ্যই আল্লাহ তাআলার সামনে অপরাধী সাব্যস্ত হতে হবে, আপনাকে 'ফাসেক' হতে হবে, যদিও আপনি অনেক বড় মেহনত করছেন। আপনি যদি জিহাদে যেতেন, হয়ত আল্লাহ তাআলা আপনার দ্বারা আরো অনেক খেদমত নিতেন। যেমন: কুফ্ফার কর্তৃক আক্রান্ত মুসলিম ভূমিতে আপনার মাধ্যমে মুসলমানদের দ্বীন শিক্ষার ব্যবস্থা হতো, আল্লাহ তাআলা আপনার দ্বারা পৃথিবীর কোনো ভূমিতে তাঁর দ্বীন পরিপূর্ণরূপে কায়েম করাতেন, ফলে সেখানে কুরআনের আইন প্রতিষ্ঠিত হতো, তখন আপনি এরকম হাজারটা

মাদরাসা প্রতিষ্ঠা করতে পারতেন, লক্ষ লক্ষ মানুষ কুরআন শিখতে পেত, দ্বীনের ইলম লাভ করে পরকালে নাজাত পেত আর আপনিও কেয়ামত পর্যন্ত সদকায়ে জারিয়ার সওয়াব পেতে থাকতেন। আর না হলে হয়ত আপনি শহীদ হয়ে কামিয়াবীর যিন্দেগী লাভ করতেন, সাথে সাথে অন্যরা দ্বীন কায়েম করে যে সওয়াব পেয়েছে, তাদের সাথে থেকে আপনিও সেই সওয়াব হাছিল করতে পারতেন। আল্লাহ তাআলা আপনার নিয়তের কারণে পরিপূর্ণই দিতেন, একটুও কম করতেন না।

আমরা (আলেমরা) জিহাদ করি না; তার কারণ......

➢ প্রথম কারণঃ

হিন্দুস্তানের একজন বিখ্যাত আলেম, নাম বললে অনেকেই চিনে ফেলবেন, উলামায়ে কেরামের জিহাদ না করার এমন এক কারণ বয়ান করলেন, শুনে অবাক হলাম, এবং ধরে নিলাম তিনি শুধু একা নন, উনার মতো বড় বড় অনেক আলেমই এই রোগে ব্যধিগ্রস্ত। তাই বিষয়টি উম্মতের সামনে পরিষ্কার করা দরকার। তিনি বললেন, "আমরা (আলেমরা) জিহাদ করিনা; কারণ, আমাদের চার মাযহাবের কোনো ইমাম এবং আমাদের অমুক অমুক আকাবীরদের যিন্দেগীতে সশস্ত্র জিহাদ ছিল না। তারা আজীবন এলেমের খেদমত করে গেছেন। তাই আমরাও আজীবন এলেমের খেদমত করে যাবো।"

ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন......
কী বললেন তিনি এটি! তাঁর মতো বুঝমান একজন আলেমের কাছে এ ধরণের মূর্খতাসুলভ কথা শোভা পায় না। অবশ্য বুঝলে তো আর তিনি

এমন কথা বলতেন না! তিনি জানেন না, ইসলামের বড় বড় ইমামদের উপর তিনি কত বড় অপবাদ আরোপ করলেন! অথচ আমি কিংবা তিনি- আমরা কেউই তাঁদের পায়ের ধূলার সমানও নই।
উনার উক্তিটি আরেকবার পড়ুন।......

এবার ভালো করে খেয়াল করুন, তিনি যখন উপরোক্ত উক্তিটি করলেন, তিনি আইম্মায়ে কেরামের উপর মূলতঃ নিচের অপবাদগুলো আরোপ করলেন-

১. আইম্মায়ে কেরাম কি দ্বীন বুঝেন নাই?
আমরা যেমন বুঝে-শুনে, যথেষ্ট কারণ বের করে জিহাদ করছি না, তেমনিভাবে তাঁরাও বুঝে-শুনেই জিহাদ করেননি। আমরা ও তাঁরা এক পথেই হাঁটছি। ঘুরিয়ে বললে, যদি আমরা দ্বীন বুঝে না থাকি, তাহলে তাঁরাও তো দ্বীন বুঝেন নাই! (নাউযুবিল্লাহ)

২. যেহেতু আমরা একই মানহাযের উপর আছি, সেহেতু যদি আমরা জিহাদ তরককারী হই, তাহলে তো তাঁরাও জিহাদ তরককারী! (নাউযুবিল্লাহ)

৩. একইভাবে, যদি জিহাদ ত্যাগ করার কারণে আমরা 'ফাসেক' হয়ে থাকি, তাহলে তো তাঁরাও ফাসেক ছিল! (নাউযুবিল্লাহ)

৪. আইম্মায়ে কেরাম কী জিহাদের গুরুত্ব বুঝেন নাই?
যেহেতু আমরা ও তাঁরা একই সিল্‌সিলার পথিক, জিহাদ না করার কারণে যদি আমরা জিহাদের গুরুত্ব না বুঝে থাকি, তাহলে তো তাঁরাও জিহাদের গুরুত্ব বুঝেন নাই! (নাউযুবিল্লাহ)

৫. তাঁরা ইলমের খেদমতকে জিহাদের ময়দানের খেদমতের চেয়ে বড় মনে করতেন। তাই তাঁরা আজীবন ইলমের খেদমত করে গেছেন। তাই আমরাও মনে করি, ইলমের খেদমত জিহাদের খেদমতের চেয়ে বড় ও অধিক গুরুত্বপূর্ণ। তাই আমরাও আজীবন মাদরাসার খেদমত করে যাবো। মাদরাসা থেকে কখনোই বের হবো না। যদি আমরা ভুল পথে থাকি, তাহলে তো আইম্মায়ে কেরামও ভুল পথের পথিক ছিলেন! (নাউযুবিল্লাহ)

এইখানে এসে কিছু কথা!!!

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "আমার সাহাবীরা (আসমানের) তারকার মতো, তোমরা যে কোনো একজনকে অনুসরণ করবে, হিদায়াত পেয়ে যাবে।" অর্থাৎ হিদায়াতের মানদণ্ড হচ্ছেন সাহাবায়ে কেরামগণ, অন্য কেউ নন। আল্লাহর রাসূলের ﷺ পর কাউকে অনুসরণ যদি করতেই হয়, তাহলে সাহাবায়ে কেরামকে অনুসরণ করতে হবে। পরবর্তী যামানার কেউ অনুসৃত হতে পারেন না।

আবার হাদীসে এও এসেছে,"সর্বশ্রেষ্ঠ জামাত হচ্ছে আমার সাহাবীদের জামাত, এরপর শ্রেষ্ঠ যারা তাদের পর (তাবেয়ীগণ), এরপর শ্রেষ্ঠ যারা তাদের পর (তাবে-তাবেয়ীগণ)।"

এখন আপনি যদি সাহাবীদের যিন্দেগী দেখেন, তাহলে তাঁদের প্রত্যেকের সীরাত মানেই সশস্ত্র জিহাদ বা কিতাল (যুদ্ধ)। প্রত্যেকের যিন্দেগীতেই কোনো না কোনো যুদ্ধের কাহিনী রয়েছে। এমনও সাহাবী আছেন, ঈমান আনার পর নামাযের ওয়াক্ত না হওয়ায় নামায পড়তে পারেননি, জিহাদ চলছিল, জিহাদের শরীক হয়ে শহীদ হয়ে যান। তাই নবীজী ﷺ-এর নির্দেশ অনুসারে যদি সাহাবীদের অনুসরণ করেন, তাহলে আপনাকে

জিহাদ করতেই হবে। এবার আসুন, তাবেয়ী ও তাবে-তাবেয়ীদের কথায়। তাঁদের সকলের যিন্দেগীতে জিহাদ পাওয়া যায় না। বিশেষতঃ চার মাযহাবের (ফিকাহ শাস্ত্রের) ইমামগণ, হাদীসের ইমামগণ, মুজতাহিদীন, এক কথায় ইলমের জগতের সাথে সম্পর্কিত ইমামদের যিন্দেগীতে খুব কম সংখ্যককেই পাবেন যাদের যিন্দেগীতে জিহাদ আছে। কেন? তাঁরা কি সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন না? যদি অনুসারী হয়েই থাকেন, তাহলে সাহাবাদের সকলের যিন্দেগীতেই তো জিহাদ ছিল, কিন্তু তাঁদের যিন্দেগীতে জিহাদ নেই কেন? আর যদি তাঁরা সাহাবীদের অনুসারী না হয়ে থাকেন, তাহলে তাঁরা 'আহলে সুন্নাত ওয়াল জামাআত' হলেন কিভাবে? নবীজী ﷺ এবং সাহাবায়ে কেরামের অনুসারী হলেন কিভাবে?............

আইম্মায়ে কেরাম অবশ্যই "আহলে সুন্নাত ওয়াল জামাআত", তাঁরা অবশ্যই হকের উপর ছিলেন, তাঁরা অবশ্যই সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন, সন্দেহ নেই। তাহলে, সাহাবাদের যিন্দেগীর সাথে পার্থক্য কেন? যদি তাঁরা সাহাবাদের অনুসারী হয়েই থাকেন, তাহলে (বর্তমান যামানায়) তাঁদেরকে কি অনুসরণ করা যাবে না? (যেহেতু তাঁরা হক ছিলেন), তাঁদেরকে অনুসরণ করতে গিয়ে যদি (বর্তমান যামানায়) জিহাদ না করা হয়, তাহলে কেন হকের উপর থাকা হবে না?..........

এইখানে এসেই আমাদের বর্তমান যামানার বড় বড় আলেমগণও ধোকা খান। বিষয়টি যতটুকু জটিল মনে হচ্ছে, আসলে এতো জটিল নয়। একটু মাথা খাটালেই বুঝে আসবে?

এক্ষেত্রে এসে আমাদের আলেম সমাজ ভুলে যান, শরীয়তের কিছু কিছু হুকুম পরিস্থিতির ভিন্নতার কারণে পরিবর্তনশীল। যেমন: কখনো কখনো কোনো কোনো পরিস্থিতিতে কোনো একটি হুকুম ফরযে আইন,

আবার একই হুকুম কখনো ফরযে কিফায়া। সাহাবাদের যামানা আর তাবেয়ী/ তাবে-তাবেয়ীদের যামানার পরিস্থিতি এক রকম ছিল না, আবার তাবেয়ী/ তাবে-তাবেয়ীদের যামানার সাথে বর্তমান পরিস্থিতির মিল নেই। বরং সাহাবায়ে কেরামের সময়ের সাথে বর্তমান যামানার যথেষ্ট মিল রয়েছে। নবুয়ওতের যামানায় যেমন পরিবেশ ইসলামের প্রতিকূল ছিল, বর্তমান যামানায়ও তেমনি প্রতিকূল পরিবেশ বিদ্যমান। অন্যদিকে তাবেয়ী/ তাবে-তাবেয়ীদের যামানা ছিল ইসলামের জন্য পুরোপুরি অনুকূল, মুসলমানদের নিরাপত্তার দিক থেকে 'স্বর্ণযুগ' বলা যেতে পারে।

অধিকাংশ আইম্মায়ে কেরাম কেন জিহাদ করেননি, আর বর্তমান যামানায় কেন তাদের যিন্দেগীর অনুসরণ করা যাবে না, তা বুঝতে হলে নিচের কথাগুলো ভালোভাবে বুঝার চেষ্টা করুন-

১. আইম্মায়ে কেরামের যামানায় জিহাদ 'ফরযে আইন' ছিল না, 'ফরযে কিফায়া' ছিল। তখন ইসলামী খিলাফত ছিল। দেশরক্ষা এবং অমুসলিমদের অঞ্চলগুলো জয় করার জন্য উম্মতের যথেষ্ট পরিমাণ বাহিনী ও শক্তি ছিল। শাসকগোষ্ঠীও জিহাদ ছাড়া অন্য কিছু বুঝতো না। সাধারণ মুসলমানদের মাঝে জিহাদের জযবা একশতে একশ ছিল। পৃথিবীর বাতিল শক্তিগুলো মুসলমানদের উপর তরবারি উত্তোলন করবে তো দূরে থাক্, নিজেরাই মুসলমানদের ভয়ে দৌঁড়ের উপর ছিল। দিগ্বিজয়ী মুসলমান সেনাপতিরা তাদের ঘুম হারাম করে রেখেছিলেন। এই সকল কারণে তখন সাধারণভাবে সকল মুসলমানের উপর জিহাদ ফরয (ফরযে আইন) ছিল না। আর তাই জিহাদ না করার কারণে আইম্মায়ে কেরাম দোষী সাব্যস্ত হবেন না। কিন্তু বর্তমানে উম্মতের পরিস্থিতি কী, তা লক্ষ্য করুন! আগেই

এ বিষয়ে আলোকপাত করা হয়েছে যে, বর্তমানে জিহাদ ফরযে আইন হয়ে গিয়েছে, ফরযে কিফায়া নয়। তাই এখন কেউ জিহাদ না করলে দোষী সাব্যস্ত হবেন।

২. আইম্মায়ে কেরামের যামানায় ইলমের খেদমত করা ফরযে আইন ছিল। কিভাবে? আল্লাহর রাসূল ﷺ-এর ওফাতের পর নানামুখী ফেতনা দেখা দেয়। এর মধ্যে অন্যতম প্রধান ফেতনা হলো, ইহুদী-নাসারা ও মুনাফিক কর্তৃক জাল হাদীস ও মাসলা-মাসাইল উদ্ভাবনের ফেতনা। এরা বিভিন্ন রকমের মনগড়া জাল হাদীস বানিয়ে উম্মতকে গোমরাহ করছিল। তাই তখন সময়ের দাবী ছিল, হাদীস এবং মাসলা মাসাইল (ফিক্হ) সমূহ কিতাবাকারে লিপিবদ্ধ করা। উম্মতকে ধ্বংসের মুখ থেকে বাঁচানোর জন্য সহীহ হাদীস ও বিশুদ্ধ ফিক্হের ইলমকে সংরক্ষিত করার ব্যবস্থা কর। আর যারা এ কাজের উপযুক্ত ছিলেন, সে সকল ব্যক্তিদের উপর কাজটি ফরযে আইন ছিল। আইম্মায়ে কেরাম যদি তখন ইলমের খেদমত (যা তখন ফরযে আইন হয়ে গিয়েছিল, তা) বাদ দিয়ে জিহাদের (যা তখন ফরযে কিফায়া ছিল, তার) মেহনত করতেন তাহলে উম্মত লাভবান হওয়ার পরিবর্তে ক্ষতিগ্রস্ত হতো বেশি। এবং তাঁরা ফরয তরকের গুনাহে দোষী হতেন। তাঁদের আজীবন সাধনার প্রেক্ষিতে ইলমের খেদমত আবারো ফরযে কিফায়া হয়ে যায়, যা বর্তমান পর্যন্ত বিদ্যমান আছে এবং কিয়ামত পর্যন্ত বিদ্যমান থাকবে ইন্শাআল্লাহ। যেহেতু বর্তমানে ইলমের খেদমত করা ফরযে কিফায়া, আর জিহাদ ফরযে আইন, তাই কেউ যদি মাদরাসা নিয়ে বসে থাকে, তাহলে তার ফরয তরক করার গুনাহ হবে।

৩. হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ বলেন, "দ্বীনের রক্ষা প্রাচীর চারটি, যথা: ইলম, তাযকিয়া, দাওয়াত ও জিহাদ। এর কোনো একদিকে দূর্বলতা থাকলে বাতিল সেদিক দিয়েই উম্মতকে আক্রমণ করবে।" অর্থাৎ একথা থেকে বুঝা যায়, বাতিল যদি কোনো একদিকে আক্রমণ করে, বুঝতে হবে ঐ দিকটি উম্মতের দুর্বল হয়ে গিয়েছে। তখন সেদিকটিকে শক্তিশালী করা উম্মতের উপর ফরয। আইম্মায়ে কেরামের সময় যেহেতু বাতিলের আক্রমণ ইলমী ময়দানে ছিল (অন্যদিকে জিহাদের ক্ষেত্রে উম্মত তখন যথেষ্ট শক্তিশালী ছিল), তাই তখন সেটিকে সুরক্ষিত করা ফরযে আইন ছিল। আলহামদুলিল্লাহ তাঁরা সেটি যথাযথভাবে পালন করেছেন। কিন্তু বর্তমানে উম্মত জিহাদের ক্ষেত্রে দুর্বল হয়ে যাওয়ায়, বাতিলের আক্রমনের শিকার হচ্ছে, তাই বর্তমানে জিহাদ ফরযে আইন।

৪. যদিও আইম্মায়ে কেরামের সকলেই জিহাদ করেননি, কিন্তু তাঁরা কেউই কখনো বাতিলের সাথে আপোস করেননি। কোনো কুফরকে হেকমত হিসেবে গ্রহণ করেননি। শাসকগোষ্ঠীর আনুগত্য করেননি। তাদের দরবারে গমন করেন নি। তাঁদের ঈমান বিক্রি করেননি। বরং শাসকদেরকে সৎকাজে আদেশ এবং অসৎকাজে নিষেধ করেছেন (যা সবচেয়ে বড় জিহাদ)। বর্তমান যামানায় আলেমরা তাঁদের উল্টাপথে চলেও দাবী করেন যে, তাঁরা আইম্মায়ে কেরামের অনুসারী।

৫. সেই যামানার আইম্মায়ে কেরাম যদি বর্তমান সময়ে জন্মগ্রহণ করতেন, অবশ্যই তাঁরা "ইমামুল ফিকাহ" না হয়ে "ইমামুল জিহাদ" হতেন। কেননা তাঁরা আমলের গুরুত্ব বুঝতেন, আমলের প্রয়োজনীয়তা বুঝতেন, ফরযে আইন অবস্থায় জিহাদ পরিত্যাগের ক্ষতি ও শাস্তির কথা

তাঁরা উপলব্ধি করতেন। জিহাদ যেন উম্মতের মাঝে পুনর্জাগ্রত হয়, সেজন্য মেহনত করতেন, সেজন্য কলম ধরতেন।

৬. আইম্মায়ে কেরাম সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন। কেননা সাহাবায়ে কেরামের যিন্দেগীতে বিভিন্ন পরিস্থিতিতে জিহাদের দুইটি অবস্থাই ছিল। কখনো জিহাদ ফরযে আইন হতো তখন সকলকেই তাতে জুড়তে হতো, না জুড়লেই মুনাফিক। আবার কখনো জিহাদ ফরযে কিফায়া হতো, তখন সবাই তাতে অংশগ্রহণ করতেন না।

আচ্ছা বলুনতো,

ইসলামের প্রথম যুদ্ধ কী?........... বদরের যুদ্ধ।

এটি আক্রমণাত্মক নাকি আত্মরক্ষামূলক?...........আক্রমণাত্মক (Offensive)। কেননা, আল্লাহর রাসূল ﷺ আবু সুফিয়ানের বাণিজ্য কাফেলা আক্রমণ করতে বের হলেন। এই বাণিজ্য কাফেলাকে রক্ষা করার জন্য মক্কা থেকে বাহিনী আসলে বদর প্রান্তরে তারা মুসলমানদের মুখোমুখি হয়। যেহেতু এতে মুসলমানরা আক্রান্ত হয়নি, বরং মুসলমানরাই আগে বেড়ে আক্রমণ করতে গিয়েছে, তাই এটি ছিল আক্রমণাত্মক (Offensive) জিহাদ।

এটি কি ফরযে আইন ছিলো নাকি ফরযে কিফায়া?...........ফরযে কিফায়া। যেহেতু আক্রমণাত্মক তাই এটি ফরযে কিফায়া। এ কারণেই আল্লাহর রাসূল ﷺ মদীনার সকল সাহাবীদের সাথে করে নিয়ে বের হননি। মদীনায় তখন হাজারের উপর পুরুষ সাহাবী ছিলেন, এর মধ্য থেকে মাত্র ৩১৩ জনকে নিয়ে আক্রমণাত্মক এই অভিযানে বের হন। অর্থাৎ যুদ্ধটি

ছিল ফরযে কিফায়া। এছাড়াও মূতা, মক্কা বিজয়, খাইবার অভিযান ইত্যাদি আক্রমণাত্মক যুদ্ধ ছিল।

এবার আসুন বাকি যুদ্ধগুলো, যেমন: ওহুদ, খন্দক, তাবুক, হুনাইন ইত্যাদি এগুলো ছিল প্রতিরক্ষামূলক (Defensive) যুদ্ধ। এই যুদ্ধগুলোতে সকলের অংশগ্রহণ বাধ্যতামূলক (ফরযে আইন) ছিল, কেবল হুনাইনের যুদ্ধ ছাড়া। হুনাইনের যুদ্ধে আল্লাহর রাসূল বার হাজার সাহাবীকে সাথে নেন, যারা শত্রুদের মোকাবেলার জন্য যথেষ্ট ছিল।

আমাদের আইম্মায়ে কেরামের যামানায় যেহেতু জিহাদ ফরযে কিফায়া ছিল, আর তাঁদের জিহাদ করার প্রয়োজনও ছিল না, বরং তাঁরা ইলমের হিফাযতের জন্য ফরযে আইন খিদমত আঞ্জাম দিচ্ছিলেন, তাই তাঁরাও মূলত সাহাবায়ে কেরামের আদর্শের উপরই ছিলেন, কেননা, ফরযে কিফায়া যুদ্ধগুলোতে সকল সাহাবী যোগ দিতেন না।

ভালো করে বুঝে নিন, বর্তমান যামানার প্রেক্ষাপট হলো ওহুদ, খন্দক কিংবা তবুকের যুদ্ধের ন্যায়, আর এই যুদ্ধগুলোতে সকল মুসলমানদের অংশগ্রহণ করা বাধ্যতামূলক ছিল। খন্দকের জিহাদের কাজ করতে গিয়ে স্বয়ং আল্লাহর রাসূলের ﷺ চার ওয়াক্ত নামায কাযা হয়ে যায়, এ থেকেই প্রতিরক্ষামূলক জিহাদের গুরুত্ব বুঝে আসে। কেবল মুনাফেক ছাড়া এই যুদ্ধগুলোতে সকল সাহাবায়ে কেরাম অংশগ্রহণ করেছিলেন। আর মুনাফেক সর্বপ্রথম চিহ্নিতই হয় ওহুদের যুদ্ধের সময়। তাই আমরা যারা ফরযে আইন জিহাদ ত্যাগ করে ঘরে বসে আছি, আমাদের "মুনাফেকী"র ব্যাপারে খুব ভয় করা দরকার। আল্লাহ তাআলা আমাদেরকে মুনাফেকী থেকে হেফাযত করুন। আমীন।

তাই যারা বলেন,"আইম্মায়ে কেরাম জিহাদ করেননি, তাই আমরাও জিহাদ করবো না।" তাদেরকে বলি-

✓তাঁরা দ্বীন বুঝেই জিহাদ করেননি, আর আপনারা দ্বীন না বুঝার কারনে জিহাদ ত্যাগ করেছেন।

✓তাঁরা আল্লাহ তাআলার কাছে জিহাদ তরককারীদের অন্তর্ভূক্ত ছিলেন না, কিন্তু আপনাদের ব্যাপারে ভয় আছে।

✓তাঁরা ফরয তরককারী ফাসেক ছিলেন না, কিন্তু আপনাদের ব্যাপারে প্রবল আশঙ্কা আছে।

✓তাঁরা জিহাদের গুরুত্ব বুঝেছিলেন, এজন্যই জিহাদ করেননি। আর আপনারা জিহাদের গুরুত্ব বুঝছেন না, এজন্য জিহাদ করছেন না।

✓তখন জিহাদ ছিল ফরযে কিফায়া আর ইলমের খিদমত ছিল ফরযে আইন। তাই তারা ইলমের খেদমতকে বেশি গুরুত্ব দিয়েছিলেন। আর বর্তমানে জিহাদ ফরযে আইন আর ইলমের খিদমত ফরযে কিফায়া। তাই আপনারা একই কাজ করে অর্থাৎ ইলমের মেহনতকে বেশি গুরুত্ব দিয়ে আইম্মায়ে কেরামের উল্টো পথে হাঁটছেন।

✓তাঁরা জিহাদ না করার কারণে তাঁদের ব্যাপারে মুনাফেকীর ভয় ছিল না, তাঁদের যামানায় সেই পরীক্ষা আসেনি; কিন্তু বর্তমানে সমস্ত উম্মতের উপর সেই পরীক্ষা চাপিয়ে দেয়া হয়েছে, যা এসেছিল সাহাবাদের জামাতের উপর। সুতরাং সাবধান!

➢ দ্বিতীয় কারণঃ

হাদীসে এসেছে, নবীদের সাথে আলেমদের মর্যাদার পার্থক্য হবে মাত্র এক স্তরের। পার্থক্যটা শুধু এজন্য যে, নবীদের কাছে ওহী আসত আর আলেমদের কাছে ওহী নাযিল হয় না। কিন্তু তাঁরা উভয়েই ইলমে ওহীর ধারক ও বাহক। হাদীস থেকে বুঝা যায়, উম্মতের মধ্যে সবচেয়ে বেশি মর্যাদাবান উলামায়ে কেরাম, এমনকি মুজাহিদ এবং শহীদদের থেকেও। যেমন, আরেক হাদীসে এসেছে, "ইবাদতকারীর ওপর একজন আলেমের শ্রেষ্ঠত্ব যেমন, সমস্ত তারকার ওপর পূর্ণিমার চাঁদের শ্রেষ্ঠত্বের মত।"

হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ বলেন, "এ হাদীস দ্বারা ইলমের এমন মাহাত্ম্য প্রমাণিত হয় যে, ইলমের স্থান নবুওয়তের পরে এবং শাহাদাতের পূর্বে। অথচ শাহাদাতের শ্রেষ্ঠত্ব সম্পর্কে অসংখ্য হাদীস বর্ণিত আছে।"

তাই, আমাদের (আলেমদের) জিহাদ করার দরকার কী? আমাদের স্থানতো মুজাহিদদের উপরেই আছে? আমরা কেন নিচে নামব? আমরা তো অধিক গুরুত্বপূর্ণ ইবাদতই করছি? দ্বীনের অধিক গুরুত্বপূর্ণ খিদমতই করছি?

এখন আমি আপনাদেরকে (আলেমদেরকে) কিছু প্রশ্ন করছি,

কোন্ আলেমের স্থান নবীদের পরে, কিন্তু শহীদের আগে?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম নামায পড়ে না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম রোযা রাখে না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম যাকাত ফরয হওয়া সত্ত্বেও যাকাত আদায় করে না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেমের উপর হজ্জ ফরয হওয়া সত্ত্বেও হজ্জ করে না?

প্রশ্ন হচ্ছে, যেসব আলেম 'ফরযে আইন' উক্ত কাজগুলো করে না, তাদের স্থান কি নবীদের পরে, আর শহীদের আগে হবে? হবে না! কারণ, সে ইল্‌মের যত বড় জাহাজ আর যত বড় সাগরই হোক না কেন, সে 'একজন ফাসেক আলেম'। আর কোনো ফাসেকের স্থান নবীদের পরে হবে, আর শহীদের আগে হবে, এটি কিভাবে সম্ভব?

তাই যদি হয়, তাহলে নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম তার উপর আপতিত অন্য কোনো 'ফরযে আইন' হুকুমকে আদায় করে না?

তাই বর্তমান যামানায় (আপনি মানেন আর না মানেন, কারো নফ্‌স এতে সায় দেক বা না দেক) জিহাদ যখন ফরযে আইন হয়ে গেছে, তখন যে সব আলেম জিহাদ করছে না, জিহাদের বিষয়ে কথা বলছে না, জিহাদের জন্য কলম ধরছে না, জিহাদের জন্য ময়দানে আসছে না, তাদেরকে কেন 'ফাসেক' বলা হবে না?

আর জিহাদ না করার কারণে তারা যদি 'ফাসেক' হয়, তাহলে ফাসেকের স্থান কেন নবীদের পরে আর শহীদের আগে হবে?

এরা কত বড় আলেম যে, এদের জিহাদ করা লাগে না?

এরা কি হযরত আবূ বকর রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত ওমর রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত ওসমান রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আলী রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আবূ হুরাইরা রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আমর ইবনুল আস রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আবূ উবাইদা ইবনুল জার্‌রাহ রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আব্দুল্লাহ ইবনে যুবাইর রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

এরা কি হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রদিয়াল্লহু আনহুর চেয়েও বড় আলেম?

....

এরা এমনি ভাবে কোন্ সাহাবী রদিয়াল্লহু আনহুর চেয়ে বড় আলেম?

নাকি এরা নিজেদেরকে স্বয়ং আল্লাহর রাসূলের ﷺ চেয়েও বড় আলেম মনে করে? (নাউযুবিল্লাহ)

“ফরযে আইন” অবস্থায় যদি কোনো সাহাবী জিহাদ ছাড়া ‘আলেম’ না হতে পারেন, বরং মুনাফেকদের তালিকায় নাম চলে যায়, তাহলে বর্তমান যামানার আলেমরা জিহাদ না করে, জিহাদের পক্ষে না থেকে, উল্টো পৃথিবীতে যেন জিহাদ না থাকে সেজন্যে জিহাদের বিরুদ্ধে ফতোয়াবাজি করে কিভাবে “মুনাফিক” হয় না? কিভাবে এরা ‘আলেম’ হয়ে যায়? শুধু কুরআন-হাদীসের জ্ঞান থাকলেই যদি আলেম হয়ে যায়, তাহলে তো ইবলিস সবচেয়ে বড় আলেম, ইবলিসের স্থান সকল আলেমের উপরে!

হাদীস শরীফে বর্ণনা করা হয়েছে, “মুনাফিকদের মধ্যে দুটি অভ্যাস পাওয়া যায় না। (১) চমৎকার পথ প্রদর্শন (হিদায়াত), (২) দ্বীনের ইলম (ফিক্হ)।”

হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ তাঁর “এহইয়াউ উলূমিদ্দীন” কিতাবে লেখেন, “মনে রাখতে হবে, সমসাময়িক ধর্মীয় জ্ঞানে জ্ঞানী (কিছু শব্দ ও বাক্যের অধিকারী) আলেমদের কপটতা (মুনাফেকী) দেখে এ হাদীস সম্পর্কে সন্দেহ করা ঠিক হবে না। কেননা ফেকাহ শব্দ বলে আল্লাহর রাসূল ﷺ সে জ্ঞান বুঝাননি, যা আপনারা ধারণা পোষণ করে থাকেন। প্রকৃত ফেকাহবিদ তিনিই যিনি আখিরাতকে দুনিয়া অপেক্ষা উত্তম বলে মানে (এবং তাঁর যিন্দেগীতে তা প্রকাশ পায়)।”

সুতরাং বাহ্যিক লেবাস-পোশাক আর ডিগ্রি দেখে ধোকা খাবেন না!

যে আলেমের মাঝে আখিরাতের ভয় আছে, তিনি কী করে ফিস্ক-এর ভয় করেন না?

যে আলেমের মাঝে আখিরাতের ভয় আছে, তিনি কী করে নিফাক্-এর ভয় করেন না?

أَأَمِنتُمْ مَّن فِى ٱلسَّمَآءِ أَن يَخْسِفَ بِكُمُ ٱلْأَرْضَ فَإِذَا هِىَ تَمُورُ- أَمْ أَمِنتُمْ مِّن فِى ٱلسَّمَآءِ أَن يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِباً فَسَتَعْلَمُونَ كَيْفَ نَذِيرِ

"তোমরা কি ভাবনা মুক্ত হয়ে গেছ যে, আকাশে যিনি আছেন তিনি তোমাদেরকে ভূ-গর্ভে বিলীন করে দিবেন, অতঃপর তা কাঁপতে থাকবে। না তোমরা নিশ্চিন্ত হয়ে গেছ যে, আকাশে যিনি আছেন, তিনি তোমাদের উপর প্রস্তর বৃষ্টি বর্ষণ করবেন, অতঃপর তোমরা জানতে পারবে কেমন ছিল আমার সতর্কবাণী।" (৬৭ সূরা মূলক: ১৬-১৭)

وَلَقَدْ أَهْلَكْنَآ أَشْيَاعَكُمْ فَهَلْ مِن مُّدَّكِرٍ

"আমি তোমাদের সমমনা লোকদেরকে ধ্বংস করেছি, অতএব, কোনো চিন্তাশীল আছে কি?" (৫৪ সূরা ক্বমার: ৫১)

তাইতো দেখা যায়, একটু ঝড়-বৃষ্টি শুরু হলেই সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম আযমাঈনগণ আল্লাহ পাকের আযাব থেকে পানাহ চাওয়ার জন্য মসজিদে ছুটে আসতেন। আহ্! তাঁদের কোনো গুনাহ না থাকা সত্ত্বেও, তাঁদের উপর আল্লাহ পাক রাজি-খুশি হওয়া সত্ত্বেও তারা

আল্লাহ পাককে কতটা ভয় করতেন, তাঁর আযাবকে কি পরিমাণ ভয় করতেন! আর আমরা বেপরোয়াভাবে এত গুনাহ করার পরও নিশ্চিন্তে নাকে তেল দিয়ে ঘুমাচ্ছি। আজ উম্মতের উপর আযাব আসবে না কেন? আযাব তো শুধু ঘূর্ণিঝড়, বন্যা আর ভূমিকম্পের নাম নয়!

মুসলমানদের উপর কুফ্ফারদের চাপিয়ে দেয়া- আযাব!

ইলম উঠিয়ে নেয়া- আযাব!

দুআর মজা না পাওয়া- আযাব!

ইবাদত করতে ভালো না লাগা- আযাব!

চোখে পানি না আসা- আযাব!

অসুখ বিসুখ চাপিয়ে দেয়া- আযাব!

পারিবারিক জীবনে অশান্তি- আযাব!

ক্ষমতার আসনে যালেম সরকার- আযাব!

ক্ষমতায় নারী নেতৃত্ব- আযাব!

উলামায়ে কেরামদের সরকারের অনুগত হয়ে যাওয়া- আযাব!

তাদের মুখ বন্ধ করে রাখা- আযাব!

দাওয়াত ও তাবলীগের মেহনত বন্ধ হয়ে যাওয়া- আযাব!

অশ্লীলতা ও নারীর ফেতনা- আযাব!

চারদিকে ফেতনা আর ফেতনা- আযাব!

এগুলো তো ঘূর্ণিঝড়, বন্যা আর ভূমিকম্পের চেয়েও ভয়াবহ আযাব। কেননা ঘূর্ণিঝড়, বন্যা আর ভূমিকম্পে তো মরে গেলেই শেষ হয়ে গেল। কিন্তু এগুলোতে মানুষের জন্য দুনিয়া ও আখিরাত উভয় জাহানেই আগুন

নিহীত রয়েছে, এগুলোতে ব্যক্তি মরবে না কিন্তু যতদিন জীবিত থাকবে অগ্নিকুণ্ডে দগ্ধ হয়ে ঝলসাবে! আখিরাত বরবাদ হয়ে অনন্তকাল জাহান্নামে জ্বলবে! যদিও আমরা আযাবে গ্রেপ্তার হয়েও অধিকাংশই বুঝি না, বা বুঝার ক্ষমতা রাখিনা যে আমাদেরকে আযাব দেয়া হচ্ছে। এটি স্বতন্ত্র আরেকটি আযাব!

তাই উপরোল্লিখিত কোনো একটি আযাব যদি আমরা বুঝতে পারি, তাহলে আমাদেরকে আগে দেখতে হবে, আমার দ্বারা কোনো নাফরমানী হয়ে যাচ্ছে কিনা! আমল করে বা তদবীর করে আযাব দূর করার আগে, নিজের ভুল-ত্রুটি ও গুনাহগুলোকে খুঁজে বের করতে হবে এবং তাওবা করে ফিরে আসতে হবে। আল্লাহ তাআলা আমাদের হেফাযত করুন। আমীন।

পূর্ববঙ্গে আযাব ও প্রসঙ্গঃ গাযওয়ায়ে হিন্দ।

পূর্ববঙ্গে (বাংলাদেশে) শুনা যাচ্ছে, সারা দেশ ব্যাপী বন্যা ও ডেঙ্গু জ্বরের উপদ্রূপ। প্রতিদিনই ডেঙ্গু জ্বরে মানুষ মারা যাচ্ছে। নিঃসন্দেহে এটি সে দেশের জন্য আযাব। আর এগুলো শুরু হয়েছে, দুই ঈদের মাঝখানে। নেয়ামাতুল্লাহ কাশ্মিরী রাহিমাহুল্লহু এক হাজার বছর আগে ভবিষ্যদ্বাণী করেছিলেন যে, মুসলামানদের একটি শহর বা দেশ গাযওয়াতুল হিন্দে হিন্দুদের বলীর পাঠা হবে। ঘরে ঘরে কারবালা ঘটাবে। অধিকাংশ আলেম উলামাদের আশংকা সেটি হবে পূর্ববঙ্গ (বাংলাদেশ), কেননা সেখানে বর্তমানে মুনাফেক সরকার ক্ষমতাসীন। (পূর্ববঙ্গ আসামের তো মুশরীক সরকার।) আবার নারী ক্ষমতায় থাকাতে (হাদীসের ভাষ্য অনুযায়ী), সে জাতি অভিশপ্ত জাতি। তাই কোনো একটি অভিশপ্ত জাতির উপর যে

কোনো সময় আযাব আসাটাই স্বাভাবিক। মায়ানমারের মুসলমানদের উপর এত নির্যাতনের পরও সে দেশের উলামায়ে কেরামকে জিহাদ ঘোষণার পরিবর্তে উদ্বাস্তুদের মাঝে গরু আর খাসী বিতরণে ব্যস্ত দেখা যাচ্ছে। দাওয়াত ও তাবলীগের মেহনতকে ধ্বংস করে দেয়া হয়েছে। তারও কারণ সাথীদের বদ আমল। খেলাফে সুন্নত কার্যকলাপ। তাই সেদেশের উপর আযাব আসাটা অত্যন্ত স্বাভাবিক। (আল্লাহই ভালো জানেন)। তবে পূর্ববঙ্গের মুসলমানদের জন্য সতর্কবাণী হচ্ছে আল্লাহ তাআলা বড় আযাব পাঠানোর আগে ছোট ছোট আযাব প্রেরণ করে থাকেন যেন বান্দারা সঠিক পথে ফিরে আসে। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَلَنُذِيقَنَّهُمْ مِّنَ ٱلْعَذَابِ ٱلْأَدْنَىٰ دُونَ ٱلْعَذَابِ ٱلْأَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ

"গুরু শাস্তির পূর্বে আমি অবশ্যই তাদেরকে লঘু শাস্তি আস্বাদন করাব, যাতে তারা প্রত্যাবর্তন করে।" (৩২ সূরা আস্ সাজদাহ: ২১)

তাই দুই ঈদের মাঝখানে বন্যা ও বিশেষ করে ডেঙ্গু জ্বর আল্লাহ তাআলার পক্ষ থেকে সতর্কবাণী। এডিস মশা আগে কেবল ঢাকাতেই ছিল। কিন্তু বর্তমানে সারা দেশে ছড়িয়ে গেছে। প্রশ্ন হলো, মশাগুলো আগে কেন ছড়ায়নি? হঠাৎ করে তারা সারা দেশের রাস্তাঘাট কিভাবে চিনে ফেলল? এরা কি আল্লাহ তাআলার হুকুম ছাড়াই সারা দেশে ছড়িয়ে পড়ল? এরা কি আল্লাহ তাআলার জ্ঞানের বাহিরেই ছড়িয়ে পড়েছে? না! আসলে যিনি এই মশা বানিয়েছেন এবং এরা যার বাহিনী তিনিই এদেরকে এমনটি করতে হুকুম দিয়েছেন। আল্লাহ তাআলার বাহিনী সম্পর্কে কেউ কোনোদিন কল্পনাও করতে পারবে না। শাহ নেয়ামাতুল্লাহ কাশ্মিরী রাহিমাহুল্লাহ কাসীদাতে বলেছেন, পাঞ্জাবের একটি অঞ্চল (কাশ্মীর) মুসলমানরা জয়

করার পরই গাযওয়াতুল হিন্দ শুরু হবে। ১৪৪০ হিজরী চলছে। বর্তমানে কাশ্মীরে হিন্দু কর্তৃক মা-বোনদের ধর্ষণ, যুলুম-নির্যাতন আর হত্যাকাণ্ড চরম পর্যায়ে পৌঁছেছে, হয়তো ১৪৪০ হিজরী বা ১৪৪১ হিজরীতেই (২০১৯-২০২০ সালের মাঝেই) মুসলমানরা কাশ্মীর জয় করে নিবে ইনশাআল্লাহ। এরপর পূর্ববঙ্গের (বাংলাদেশের) পালা। তাই সেখানকার মুসলমানরা সতর্ক হই। সঠিক ইসলামে ফিরে আসি। জিহাদের প্রস্তুতি নেই। আল্লাহ তাআলাই পথ প্রদর্শনকারী।

আখিরাতের ঘাটিসমূহের ভয়ঃ

সকল নবী-রাসূলগণ এবং তাঁদের পর সাহাবাগণের একটি মৌলিক বৈশিষ্ট্য হলো যিকরে আখিরাত (আখিরাতের স্মরণ)। যে যত বেশি আখিরাতের ইলম হাছিল করতে পেরেছে, তার মধ্যে দুনিয়াবিমুখতা, পরহেযগারী, আল্লাহর ভয় ইত্যাদি তত বেশি পরিমাণে পাওয়া যায়। নবীজী ﷺ যখন জান্নাত-জাহান্নামের আলোচনা করতেন, তখন সাহাবায়ে কেরামগণের কাছে মনে হতো যেন তাঁরা নিজের চোখে তা দেখতে পাচ্ছেন। কবর, হাশর, মীযান, পুলসিরাত, জান্নাত ও জাহান্নাম ইত্যাদি আখিরাতের ঘাঁটিসমূহের আলোচনায় তাঁরা ভীত-সন্ত্রস্ত হয়ে অধিক পরিমাণে কান্না করতেন।

হযরত উসমান রদিয়াল্লহু আনহু যখনই কোনো কবরের পাশে দাঁড়াতেন, তখনই এত কান্নাকাটি করতেন যে, (চোখের পানিতে) তাঁর দাঁড়ি ভিজে যেত। কেউ তাকে প্রশ্ন করলো যে, কি ব্যাপার! আপনি জান্নাত-জাহান্নামের আলোচনা হলে তো আপনি এতো কান্না করেন না,

কিন্তু কবর দেখেই কেন এত কান্না করেন? উত্তরে তিনি বলতেন যে, আমি শুনেছি যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন: নিশ্চয় কবর হলো আখিরাতের মনযিল সমূহের মাঝে প্রথম মনযিল। এই মনযিলে যে ব্যক্তি মুক্তি পাবে, পরবর্তী মনযিলগুলো অতিক্রম করা তার জন্য সহজ হয়ে যাবে। আর যদি এখানে কেউ ধরা পড়ে যায়, তাহলে পরবর্তী মনযিলগুলো হবে তার জন্য আরো ভয়াবহ। (তিরমিযী)

মুনাফেকীর ভয়ঃ

যাদের অন্তরে কুফুরী, যারা অন্তর থেকে ইসলাম ও আল্লাহর হুকুমকে কবুল করেনি কিন্তু নিজেকে মুসলমান হিসেবে পরিচয় দেয়, তাদেরকে মুনাফিক বলা হয়।

হযরত ইবনে আবি মুলাইকা রাহিমাহুল্লাহ বলেন, "আমি ত্রিশজন সাহাবা রদিয়াল্লহু আনহুম আযমাঈনদের সহিত সাক্ষাৎ করেছি। তাঁরা প্রত্যেকে নিজের সম্পর্কে মুনাফিক হওয়ার ভয় করছিলেন।" (বুখারী)

অর্থাৎ তাঁরা মনে করতেন, আমাদের বাহ্যিক অবস্থা যেমন উত্তম, উহার ভিতরগত অবস্থা তেমন উত্তম নয়। এই কারণে তাঁরা নিজের মধ্যে নেফাকের ভয় করতেন।

আমরা গুনাহকে যেই পরিমাণ ভয় করি না, সাহাবায়ে কেরাম তো তাঁদের নেক আমল কবুল না হওয়াকে তার থেকে অনেক বেশি ভয় করতেন। হায়! আমরা মুনাফিক হয়েও নিজেদেরকে পাক্কা ঈমানদার মনে

করি। আর তাঁদের ঈমানকে স্বয়ং আল্লাহ পাক মানদণ্ড ঘোষণা করার পরও তারা নিজেদেরকে মুনাফিক মনে করতেন।

হযরত ওমর রদিয়াল্লহু আনহু, যাকে খোদ নবীজী ﷺ (যোগ্যতার দিক থেকে) নবীর সমতুল্য ঘোষণা করলেন, তিনি হুজাইফা রদিয়াল্লহু আনহুর নিকট অনুরোধ করলেন, "দেখো, তোমাকে নবীজী ﷺ মুনাফিকদের যে লিস্ট বলে গিয়েছেন, সেখানে কারা কারা আছে, আমি তা জানতে চাইবো না। আমাকে কেবল এতোটুকু বলো, আমার নাম সেখানে আছে কিনা।"

আমার ও আমার খান্দানের জান তাদের জন্য কুরবান। আমরা হারাম থেকে যতটুকু দূরে যেতে পারি নাই, তারা তো হালাল থেকেও তার চেয়ে বেশি দূরে ছিলেন। তাঁরা আল্লাহর হুকুমের ব্যাপারে কতুটুকু সতর্ক ছিলেন!

নবুয়তের যামানায় সর্বপ্রথম যে ঘটনাকে কেন্দ্র করে আল্লাহ তাআলা মুনাফেকদের মুখোশ উন্মোচন করেন তা হলো ওহুদের যুদ্ধ। মুনাফেকদের সরদার আব্দুল্লাহ ইবনে উবাই এবং তার অনুসারী ৩০০ জন মূল বাহিনী থেকে পেছনে সরে যায়। বাকী ৭০০ জন সাহাবী ৩০০০ কাফেরের বিরুদ্ধে ওহুদের ময়দানে যুদ্ধ করেন। এ থেকে বুঝা গেল, সাহাবায়ে কেরামের জামাতে ঘাপটি মেরে বসেছিল এমন মুনাফেকের সংখ্যা ৩০%।

লক্ষ্য করার বিষয় হলো, এই মুনাফিকরা সকল আমলই করত। তারা নামায পড়ত, রোযা রাখত, যাকাত দিত, দান-খয়রাত করত, হজ্জ করত, সবই করত। করতো না শুধু একটি আমল, যেই আমল থেকে এরা সর্বদা পিছিয়ে থাকত। যেহেতু জিহাদের ময়দানে গেলে মৃত্যুর সম্ভাবনা আছে,

তাই এরা মৃত্যুর ভয়ে জিহাদ থেকে পালাত। জিহাদে না জুড়ার কারণে সকল আমলে জুড়লেও এরা মুনাফেকদের কাতারে শামিল হতো।

তাবুকের যুদ্ধের সময়ও এরা ফসল কাটা কিংবা গরমের অজুহাত দেখিয়ে জিহাদ থেকে অব্যাহতি চায়। এরা তো প্রকাশ্য মুনাফেক। এমনকি যারা খাঁটি মুমিন ছিলেন, এবং কোনো কারণ ছাড়াই যুদ্ধে অংশ গ্রহণ করেননি, তাদেরকেও তাদের ঈমান (তারা যে মুনাফেক নন তা) প্রমাণ করার জন্য পরবর্তীতে অনেক কাঠ-কয়লা পুড়াতে হয়েছিল।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَلِيَعْلَمَ ٱلَّذِينَ نَافَقُواْ وَقِيلَ لَهُمْ تَعَالَوْاْ قَاتِلُواْ فِى سَبِيلِ ٱللَّهِ أَوِ ٱدْفَعُواْ قَالُواْ لَوْ نَعْلَمُ قِتَالاً لاَّتَّبَعْنَاكُمْ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلإِيمَانِ يَقُولُونَ بِأَفْوَاهِهِمْ مَّا لَيْسَ فِى قُلُوبِهِمْ وَٱللَّهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُونَ ﴿١٦٧﴾ ٱلَّذِينَ قَالُواْ لإِخْوَانِهِمْ وَقَعَدُواْ لَوْ أَطَاعُونَا مَا قُتِلُوا قُلْ فَادْرَءُوا عَنْ أَنْفُسِكُمُ الْمَوْتَ إِنْ كُنْتُمْ صَادِقِينَ﴿١٦٨﴾

“১৬৭. এবং (জিহাদের হুকুম এই জন্য করা হয়েছে যেন,) তাদেরকে সনাক্ত করা যায়, যারা মুনাফিক ছিল। আর তাদেরকে বলা হলো, এসো, আল্লাহর রাহে লড়াই কর কিংবা শত্রুদেরকে প্রতিহত কর। তারা বলেছিল, আমরা যদি জানতাম যে, লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম। সে দিন তারা ঈমানের তুলনায় কুফুরীর কাছাকাছি ছিল। যা

তাদের অন্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে, বস্তুতঃ আল্লাহ ভালোভাবে জানেন তারা যা কিছু গোপন করে থাকে।

১৬৮. ওরা হলো সে সকল লোক, যারা ঘরে বসে থেকে নিজেদের ভাইদের সম্পর্কে বলে, যদি তারা আমাদের কথা শুনত, তবে তারা নিহত হতো না। তাদেরকে বলে দিন, এবার তোমাদের নিজেদের উপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।" (০৩ সূরা আলে ইমরান)

বুঝা গেল, আল্লাহ তাআলার কাছে মুনাফেক সাব্যস্ত হওয়ার জন্য জিহাদ ত্যাগ করাই যথেষ্ট। মুনাফিক হওয়ার ভয়ে সাহাবায়ে কেরাম কোনো দিন জিহাদ ত্যাগ করেননি।

হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম প্রকাশিত হওয়া অর্থ হচ্ছে "ঈমান মানেই জিহাদ, আর জিহাদ না করা মানেই মুনাফিক"।

কেননা তাঁর জামানা নবুওয়তের আদলে খিলাফতের জামানা। সেই নবুওয়তের জামানার হালত আবারও পৃথিবীতে ফিরে আসবে ইন্‌শাআল্লাহ। হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম প্রকাশিত হওয়ার পূর্বেও একই কথা, কেননা ইসলামের বিধান সব যুগের জন্য একই। এবং ইসলাম পরিপূর্ণ জীবনব্যবস্থা। তাতে আর কোনো পরিবর্তন-পরিবর্ধন হবে না। বর্তমানে এই কথা বলার সুযোগ নেই, আরে ভাই, এখন মাক্কী জামানা চলছে, এখন দাওয়াতের সময়। ইমাম মাহদী আলাইহিস্ সালাম আসলে মাদানী যুগ শুরু হবে, তখন জিহাদ করা যাবে। একথা এজন্য বলা যাবে না, কারণ, মাক্কী যিন্দেগীতে জিহাদ ফরয ছিল না, বরং জিহাদের হুকুমই নাযিল হয়নি। কিন্তু বর্তমানে প্রতিটি মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে আছে। আবারো বলছি, ইসলামের বিধান পরিপূর্ণ হয়ে গেছে।

তাই এখন আর একথা বলার সুযোগ নেই। যদি আপনার কথা মতো মেনে নেয়া হয়, বর্তমানে মাক্কী যামানা চলছে, তাহলে মাক্কী যিন্দেগীতে তো মদ হালাল ছিল, তাই বলে কি এখন মদ হালাল হবে?

হায়! বর্তমানে আমরা জিহাদ না করেও নিজেদেরকে আল্লাহর ওলী, আল্লাহ ওয়ালা, দ্বীনদার, হক্কানী, অনেক কিছু মনে করি, অনেক কিছু দাবী করি, কিংবা আকার ইঙ্গিতে বুঝিয়ে দেয়ার চেষ্টা করি। অথচ আমরা মুনাফিক হওয়ার ব্যাপারে আল্লাহ তাআলাকে একটুও ভয় করি না।

অথচ আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّ ٱلْمُنَافِقِينَ فِى ٱلدَّرْكِ ٱلْأَسْفَلِ مِنَ ٱلنَّارِ وَلَن تَجِدَ لَهُمْ نَصِيراً

“নিশ্চয়ই মুনাফেকদের অবস্থান জাহান্নামের সর্বনিম্ন স্তরে। আর তাদের জন্য তোমরা কোনো সাহায্যকারীও পাবেনা।” (০৪ সূরা নিসা: ১৪৫)

যে মুনাফেকী করবে, বুকে বে-ঈমানী, মুখে ঈমানের কথা বলবে, উম্মতের সাথে গাদ্দারী করবে, উম্মতের বিরুদ্ধে গোয়েন্দাগিরি করে, তাদেরকে জাহান্নামের সর্বনিম্ন স্তরে নিক্ষেপ করা হবে। এদের শাস্তি হবে সবচেয়ে মর্মান্তিক। তাদেরকে পাঠানো হবে “যুব্বুল হুযন” (চিন্তার কূপ) নামক স্থানে। এটি এমনই ভয়ংকর যে, খোদ জাহান্নামই এর মসীবত থেকে আল্লাহর কাছে দিনে শতবার পানাহ চায়। সুতরাং উম্মতের গাদ্দাররা সাবধান!

আল্লাহ তাআলা আমাদেরকে নিফাকের ব্যাধি হতে বাঁচান। আমীন।

আল্লাহ তাআলাকে আমরা কেন সবচেয়ে বেশি ভয় করবো না!!!

তিনিই তো আমাদের আল্লাহ, এক, অদ্বিতীয় ও অতুলনীয়। তাঁর কোনো শরীক নেই। তিনি আমাদের রব। সৃষ্টজীবের সাথে তাঁর কোনো তুলনা হয়না। এ মহাবিশ্ব এবং তাতে বিদ্যমান সকল কিছুর একমাত্র স্রষ্টা, প্রতিপালক, পরিচালক, সংহারক, নিয়ন্ত্রক ও সকল ব্যাপারে সর্বময় ক্ষমতার অধিকারী একমাত্র আল্লাহ তাআলা।

তাঁর যে সকল অনাদি, অনন্ত গুণ বিদ্যমাণ রয়েছে, সেসব গুণের মধ্যে অন্য কেউ শরীক আছে কি?

তিনিই সৃষ্টিকর্তা, রিযিকদাতা, হায়াত ও মওতদাতা, বিধানদাতা, গায়েব সম্পর্কে সম্পূর্ণ অবগত। তিনি চিরঞ্জীব, তাঁর মৃত্যু নেই। অন্য সবকিছুই ক্ষয়শীল ও ধ্বংসশীল, কিন্তু তাঁর ক্ষয়ও নেই ,ধ্বংসও নেই। আসমান-যমীন ও তার মধ্যবর্তী কিংবা তার বাইরের সকল কিছুর উপর তাঁর আধিপত্য প্রতিষ্ঠিত। সবকিছুর উপর তাঁর ক্ষমতা চলে। তাঁর ইচ্ছার বিরুদ্ধে এক চুল পরিমাণ অগ্রসর হওয়ার ক্ষমতা কারো আছে কি?

আল্লাহ তা'আলা কারও মুখাপেক্ষী নন, সবাই তাঁর মুখাপেক্ষী।

তিনি কি সর্বশক্তিমান নন? তিনি আগুনকে পানি এবং পানিকে আগুন করতে পারেন। এই যে লক্ষ লক্ষ বছর ধরে আকাশ, বাতাস, চন্দ্র, সূর্য ইত্যাদি বিদ্যমান, তিনি হুকুম করলে মুহূর্তের মধ্যে এসব নাস্তানাবুদ হয়ে যাবে। সকলেই তাঁর নামের তাসবীহ পাঠ করে। সকলেই তাঁর হুকুমের

অনুগত। তাঁর হুকুমকে পাশ কাটিয়ে অস্তিত্বে টিকে থাকবে, সৃষ্টি জগতে এমন কে আছে?

তিনি কি সর্বজ্ঞ নন? তিনি না জানেন এমন কিছুই নেই। মনের মধ্যে যে ভাবনা বা কল্পনা উদয় হয় তাও তিনি জানেন। তিনি সবকিছুই দেখছেন। সবকিছুই শুনছেন। মৃদু আওয়াজ এমনকি ক্ষীণ থেকে ক্ষীণ আওয়াজও তিনি শুনেন। অন্ধকার রাত্রিতে পাথরের ভিতর ছোট্ট কোনো কীট, কিংবা সমুদ্রের গভীর তলদেশে মাটির গভীরে ছোট্ট কোনো পোকা-মাকড়, তাদের নড়াচড়ার শব্দও তিনি শুনতে পান, তাদেরকে তিনি দেখতে পান, এমনকি তাদের হৃদয়ের সকল চাওয়া, আকুতি তারা তাঁর কাছেই পেশ করে থাকে। তাহলে তিনি কি কাফেরদের গোপন পরামর্শ, মনের ভিতরের কুমতলব আর নষ্ট ষড়যন্ত্রসমূহ তিনি শুনেন না, তিনি কি জানেন না? তাঁর জ্ঞানের বাহিরে কেউ আছে কি?

আসমান-যমীনের সকল অদৃশ্য, গাইবের বিষয় একমাত্র আল্লাহ তা'আলাই জানেন। তিনি ছাড়া আর কেউ গাইব জানেন না। এমনকি নবী-রাসূলগণ বা অলীগণও নন। তাহলে শয়তান ও তার দলবল কিভাবে জানবে? তারা কি আল্লাহ তাআলাকে এমন কোনো বিষয় জানাতে চায়, যার খবর আল্লাহ তাআলার কাছে নেই? তিনি তো আমার হৃদয়ের জল্পনা কল্পনা সব জানেন, আড়চোখে কোনো খেয়ানত করি কিনা তাও অবগত। যদি প্রকাশ্য দিবালোকে কোনো নাফরমানী করে থাকি তা তিনি যেমন জানেন, তেমনি জানেন আমি যা কিছু সকলের অলক্ষ্যে রাতের আঁধারে করি।

আল্লাহ তা'আলাই একমাত্র হাজির নাজির। তিনি ছাড়া আর কেউ হাজির নাজির নন। এমনকি নবী-রাসূলগণ বা অলীগণও নন। তিনি কি জিহাদের

ময়দানে হাজির আছেন না, মুমিনদের সাথে আছেন না, কাফেরদেরকে দেখছেন না? আমাদেরকে শক্তি আর সাহস দেওয়ার জন্য আমাদের সাথে আছেন না? তিনি কি কাফেরদের বিরুদ্ধে আমাদের জন্য যথেষ্ট নন? তাদের এত শক্তি-দলবল আল্লাহর সামনে টিকতে পারবে কি?

তিনি যা ইচ্ছা, তাই কি করতে পারেন না? কোনো পীর-অলী, পয়গম্বর বা ফেরেশতা, কোনো বাতিল, কোনো তৃগুতী শক্তি তাঁর ইচ্ছাকে রদ বা প্রতিহত করতে পারবে কি? তিনিই আদেশ ও নিষেধ জারী করেন। তাঁর উপর ক্ষমতাবান কে আছে?

তাঁর ইচ্ছা ও হুকুম বাস্তবায়নে কোনো অংশীদার বা সহকর্মী বা উজীর নাজিরের প্রয়োজন আছে কি? তিনি কি একক কর্তৃত্বের অধিকারী নন? তিনিই সর্বোপরি বাদশাহ, রাজাধিরাজ; সবই তাঁর বান্দা ও গোলাম। তিনি বান্দাদের উপর অত্যন্ত ক্ষমতাবান।

তিনিই সবকিছু সৃষ্টি করেছেন এবং সৃষ্টি করবেন। আসমান যমীনের এমন কেউ কি আছে, যাকে তিনি সৃষ্টি করেননি কিংবা তাঁর ক্ষমতার বাহিরে? সমস্ত সৃষ্টি একত্রিত হলেও কি তারা একটি মাছির পাখা বানাতে পারবে? এই ক্ষমতা তিনি কাউকে দিয়েছেন কি? তিনি যখনই কোনো কিছু সৃষ্টি বা ধ্বংস করতে চান, তাকে শুধু বলে দেন ‘হও’, আর তখনই তা হয়ে যায়। তিনি কোনো কিছু সৃষ্টি করতে চাইলে কিংবা ধ্বংস করতে চাইলে কোনো উপায় বা উপকরণ লাগে না। তিনিই কি সকল বিষয়ে সর্বশক্তিমান নন? কত সক্ষম স্রষ্টা তিনি!

কাউকে উচ্চপদস্থ বা অপদস্থ করার ক্ষমতা তাঁরই হাতে। তিনি যাকে ইচ্ছা সম্মান দান করেন, আবার যাকে ইচ্ছা অপমানিত করেন। এসব তাঁরই ক্ষমতায়, তাঁরই এখতিয়ারে। এতে অন্য কারো ক্ষমতা বা অধিকার নেই।

তিনিই মহাবিশ্বের মালিক,তাঁর হাতেই রয়েছে রাজত্ব। তিনি যাকে ইচ্ছা রাজত্ব দান করেন, যার কাছ হতে ইচ্ছা রাজত্ব কেড়ে নেন। অবশেষে এই পৃথিবীতে শুধু তাঁরই হুকুমত চলবে। তিনিই তাঁর অনুগত বান্দাদের জন্য তা নির্ধারণ করে রেখেছেন। তিনিই সংখ্যালঘিষ্ঠ মুসলমানদেরকে সংখ্যাগরিষ্ঠ কাফেরদের বিরুদ্ধে জয় দান করেন। যারা তাঁর সাথে হঠকারিতা করে কিংবা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়, তিনিও তাঁদের বিরুদ্ধে কৌশল অবলম্বন করেন এবং ষড়যন্ত্র নস্যাৎ করে দেন। বস্তুতঃ তিনিই কি পরাক্রমশালী নন? তিনিই কি সর্বশ্রেষ্ঠ কুশলী ও হিকমতওয়ালা নন? তিনিই কি প্রতিশোধগ্রহণকারী নন? মুসলমানগণ যখন কাফেরদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়, তখন মুসলমানদের বিজয় দান কে করেন, কাফেরদেরকে ধ্বংস কে করেন? সেটি কি মুসলিম শক্তি, মুসলমানদের সংখ্যা কিংবা অস্ত্র শক্তি? না, তিনি আল্লাহই কাফেরদের হত্যা করেন, তাদের মূল কর্তন করে দেন। তাঁর ইচ্ছা ও সাহায্য না থাকলে মুসলমানগণ কখনোই বাতিলকে ধ্বংস করতে পারতো না।

নিঃসন্দেহে আল্লাহ তা’আলার ওয়াদা সত্য। তাঁর চেয়ে অধিক ওয়াদাপালনকারী আর কে আছে? বান্দা যখন আল্লাহর রাস্তায় বের হবে, আল্লাহ্কে সাহায্য করবে, যথাযথ চেষ্টা করবে, যথার্থ প্রস্তুতি গ্রহণ করবে, তখন আল্লাহ তা’আলাও বান্দাকে সাহায্য করেন, আসমানী মদদ নাযিল

করেন। তাঁর ওয়াদাকে রুখতে পারে, ব্যর্থ করে দিতে পারে আসমান-যমীনে এমন কে আছে?

যে ব্যক্তি আল্লাহ তাআলার হুকুমসমূহের হেফাযত করে, আল্লাহ তাআলা তার হেফাযত করেন। সমস্ত মানবজাতি, জীনজাতি, বরং সমস্ত সৃষ্টিজগত যদি একত্রিত হয়ে আমার কোনো উপকার করতে চায়, আর আল্লাহ তাআলা যদি না চান, তাহলে তারা আমার কোনো উপকার করতে পারবে না। আবার সকলে মিলে যদি আমার কোনো ক্ষতি করতে চায়, আর আল্লাহ তাআলা আমার কোনো মঙ্গল চান, তাহলেও কি তারা আমার কোনরূপ ক্ষতি সাধন করতে পারবে? কক্ষনোই পারবে না।

তিনিই জীবনদাতা, তিনিই মৃত্যুদাতা। তিনিই প্রত্যেকের জন্য মৃত্যুর ক্ষণ ও স্থান ঠিক করে রেখেছেন। তিনি যদি আমাকে মৃত্যু না দেন, তিনি যদি আমার জন্য জীবিত থাকার ফয়সালা করেন, আমার শাহাদাতের ফয়সালা এখনি না করেন, বাতিলের এমন কী শক্তি আছে যে আমাকে হত্যা করবে? তাদের পারমানবিক বোমাও কি আমার কোনো ক্ষতি করতে পারবে? কক্ষনো পারবে না।

তিনি বানিয়েছেন অসংখ্য অগণিত ফেরেশতা, তাঁর বাহিনী সম্পর্কে কেবল তিনিই জানেন। তিনি ইচ্ছা করলে মশা-মাছি দিয়েও তাঁর শত্রুদের ঘায়েল করতে পারেন। তাঁর বাহিনী কত বিশাল তা কেউ কোনো দিন কল্পনাও করতে পারবে না।

তিনিই আমাদের সাহায্যকারী, তিনিই আমাদের শক্তি, তিনিই আমাদের সৈন্যবাহিনী! তিনি যদি আমাদের সাহায্য না করেন, তাহলে তিনি ছাড়া কে আছে যে আমাদের পাশে এসে দাঁড়াবে?

তিনিই সবকিছু সৃষ্টি করেছেন এবং কিয়ামতের দিন পুনর্বার সকলকে জীবিত করবেন। মহাবিশ্বের সকল কিছুকে ধ্বংস করে পুনর্বার সৃষ্টি করা আর কোনো ক্ষুদ্রাতিক্ষুদ্র সৃষ্টিকে ধ্বংস করে পুনরায় সৃষ্টি করা তাঁর নিকট সমান। তাঁর মতো ক্ষমতাবান, তাঁর মতো সক্ষম আর কেউ আছে কি?

তিনি যদি কাউকে ক্ষমা করতে চান, কিংবা কাউকে আযাবে গ্রেপ্তার করতে চান, কোনো জাতিকে ধ্বংস করতে চান, তাঁর ইচ্ছাকে প্রতিহত করার কে আছে? আল্লাহ তাআলাকে অপারগ করতে পারে এমন কেউ আছে কি? তিনিই কি পরম ক্ষমাশীল, আবার মহাপরাক্রমশালী, আযীযুল গাফ্‌ফার নন? তিনিই কি একক, মহাপ্রতাপান্বিত, ওয়াহিদুল কাহ্‌হার নন?

তিনিই কি হযরত নূহ আলাইহিস্‌ সালামের জাতিকে এক মহা প্রলয়ংকারী বন্যায় নিমজ্জিত করে ধ্বংস করেননি? আকাশ কি আল্লাহর হুকুম পালন করেনি, যমীন কি তাঁর হুকুম পালনে কোনো ত্রুটি করেছে? নূহ আলাইহিস্‌ সালামকে উপহাস কারীরা এখন কোথায়? দুরাত্মা কাফেররা কি নিপাত যায় নি?

হযরত হূদ আলাইহিস্‌ সালামের জাতি ‘আদ’ কুফুরী ও শিরকে লিপ্ত ছিল। তাদেরকে ধ্বংস করা হয়েছিল এক ভয়াবহ ঝঞ্ঝাবায়ু দ্বারা, যা তাদের উপর প্রবাহিত করা হয়েছিল সাত রাত্রি ও আট দিবস অবিরাম, কতিপয় অশুভ দিনে। তাদেরকে দুনিয়ার জীবনেই লাঞ্ছনাদায়ক শাস্তির স্বাদ উপভোগ করানো হয়েছিল, আর আখিরাতের আযাবতো আরো অপমানজনক। তারা কি বলতো না, “পৃথিবীতে আমাদের চেয়ে শক্তিধর আর কে?” কিন্তু তাদের পরিণতি কী হয়েছিল? তুমি যদি তাদেরকে দেখতে

পারতে, তাহলে দেখতে, তারা অসার খর্জুর কাণ্ডের ন্যায় ভূপাতিত হয়ে রয়েছে। তাদের কোনো অস্তিত্ব দেখতে পাও কি?

হযরত সালেহ আলাইহিস্ সালামের জাতি 'সামুদ' আল্লাহ তাআলার অবাধ্যতা করেছিল? তারা কি এই যামানার হিন্দুদের মতো মূর্তি পূজারী ছিল না? হযরত শোয়ায়েব আলাইহিস্ সালামের জাতি মাদায়েনবাসী। তারা পরিমাপে ও ওজনে কম দিত আর পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে বেড়াত। আল্লাহ তাআলা কি তাদের উভয়কে এক ভয়ংকর মহানাদ দ্বারা পাকড়াও করেননি? ফলে ভোর হতে না হতেই তারা নিজ নিজ গৃহসমূহে উপুড় হয়ে পড়ে রইল, যেন তারা কোনদিনই সেখানে ছিল না! আখিরাতের আযাব কি আরো কঠিন নয়?

হযরত লূত আলাইহিস্ সালামের জাতি সমকামিতায় লিপ্ত ছিল। তাদেরকে কি নির্মমভাবে ধ্বংস করে দেয়া হয়নি? তাদের জনপদকে শূন্যে উত্তোলন করে উপরকে কি নীচে করে দেয়া হয়নি? তার উপর কি স্তরে স্তরে কাঁকর পাথর বর্ষণ করা হয়নি? এগুলো কে করেছেন, আল্লাহ তাআলাই কি করেননি?

ওহে সমকামী পশ্চিমা সম্প্রদায়! তোমাদের পরিণতি কি তোমাদের বাপ-দাদাদের চেয়ে বেশি সুখকর হবে?

নিজেকে "খোদা" দাবীদার ফিরাউন ও তার অহংকারী জাতি আজ কোথায়? সে তো ছিল দুষ্কৃতিকারীদের মধ্যে শীর্ষস্থানীয়? বহু কীলকের অধিকারী, উঁচু উঁচু প্রাসাদের অধিকারী। সারা দুনিয়ার যুলুম অত্যাচারীদের আদর্শ। আল্লাহ তাআলা কি ফিরাউনের জাতিকে দুর্ভিক্ষের আযাব দেননি? তাদেরকে তুফান দিয়ে শাস্তি কে দিয়েছিলেন? তাদের খেত-খামার আর

শস্যগুলোকে ধ্বংস করার জন্য পঙ্গপাল কে পাঠিয়েছিলেন? তাদের মাথার চুল থেকে শুরু করে চোখের ভ্রূ পর্যন্ত খেয়ে ফেলার জন্য উকুন কে পাঠিয়েছিলেন? বিছানায়, খাবারের প্লেটে, ঘরে-বাহিরে, মাঠে-ঘাটে সর্বত্র ব্যাঙের আযাব কে দিয়েছিলেন? তাদের সকল খাদ্য ও পানীয়কে কে রক্তে পরিণত করেছিলেন? 'প্লেগ' নামক মহামারী দিয়ে তাদেরকে আযাব কে দিয়েছিলেন? তিনি কি আল্লাহ তাআলা নন? ফিরাউন এবং তার জাতিকে আল্লাহ তাআলা কি নীলনদের পানিতে নিমজ্জিত করে ধ্বংস করে দেননি? প্রত্যেক যামানার পাপিষ্ঠদের জন্য দৃষ্টান্ত স্বরূপ তার লাশকে কিয়ামত পর্যন্ত হেফাযতের ওয়াদা করেননি?

আল্লাহ তাআলা কি নমরুদকে একটি খোঁড়া মশা দ্বারাই ধ্বংস করে দেননি?

কা'বা ঘর ধ্বংস করতে আগত আবরাহার হস্তী বাহিনীকে ছোট্ট পাখি "আবাবীল" দ্বারা কে ধ্বংস করেছিলেন? তিনি কি মহাশক্তিধর, প্রতিশোধগ্রহণকারী মহান আল্লাহ তাআলা নন?

তাঁর বাহিনী কত বিশাল, তা কি কেউ কোনোদিন কল্পনা করতে পারবে? তিনি ইরশাদ করেন,

وَمَا يَعْلَمُ جُنُودَ رَبِّكَ إِلاَّ هُوَ

"আপনার রবের বাহিনী (কত বিশাল সে) সম্পর্কে তিনি ছাড়া আর কেউ জানে না।" (৭৪ সূরা মুদ্দাছ্ছির: ৩১)

ইতিহাসের পাতা উল্টিয়ে দেখ! মহা পরাক্রমশালী আল্লাহ তাআলা কত মানবগোষ্ঠীকে ধ্বংস করেছেন। তুমি কি তাদের কারোও কোনো সাড়া পাও? অথবা তাদের ক্ষীণতম আওয়াযও কি তুমি শুনতে পাও?

এভাবেই আল্লাহ তাআলার আযাব এসেছে তাদের উপর, যখন তারা মজ-মাস্তি আর ভোগ-বিলাসে মত্ত ছিল, কিংবা তারা বিশ্রাম নিচ্ছিল, কিংবা ছিল ঘুমন্ত অবস্থায়।

আর আল্লাহ তাআলা যখন কোনো পাপপূর্ণ জনপদকে ধরেন, তখন এমনিভাবেই ধরে থাকেন। নিশ্চয় তাঁর পাকড়াও অত্যন্ত মারাত্মক, বড়ই কঠোর।

ওহে সারা দুনিয়ার বাতিল শক্তি! তোমরা বড্ড বেশি কাফের, নাকি তোমাদের পূর্বপুরুষরা? তোমরা বেশি শক্তিশালী, নাকি তোমাদের বাপ-দাদারা? তোমাদের পূর্ববর্তীদেরকে আমাদের সত্য প্রভু, আসমান যমীনের একমাত্র সৃষ্টিকর্তা আল্লাহ তাআলা ধ্বংস করে দিয়েছেন। তোমরা কি তাঁর ব্যাপারে নিশ্চিত হয়ে গেলে? তাঁর আযাব কি তোমাদের উপর আসবে না, যেমনি এসেছিল তোমাদের পূর্ববর্তীদের দুয়ারে? তোমাদের পূর্ববর্তীদের জন্য আসমান-যমীনের কেউই এক ফোটা অশ্রু বিসর্জন করেনি, তোমাদের জন্যও করবে না। একটু অপেক্ষা কর, সে সময়টা কিন্তু খুব নিকটবর্তী!

ওহে মুসলিম সম্প্রদায়! কিসে তোমাদেরকে তোমাদের পালনকর্তা, মহা শক্তিধর প্রভু আল্লাহ তাআলা হতে গাফেল করে রেখেছে? তোমরা কিসের অপেক্ষা করছো? তোমাদের কিসের অভাব? তোমাদের জন্য কি এক আল্লাহ-ই যথেষ্ট নন?

তোমরাই বল-

ইসরাঈল বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

আমেরিকা বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

ইংল্যান্ড বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

রাশিয়া বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

ভারত বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

চীন বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

মায়ানমার বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

ইরান বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

ইতালী বেশি শক্তিশালী, নাকি আল্লাহ তাআলা?

....

এভাবে, সারা দুনিয়ার যেখানেই বাতিল ও ত্বগুত আছে, তাদের সম্মিলিত শক্তি, এক আল্লাহ তাআলার সামনে কি ক্ষমতা রাখে? তাদের সমস্ত সৈন্য, অস্ত্র, গোলা-বারুদ, কামান-ট্যাংক, মিসাইল আর পারমানবিক বোমা, এগুলো আল্লাহ তাআলার এক হুকুমের সামনে কি শক্তি রাখে?

তিনি যদি তোমাদের সাহায্য করেন, তাহলে তারা কি তোমাদের উপর বিজয়ী হতে পারবে? তাহলে তোমরা কাকে ভয় করছ? এরা একত্রিত হয়ে একটি মাছির ডানাও তো সৃষ্টি করতে সক্ষম নয়? অথচ আল্লাহ তাআলাই কি এদের সকলের সৃষ্টিকর্তা নন?

আহ! মুসলমানদের এই অনুভূতি আজ গেল কোথায়? এই ঈমান গেল কোথায়? কেন আজ তারা এমন কাপুরুষতার মহা বীমারে ভুগছে?

ওহে মুসলমান! জেগে ওঠো! তোমরা কি পারনা নারায়ে তাকবীর "আল্লাহু আকবার" বলে আবারো ময়দান কাঁপাতে? তোমরা কি পারনা তাকবীরে তাকবীরে বাতিলের একেক মসনদ গুড়িয়ে দিতে? আল্লাহ তাআলার মহাপবিত্র নামের মাঝে যে অসীম শক্তি আছে, সে শক্তিতে কুফ্ফার গোষ্ঠিকে জ্বালিয়ে পুড়িয়ে ভস্ম করে দিতে? এখনও সময় আছে। বিজয় তোমাদেরই পদচুম্বন করবে। "হয়তো শরীয়ত, নয়তো শাহাদত"- এই প্রতীজ্ঞা নিয়ে এখনি ময়দানে ঝাঁপিয়ে পড়। আল্লাহ তাআলা আমাদের সাথেই আছেন। তিনিই আমাদের রব। তিনিই আমাদের মাওলা, তিনিই আমাদের বন্ধু ও অভিভাবক। কত উত্তম মাওলা তিনি, কতই না উত্তম সাহায্যকারী!

চেয়ে দেখ! আমাদের প্রিয় নবীজীর দিকে, আমাদের প্রিয় নবীজীর সীরাতের দিকে, সাহাবায়ে কেরামের যিন্দেগীর দিকে, কিভাবে তাঁরা এই ঈমানকে বুকে লালন করেছেন, কিভাবে তাঁরা এই ঈমানকে নিয়ে ময়দানে লড়েছেন আর আল্লাহ তাআলাও কিভাবে তাঁদের সাহায্য করেছেন?

সেই আল্লাহ তাআলা কি এখনও আছেন না, তিনি কি মৃত্যুবরণ করেছেন? না, তাঁর তো মৃত্যু নেই, তিনি তো চিরঞ্জীব, শ্বাশ্বত, তিনিই তো জন্ম ও মৃত্যুর সৃষ্টিকর্তা। বরং যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে তরবারি উত্তোলন করেছিল, যুগে যুগে মুসলমানদের ধ্বংসের পায়তারা করেছিল, মুসলিম উম্মাহর সাথে গাদ্দারী করে 'মুনাফেকদের' খাতায় নিজের নাম লিখিয়েছিল, তারাই মৃত্যুবরণ করে আল্লাহ তাআলার কাছে

চলে গিয়েছে, তারাই ইতিহাসের আস্তাকুড়ে নিক্ষিপ্ত হয়েছে, তারাই হয়েছে অভিশপ্ত, তাদের উপর লানত আল্লাহ তাআলার, সকল ফেরেশতাদের, সকল মানবজাতির এবং সকল মাখলূকের।

অন্যদিকে যারাই মুসলমানদের পক্ষে তরবারি উত্তোলন করেছে, উম্মাহর জন্য রক্ত, ঘাম আর চোখের পানি ঝরিয়েছে, তাদেরকে আল্লাহ আল্লাহ তাআলা মরতে দেননি। তাদেরকে 'শাহাদাত' নামক চিরজীবন দান করেছেন, ফলে তারা কবরেও রিযিকপ্রাপ্ত হচ্ছে। আর যারা গাজী হয়েছেন, তাদের যিকিরকে আল্লাহ তাআলা বুলন্দ করেছেন, চিরস্থায়ী করেছেন। আল্লাহ তাআলাই পারেন, আল্লাহ তাআলাই করেন।

"পাহাড় টলবে, পর্বত সরে যাবে, কিন্তু আমার ঈমান টলবে না, আমার পা সরবে না, আমার পদস্খলন হবে না। আল্লাহ আমার সাথে আছেন, আল্লাহ আমাকে দেখছেন, তিনিই আমাদের সাহায্যকারী।"-এই ঈমান মুসলমানের থাকবে, আর ময়দানে সে পরাজিত হবে এমনটি কখনো হয়নি, কখনো হবেও না।

এবার নতুন এক অধ্যায়ে যাওয়া যাক। সীরাতের মহাসমুদ্র থেকে একটি ফোটাতুল্য এমনি কিছু দৃষ্টান্ত, এমনি কিছু নির্ভীকতা আর বীরত্বের গল্প এখন আপনাদের সামনে তুলে ধরছি।

রাসূলুল্লাহ ﷺ এর নির্ভীকতা ও বীরত্ব:

বীরত্ব ও বাহাদুরির ক্ষেত্রে রাসূলুল্লাহ ﷺ এর স্থান ছিল সকলের উপরে। তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ বীর। কঠিন পরিস্থিতিতে বিশিষ্ট বীর পুরুষদের যখন পদস্খলন হয়ে যেত, তখনও রাসূলুল্লাহ ﷺ দৃঢ়তার সাথে টিকে থাকতেন। তিনি সে সুকঠিন সময়েও পশ্চাদপসরণ না করে সামনে অগ্রসর হতেন। তাঁর দৃঢ়চিত্ততায় এতটুকু বিচলিত ভাবও আসত না। হযরত আলী রদিয়াল্লহু আনহু বলেন, "যে সময় যুদ্ধের বিভীষিকা দেখা যেত এবং সুকঠিন পরিস্থিতি সৃষ্টি হতো, সে সময় আমরা রাসূলুল্লাহ ﷺ এর ছত্র ছায়ায় আশ্রয় নিতাম। তাঁর চেয়ে বেশি দৃঢ়তার সাথে অন্য কেউ শত্রুর মোকাবিলা করতে পারতো না।" (শাফী, কাজী আয়ায, প্রথম খণ্ড, পৃ. ৮৯)

হযরত আনাস রদিয়াল্লহু আনহু বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "আমাকে অন্য লোকের উপর চার বিষয়ে শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছে: দানশীলতা, বীরত্ব, পৌরুষশক্তি ও বিপক্ষের উপর প্রাধান্য। তিনি নবুয়তের পূর্বে এবং নবী থাকা কালেও প্রতিপত্তিশালী ছিলেন।" (নশরুত্তীব)

একদিন কুরাইশ প্রধানগণ কাবা ঘরের হাতিমের ভিতরে বসে গল্প করছিলো। তারা পরস্পর বলাবলি করছিলো, 'মুহাম্মাদ ﷺ এর ব্যাপারে আমরা যতখানি ধৈর্য্য ধারণ করেছি, ইতিপূর্বে আর কারো জন্য তা করতে হয়নি। আমাদের সে মূর্খ নির্বোধ বলে। আমাদের পূর্বপুরুষদের সে মন্দ বলে। আমাদের ধর্মের সমালোচনা করে। আমাদের ঐক্যের মাঝে ফাটল সৃষ্টি করেছে। আমরা এই সববিছু সহ্য করেছি।' এমন সময় রাসূলুল্লাহ ﷺ কাবা প্রাঙ্গণে এসে হাজরে আসওয়াদ পাথরকে চুম্বন করলেন। বাইতুল্লাহ

তাওয়াফ করতে শুরু করলেন। তাওয়াফের সময় কুরাইশদের নিকট দিয়ে অতিক্রমকালে তারা নবীজী ﷺ-কে কটু কথা বলে ঠাট্টা করতে লাগলো। নবীজী ﷺ-এর পবিত্র চেহারায় তাদের বিদ্রুপের প্রতিক্রিয়া প্রকাশ পেলো। তিনি কাউকে কিছু না বলে তাওয়াফ করতে লাগলেন। দ্বিতীয়বার তাদের সামনে দিয়ে অতিক্রমকালে তারা আবারো বিদ্রূপ করলো। এবারো নবীজী ﷺ চুপচাপ সামনের দিকে অগ্রসর হলেন। তৃতীয়বারও তারা নবীজী ﷺ-কে কটু কথা বললে তিনি তাদের দিকে ফিরে বললেন, "হে কুরাইশগণ, তোমরা কি আমার কথা শুনতে পাচ্ছ? শুনো, সেই পাক যাতের কসম, যার হাতে মুহাম্মাদের প্রাণ! আমি তো তোমাদেরকে জবাই করার জন্য এসেছি।" নবীজী ﷺ-এর মুখে এমন কঠোর কথা শুনে কাফেররা ভয় পেয়ে গেলো। তাদের মধ্য থেকে একজন বললো, হে আবুল কাসেম, আপনি চলে যান। আল্লাহর কসম! আপনি তো অন্যদের মতো নির্বোধ লোক নন। নবীজী ﷺ সেখান থেকে চলে গেলেন।

একরাতে অজানা একটি আওয়াযে মদীনা বাসীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ল। সবাই আওয়ায অনুসরণ করে ছুটতে লাগল। পথে রাসূলুল্লাহ ﷺ এর সাথে দেখা হল। সকলেই বুঝলেন, তিনিই ﷺ সবার আগে সে আওয়াযের উৎস জানতে বেরিয়ে গিয়েছিলেন। নবীজী ﷺ কোলাহল লক্ষ্য করে অগ্রসর হলেন। সে সময় তিনি হযরত আবু তালহা রদিয়াল্লহু আনহুর একটি ঘোড়ার খালি পিঠে সওয়ার হয়ে ছিলেন। তাঁর ﷺ গলায় তরবারি ঝুলানো ছিল। তিনি ﷺ লোকদের বলছিলেন, ভয় পেয়ো না, ভয় পেয়ো না। (সহীহ মুসলিম, দ্বিতীয় খণ্ড, পৃ.২৫২)

একদিন প্রচণ্ড রোদ থেকে ফিরে তিনি একটি গাছের ছায়ায় আশ্রয় নিলেন। ক্লান্তির দরুন তিনি নিদ্রায় ঢলে পড়লেন। তাঁর তলোয়ার ঝুলিয়ে রেখেছিলেন গাছের ডালে। এক লোক এসে তরবারিটি হাতে নিয়ে কোষমুক্ত করে চিৎকার করে বলল, কে তোমাকে আমার হাত থেকে রক্ষা করবে? নবীজী ﷺ শান্ত কণ্ঠে বললেন, আল্লাহ! লোকটির হাত থেকে তলোয়ার খসে পড়ল। তিনি ﷺ তরবারি হাতে নিয়ে বললেন, এবার তোমাকে কে আমার হাত হতে রক্ষা করবে? লোকটি বলল, হে মুহাম্মাদ! তুমি তরবারির সদ্ব্যবহার করো। তিনি ﷺ লোকটিকে ছেড়ে দিলেন।

উহুদ যুদ্ধের পরের ঘটনা। আবু সুফিয়ান রাসূলুল্লাহ ﷺ-কে বদরের প্রান্তরে দ্বিতীয়বার যুদ্ধের আহ্বান করে। নবীজী ﷺ তার এই আহ্বানকে সানন্দে গ্রহণ করেন। এদিকে আবু সুফিয়ান কুরাইশ নেতৃবৃন্দকে বলে, সে সৈন্য পাঠানোর আগে মুসলমানদের ভীত-সন্ত্রস্ত করতে চায়। সে এ লক্ষ্যে ইহুদীদের হাত করে এবং দ্বিগুণ পারিশ্রমিকের বিনিময়ে ব্যবসায়ীর ছদ্মবেশে তাদেরকে মদীনায় পাঠায়। তাদের দায়িত্ব ছিল, মদীনায় গিয়ে এই গুজব ছড়ানো যে, কুরাইশরা বিশাল এক বাহিনী নিয়ে বদরে আসছে, যা ইতোপূর্বে মুসলমানরা দেখেনি। মদীনার মুসলমানরা এই গুজবকে সত্য বলে বিশ্বাস করে। ফলে তাদের চেহারায় এক মারাত্মক প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। শেষ পর্যন্ত এই গুজব এবং তাতে সাহাবায়ে কেরামের ভীতির কথা নবীজী ﷺ-এর পবিত্র দরবারে পৌঁছলে, তিনি সকল সাহাবায়ে কেরামকে একত্র করে ঈমানদীপ্ত এক ভাষণ প্রদান করেন, যা ছিল একদিকে হৃদয়স্পর্শী, অন্যদিকে অত্যন্ত জ্বালাময়ী!

"সংখ্যায় বেশির কথা শুনে আল্লাহর সৈনিকরা এত ভীত কেন? আল্লাহর ইবাদতকারীরা কি মূর্তি-পূজারীদের ভয়ে সন্ত্রস্ত? যদি তোমরা কুরাইশদের ভয়ে এত ভীত হয়ে পড় যে, তাদের যুদ্ধ-আহ্বানে সাড়া দেয়ার হিম্মত না থাকে, তাহলে যে সত্তা আমাকে রাসূল করে প্রেরণ করেছেন, তাঁর নামে শপথ করে বলছি, কেউ না গেলেও আমি একাই তাদের মোকাবেলার জন্য বদরে যাবো। আল্লাহর কসম! আমার গর্দান (দেহ থেকে) পৃথক হওয়া পর্যন্ত আমি একাই তাদের বিরুদ্ধে লড়ে যাবো।"

রাসূল ﷺ কিছুক্ষণ থেমে আরো কিছু বলতে চাচ্ছিলেন; কিন্তু রাসূল প্রেমিকদের আকাশ-বাতাশ প্রকম্পিত করা আবেগ-উত্তেজনাকর শ্লোগানে ঘুমন্ত মরু সিংহের দল জেগে উঠে। নবীজী ﷺ-এর এক ভাষণেই গোজবের প্রতিক্রিয়া দূর হয়ে যায়। পরের দিনই মুসলমানরা বদরের উদ্দেশ্যে রওয়ানা হয়। ঐদিকে আবু সুফিয়ানও প্রথমে তার বাহিনী নিয়ে বের হয়েছিল, কিন্তু অজানা ভীতির কারণে, মাঝপথ থেকে সে তার বাহিনী নিয়ে যুদ্ধ না করেই লেজ গুটিয়ে মক্কায় পালিয়ে যায়।

হুনায়ন যুদ্ধের সময় কাফেররা অবিশ্রান্ত তীর বর্ষণ করে সাহাবায়ে কেরামের মধ্যে একপ্রকার অস্থিরতা ও চিত্ত চাঞ্চল্য সৃষ্টি করে দিয়েছিল। কিন্তু রাসূলুল্লাহ ﷺ নিজের অবস্থান একটুও পরিবর্তন করেননি। তিনি একটি ঘোড়ার উপর সওয়ার ছিলেন এবং আবু সুফিয়ান ইবনে হারেস রদিয়াল্লহু আনহু তাঁর ঘোড়ার লাগাম ধরে দাঁড়িয়েছিলেন। কাফেররা সরাসরি তাঁকে আক্রমণ করতে উদ্যত হলে তিনি ঘোড়া থেকে নেমে

আল্লাহর সাহায্য প্রার্থনা করেন এবং এক মুঠো মাটি হাতে নিয়ে শত্রুদের দিকে নিক্ষেপ করেন। তখন শত্রুপক্ষের এমন কেউ ছিল না, যার চোখে সে ধূলিকাণা প্রবেশ করেনি। তখন রাসূলুল্লাহ ﷺ এই কবিতা আবৃত্তি করেছিলেন:

اَنَا النَّبِىُّ لَاكَذِبْ - اَنَابْنُ عَبْدِ الْمُطَّلِبْ

অর্থাৎ "আমি নবী; এতে সন্দেহ নেই। আমি বীর আব্দুল মুত্তালিবের সন্তান।"

সেদিন রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা অধিক দুঃসাহসী, বীর ও নির্ভীক কাউকে দেখা যায়নি। (মাদারেজুন্নবুওয়ত)

হযরত ইবনে উমর রদিয়াল্লহু আনহু বলেন, "আমি রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা না কোনো বীর, সরল ও উদারপ্রাণ ব্যক্তি দেখেছি এবং না অন্যান্য চরিত্র গুণেও তাঁর চাইতে পছন্দনীয় কাউকে দেখেছি। বদর যুদ্ধে আমরা তাঁর আড়ালে আশ্রয় নিতাম। কারণ, তখন তিনিই ছিলেন কাফেরদের সবচেয়ে নিকটবর্তী। (নশরুত্তীব)

সাহাবায়ে কেরামের নির্ভীকতা ও বীরত্বঃ

হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুর নির্ভীকতা ও বীরত্বঃ

হযরত আলী রাদিয়াল্লহু আনহু বলেন, সাহাবাদের মধ্যে সবচেয়ে বড় বীর ছিলেন হযরত আবু বকর রাদিয়াল্লহু আনহু। বদর যুদ্ধের দিন যখন আমরা রাসূলুল্লাহ ﷺ-এর জন্য একটি ছাপড়া তৈয়ার করলাম তখন আমরা বললাম, রাসূলুল্লাহ ﷺ-এর সাথে কে থাকবে? যাতে কোনো মুশরিক তাঁর দিকে আসতে না পারে? আল্লাহর কসম, তখন কেউই রাসূলুল্লাহ ﷺ -এর সাথে থাকার সাহস করে নাই, একমাত্র হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুই ছিলেন, যিনি খোলা তরবারি হাতে রাসূলুল্লাহ ﷺ-এর মাথার নিকট দাঁড়িয়ে গেলেন। যখন কোনো দুশমন রাসূলুল্লাহ ﷺ -এর দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করত, তিনি তার উপর ঝাঁপিয়ে পড়তেন। ইনিই হলেন লোকদের মধ্যে সর্বাপেক্ষা বড় বীর ও বাহাদুর ব্যক্তি। (মাজমা)

রাসূলুল্লাহ ﷺ-এর ওফাতের পর প্রথম খলীফা নিযুক্ত হলেন হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু। আশেপাশের মুনাফিকরা একত্রিত হতে লাগল। চারদিকে ইসলাম ত্যাগের হিড়িক পড়ে গেল। অবাধ্য, বিদ্রোহীরা মাথাচাড়া দিয়ে উঠল। ফেতনা, ফাসাদ, দাঙ্গা, হাঙ্গামা দাবানলের ন্যায় ছড়িয়ে পড়ল। তখন হযরত আবু বকর সিদ্দীক রদিয়াল্লহু আনহু সকল আনসার ও মুহাজির সাহাবীদেরকে একত্রিত করলেন। তাদের সাথে পরামর্শ করলেন। তিনি বললেন, "আরবের লোকেরা যাকাত স্বরূপ তাদের উট এবং বকরী দিতে অস্বীকার করেছে এবং তারা বলছে যে, ঐ ব্যক্তি (নবীজী ﷺ), যার কারণে তোমাদেরকে সাহায্য করা হতো, সে মৃত্যু বরণ

করেছে। এখন তোমরা আমাকে পরামর্শ দাও, আমিও তো তোমাদের মতো একজন মানুষ।" হযরত উমর রদিয়াল্লহু আনহু বললেন, "আমার মতামত হলো, তাদের থেকে নামায কবুল করা হোক এবং তাদের থেকে যাকাত মাফ করে দেয়া হোক। কেননা, তারা তো অজ্ঞতা যুগের কাছাকাছি। (অর্থাৎ নও মুসলিম।)" হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু উপস্থিত লোকদের দিকে দৃষ্টিপাত করলেন এবং লক্ষ্য করলেন যে, সকলেই হযরত উমরের কথায় সন্তুষ্ট। তখন হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু নিজ স্থান হতে দাঁড়ালেন এবং মিম্বরে আরোহন করলেন। প্রথমে আল্লাহ তাআলার প্রশংসা করলেন। অতঃপর তিনি সিংহের মতো গর্জে উঠলেন, নিজের ঈমানী চেতনা প্রকাশ করলেন এবং বললেন,

" হে লোক সকল! আমি সেই সময় পর্যন্ত আল্লাহ তাআলার একটি আদেশের জন্য জিহাদ করতে থাকব, যতক্ষণ পর্যন্ত আল্লাহ তাআলা স্বীয় অঙ্গিকার পূর্ণ করবেন এবং আমাদের মধ্য থেকে জিহাদকারী জিহাদ করতে করতে শহীদ হয়ে যাবে এবং জান্নাতের হকদার হয়ে যাবে। আমাদের মধ্যে যারা জীবিত থাকবে, তারা খলিফা হয়ে জমিনের মালিক হয়ে যাবে। আল্লাহর শপথ! এ লোকেরা (যাকাত অস্বীকারকারীরা) যদি একটি রশিও যা নবীজী ﷺ-এর যামানায় তারা দিত, আমাকে দিতে অস্বীকার করে, তাহলে আমি তাদের বিরুদ্ধে জিহাদ করবো। যদিও তাদের পক্ষে বৃক্ষ, পাথর এবং সমগ্র জীন ও ইনসান লড়াই করে। আর এ যুদ্ধে আমার ডান হস্ত আমার সঙ্গ না দিলে বাম হস্ত দিয়েই (অর্থাৎ কেউ আমার সাথে না থাকলেও) আমি (একাই) তাদের (মুর্তাদদের) বিরুদ্ধে জিহাদ করে যাবো।"

এ কথা শুনে হযরত উমর রদিয়াল্লহু আনহু জোরে তাকবীর দিয়ে উঠলেন, “আল্লাহু আকবার”, “আল্লাহু আকবার”। অতঃপর বললেন, আল্লাহর শপথ! আমি বুঝতে পেরেছি, একথা সত্য।” (আল বিদায়া ওয়ান নিহায়া, তাফসীরে ইবনে আতিয়্যাহ ২/৮৬)

হযরত উমর রদিয়াল্লহু আনহুর নির্ভীকতা ও বীরত্বঃ

ইসলাম গ্রহণের পর হযরত উমর রদিয়াল্লহু আনহু নবীজী ﷺ-কে বললেন, ইয়া রাসূলুল্লাহ! সেই পাক যাতের কসম, যিনি আপনাকে সত্য দিয়ে প্রেরণ করেছেন, আমি যে সকল মজলিসে কুফুরির অবস্থায় বসতাম, সে সকল মজলিসে আমার ঈমানকে অবশ্যই প্রকাশ করবো। তারপর তিনি দারুল আরকাম থেকে বেরিয়ে বাইতুল্লাহ আসলেন এবং তাওয়াফ করলেন। তাওয়াফ শেষে কুরাইশদের মজলিসে গেলেন। কুরাইশরা তার অপেক্ষাতেই ছিল। সেখানে তিনি সবার সামনে উচ্চস্বরে বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোনো মাবুদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ আল্লাহর বান্দা ও রাসূল। কুরাইশরা এই কালেমা শুনামাত্রই তাঁর উপর ঝাপিয়ে পড়লো। তিনি একাই সবার সাথে লড়াই করলেন এবং উতবাকে মাটিতে ফেলে তার বুকের উপর চড়ে বসলেন। তারপর তাকে বেদম মারতে লাগলেন। তার চোখে এত জোরে আঘাত করলেন যে উতবা চিৎকার করা শুরু করলো। উতবাকে সেখানে ফেলে রেখে ওমর রদিয়াল্লহু আনহু উঠে দাঁড়ালেন এবং সেখান থেকে কুরাইশদের অন্য এক মজলিশে গেলেন। সেখানেও নিজের ঈমানকে প্রকাশ করে সেখানকার সর্দারকে পিটালেন। এভাবে কুরাইশদের প্রত্যেক মজলিশে গিয়ে ওমর রদিয়াল্লহু আনহু তাদের সর্দারদেরকে পিটিয়ে

আসলেন এবং নিজের ঈমানকে প্রকাশ করে আসলেন। তারপর তিনি নবীজী ﷺ-এর কাছে এসে বললেন, “আমার পিতা-মাতা আপনার জন্য কুরবান হোক! আপনার আর কোনো ভয় নেই।” তখন নবীজী ﷺ ঘর হতে বের হলেন। হযরত উমর ও হযরত হামযা রদিয়াল্লহু আনহুমা তাঁর সম্মুখে চললেন, মুসলমানরাও পিছে পিছে চললেন। তারা বাইতুল্লাহ তাওয়াফ করলেন এবং নিশ্চিন্ত মনে সেখানে নামায আদায় করলেন। তারপর সকলে যার যার ঘরে ফিরে গেলেন।

মদীনায় হিজরতের সময় সকল সাহাবীই গোপনে হিজরত করেছেন। একমাত্র হযরত উমর ইবনুল খাত্তাব রদিয়াল্লহু আনহুই এমন ব্যক্তি যিনি প্রকাশ্যে হিজরত করেন। তিনি যখন হিজরত করার ইচ্ছা করলেন তখন নিজের তলোয়ার গলায় বাঁধলেন এবং ধনুক কাঁধে ঝুলিয়ে নিলেন এবং তীরদান হতে কয়েকটি তীর হাতে নিয়ে বাইতুল্লাহর নিকট আসলেন। কুরাইশদের কয়েকজন সর্দার সেখানে বসেছিল। হযরত উমর রদিয়াল্লহু আনহু বাইতুল্লাহর সাত চক্কর তাওয়াফ করে মাকামে ইবরাহীমের নিকট এসে দুই রাকাত নামায আদায় করলেন। এরপর মুশরিকের এক একটি মজলিশের নিকট গিয়ে বললেন, এই সমস্ত চেহারা অপদস্ত হোক! (আমি হিজরত করার জন্য বের হয়েছি।) যে ব্যক্তি চায়, তার মা পুত্র-হারা হোক, তার সন্তানরা এতীম হোক আর তার স্ত্রী বিধবা হোক, সে যেন এই ময়দানের অপর পাশে এসে আমার সাথে সাক্ষাৎ করে। (অতঃপর তিনি সেখান হতে হিজরতের উদ্দেশ্যে রওয়ানা হলেন) কুফ্ফারদের একজনও তার পিছু নিতে সাহস পায়নি। (মুন্তাখাবুল কান্‌য)

হযরত আলী রদিয়াল্লহু আনহুর নির্ভীকতা ও বীরত্ব:

তিনি বলেন, "আমি তো যে কোনো দুশমনের মোকাবেলা করেছি, আমার হক আমি উসুল করে নিয়েছি।" (অর্থাৎ সর্বদাই ইসলামের দুশমনদেরকে পরাজিত করেছি।)

ওহুদের যুদ্ধের দিন হযরত আলী রদিয়াল্লহু আনহু হযরত ফাতেমা রদিয়াল্লহু আনহার নিকট যেয়ে বললেন, দোষত্রুটিমুক্ত এই তরবারি নাও। (অর্থাৎ ইসলামের শত্রুনিধনে এই তলোয়ার কোনরূপ ত্রুটি করেনি।)

খন্দকের যুদ্ধের দিন আমর ইবনে আব্দে উদ্দ যুদ্ধের জন্য পরিখা অতক্রম করে মুসলমানরা যে পাশে ছিল সে পাশে চলে আসল এবং 'মোকাবেলার জন্য কে প্রস্তুত আছে?' বলে বলে চিৎকার করতে লাগল। সে ছিল বিশাল বপুধারী, দৈত্য সমতুল্য। ফলে আরবরা তাকে মানুষ নয়, অসুর শক্তির অধিকারী বলে মনে করত। এ কথা সবাইকে বলতে শুনা যায় যে, আমর শক্তিশালী ঘোড়াকে পর্যন্ত অতি সহজভাবে কাঁধে তুলতে পারে এবং পাঁচশ অশ্বারোহীকে সে একাই পরাজিত করতে পারে। মুসলমানরা জানত, তার মোকাবেলা করা মানে 'আত্মহত্যার' শামিল। ফলে কেউ সামনে অগ্রসর হওয়ার সাহস পাচ্ছিল না। ইতোমধ্যে হযরত আলী রদিয়াল্লহু আনহু দাঁড়িয়ে গেলেন, বললেন, "ইয়া রাসূলুল্লাহ! আমি প্রস্তুত আছি।" রাসূলুল্লাহ ﷺ বললেন, এই ব্যক্তি আমর, বসে যাও। এদিকে আমর হুঙ্কার দিয়েই যাচ্ছিল, মুসলমানদেরকে তিরস্কার করে বলতে লাগল, কোথায় তোমাদের সেই জান্নাত যার ব্যাপারে তোমাদের ধারণা যে, তোমাদের যে কেউ কতল হয় সে তাতে প্রবেশ করে? তোমরা আমার মোকাবেলায় কি কাউকে পাঠাতে পারো না?

হযরত আলী রদিয়াল্লহু আনহু তিনবার অনুমতি চাইলেন, নবীজী ﷺ তিনবারই বললেন, সে আমর, বসে যাও। এবার আলী রদিয়াল্লহু বললেন, হোক না সে আমর (আমার জন্য আল্লাহই যথেষ্ট)! অবশেষে রাসূল ﷺ তাঁর মনোভাব বুঝতে পেরে স্বীয় পাগড়ি মাথা হতে খুলে হযরত আলী রদিয়াল্লহু আনহুর মাথায় স্বহস্তে বেঁধে দেন। নিজের তরবারিটিও হযরত আলী রদিয়াল্লহু আনহুর হাতে তুলে দেন। এসময় রাসূল ﷺ এর যবান মুবারক থেকে বের হয়ে যায়- "আলীর সাহায্যকারী একমাত্র তুমিই হে আল্লাহ।"

হযরত আলী রদিয়াল্লহু আনহু এগিয়ে গেলেন। আমর কে প্রথমে ইসলামের দাওয়াত দিলেন, সে প্রত্যাখ্যান করলো। আমর বলল, "হে আমার ভাতিজা, আমাকে মোকাবেলার জন্য তুমি কেন এসেছো? আল্লাহর কসম, আমি তো তোমাকে কতল করতে পছন্দ করি না।" হযরত আলী রদিয়াল্লহু আনহু বললেন, কিন্তু আল্লাহর কসম, আমি তোমাকে কতল করতে ভালোবাসি। একথা শুনে আমর অত্যন্ত ক্রুদ্ধ হলো এবং হযরত আলী রদিয়াল্লহু আনহুর দিকে অগ্রসর হলো। উভয়ে আপন আপন সওয়ারী হতে নেমে পড়ল এবং একে অপরকে আক্রমণ করার জন্য যুদ্ধের ময়দানে চক্কর দিতে লাগল। অবশেষে হযরত আলী রদিয়াল্লহু আনহু আল্লাহ তাআলার সাহায্যে এই দৈত্যের ভবলীলা সাঙ্গ করে দিলেন।

খায়বারের যুদ্ধের দিন ইহুদী পালোয়ান মুরাহহাব স্বগর্বে আপন তরবারি নাড়িয়ে নাড়িয়ে বাহির হয়ে এলো এবং এই কবিতা আবৃত্তি করতে লাগল-

"সমস্ত খায়বার বাসী ভালো করে জানে,
আমি মুরাহ্হাব, অস্ত্রসজ্জিত, অভিজ্ঞতাসম্পন্ন বাহাদুর,
(আমার বাহাদুরী তখন দেখা যায়)
যুদ্ধের অগ্নিশিখা যখন প্রজ্জ্বলিত হয়।"

তাকে মোকাবেলা করতে গিয়ে সর্বপ্রথম হযরত আমের রদিয়াল্লহু আনহু শাহাদাত বরণ করেন। অতঃপর নবীজী ﷺ বললেন, আজ আমি এমন এক ব্যক্তিকে ঝাণ্ডা দান করব, যে আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে মহব্বত করে। রাসূলুল্লাহ ﷺ হযরত আলী রদিয়াল্লহু আনহুর হাতে ঝাণ্ডা তুলে দিলেন। মুরাহ্হাব পূর্বের ন্যায় কবিতা আবৃত্তি করতে করতে ময়দানে হুঙ্কার দিচ্ছিল।

তার মোকাবেলায় হযরত আলী রদিয়াল্লহু আনহু এই কবিতা আবৃত্তি করতে করতে বাহির হয়ে আসলেন-

"আমি সেই ব্যক্তি, যার মা তার নাম রেখেছে হায়দার (আল্লাহর সিংহ)'
আমি জঙ্গলের বিভৎসদর্শন সিংহের ন্যায়।
আমি দুশমনকে পরিপূর্ণ মাপ দিব,
যেমন প্রশস্ত দাড়িপাল্লায় পূর্ণরূপে মেপে দেয়া হয়।
(অর্থাৎ অতিমাত্রায় শত্রুনিধন করবো।)"

অতঃপর হযরত আলী রদিয়াল্লহু আনহু তরবারির এমন আঘাত হানলেন যে, মালাউন মুরাহ্হাবের মস্তক দ্বিখণ্ডিত করে তাকে হত্যা করে ফেললেন।

খায়বারের যুদ্ধের দিন হযরত আলী রদিয়াল্লহু আনহু দূর্গের দরজা তুলে ধরলেন। মুসলমানরা সেই দরজার উপর আরোহন করে দূর্গের ভিতর

প্রবেশ করলেন এবং দূর্গ জয় করলেন। পরবর্তীতে সেই দরজা উত্তোলন করতে চল্লিশ জন (আরেক বর্ণনায় সত্তর জন লোক) প্রয়োজন হয়েছিল।

হযরত যুবাইর বিন আওয়াম রদিয়াল্লহু আনহুর নির্ভীকতা ও বীরত্বঃ

ইসলামের ইতিহাসে হযরত যুবাইর মুরতাজা রদিয়াল্লহু আনহুর তরবারীই সর্বপ্রথম তরবারী যা আল্লাহর খাতিরে ক্রোধান্বিত হয়ে উত্তোলিত হয়েছিল।

তখন তাঁর বয়স মাত্র বার বছর। একদিন দুপুরবেলা তিনি কাইলুলাহ অর্থাৎ বিশ্রাম করছিলেন। এমন সময় হঠাৎ তিনি একটি আওয়াজ শুনতে পেলেন, মক্কার কেউ নবীজী ﷺ-কে শহীদ করে দিয়েছে। এই আওয়াজ শুনামাত্রই তিনি খোলা তরবারি হাতে বের হয়ে গেলেন। পথে রাসূলুল্লাহ ﷺ-এর সাথে সামনা সামনি দেখা হয়ে গেল। নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, হে যুবায়ের, তোমার কী হয়েছে? তিনি আরজ করলেন, ইয়া রাসূলুল্লাহ! আমি শুনতে পেয়েছি, আপনাকে শহীদ করে দেয়া হয়েছে। নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, তুমি কী ইচ্ছা করেছিলে? তিনি বললেন, আল্লাহর কসম, আমার ইচ্ছা ছিল যে, সমস্ত মক্কাবাসীর উপর ঝাঁপিয়ে পড়বো। তখন নবীজী ﷺ তাঁর জন্য ও তাঁর তরবারির জন্য দোয়া করলেন।

ওহুদের যুদ্ধের দিন মুশরিকদের ঝাণ্ডা বহনকারী তালহা বিন আবি তালহা আবদারী মুসলমানদেরকে তার মোকাবেলা করার জন্য আহ্বান জানাল। প্রথমতঃ মুসলমানরা তার সাথে মোকাবেলা করতে ঘাবড়িয়ে গেলেন। এদিকে হযরত যুবাইর ইবনে আওয়াম রদিয়াল্লহু আনহু তার মোকাবেলার জন্য বের হলেন এবং এক লাফে তালহার উটের উপর উঠে

তার সাথে যেয়ে বসলেন। উটের উপরই লড়াই আরম্ভ হলো। হযরত যুবাইর রদিয়াল্লহু আনহু তালহাকে উটের পিঠ হতে মাটিতে ফেলে দিয়ে আপন তরবারি দ্বারা জবাই করলেন। রাসূলুল্লাহ ﷺ তাঁর প্রশংসা করলেন এবং বললেন, প্রত্যেক নবীর জন্য (জীবন উৎসর্গকারী) হাওয়ারী (সাহায্যকারী) থাকে। আর আমার হাওয়ারী হলো যুবাইর। তিনি আরো বলেন, যেহেতু আমি দেখেছি, লোকেরা তালহা আবদারীর মোকাবেলায় পিছু হটছে, সেহেতু যদি যুবাইর তার মোকাবেলার জন্য না যেত তবে আমিই স্বয়ং যেতাম। (বিদায়াহ)

ইয়ারমূকের যুদ্ধের দিন অন্যান্য সাহাবায়ে কেরাম হযরত যুবাইর রদিয়াল্লহু আনহুকে বললেন, আপনি যদি কাফেরদের উপর হামলা করতেন, তাহলে আমরাও আপনার সাথে কাফেরদের উপর হামলা করতাম। হযরত যুবাইর রদিয়াল্লহু আনহু বললেন, আমি যদি হামলা করি তবে তোমরা তোমাদের কথা রক্ষা করতে পারবে না। তাঁরা বললেন, আমরা এমনটি করবো না। (বরং আমরা আপনার সাথেই থাকব।) তারপর হযরত যুবাইর রদিয়াল্লহু আনহু কাফেরদের উপর এমন জোরদার হামলা করলেন যে, তাদের কাতার ভেদ করে অপরদিকে বের হয়ে গেলেন অথচ সাহাবায়ে কেরামের মধ্য হতে কেউই তার সঙ্গে ছিলেন না। তিনি পুনরায় শত্রুর কাতার ভেদ করে ফিরে আসার সময় কাফেররা তাঁর ঘোড়ার লাগাম ধরে তাঁর কাঁধের উপর তরবারীর দুটি আঘাত করলেন, যা তাঁর বদরযুদ্ধে লাগা আঘাতের ডানে বামে দুই দিকে লাগল।

হযরত মুআয ইবনে আমর ও মুআয ইবনে আফরা রদিয়াল্লহু আনহুমার নির্ভীকতা ও বীরত্ব: আবু জেহেলের হত্যাকাণ্ড

হযরত আব্দুর রহমান ইবনে আওফ রদিয়াল্লহু আনহু বলেন, বদর যুদ্ধের দিন আমি যুদ্ধের কাতারে দাঁড়িয়ে ছিলাম। এমতাবস্থায় আমি দেখলাম, আমার ডানে ও বামে (দশ/বার বছরের) দুইজন আনসারী বালক দাঁড়িয়ে আছে। আমার মনে খেয়াল আসল, যদি আমার পাশে দুইজন শক্তিশালী পুরুষ থাকতো (তবে কতই না ভালো হতো!) হঠাৎ তাদের একজন আমার হাত ধরে চুপিসারে বললো, চাচাজান, আপনি কি আবু জেহেলকে চিনেন? আমি বললাম, হ্যা, চিনি। তাকে দিয়ে তোমার কী প্রয়োজন? সে বলল, আমি শুনেছি, সে আল্লাহর রাসূল ﷺ-কে গালাগালি করে। সেই পাক যাতের কসম, যাঁর হাতে আমার প্রাণ, যদি তাকে দেখতে পাই, তবে ততক্ষণ পর্যন্ত তার নিকট থেকে আমি পৃথক হবো না, যতক্ষণ না আমাদের উভয়ের মাঝে একজনের মৃত্যু হয়।

আমি তার মুখে বীরত্ব ব্যঞ্জক এমন কথা শুনে আশ্চর্যান্বিত হলাম। এমন সময় দ্বিতীয়জনও আমার হাত ধরে চুপিসারে একই প্রশ্ন করলো এবং প্রথমজন যা বলেছিল, দ্বিতীয়জনও তা-ই বলল। ইতিমধ্যে আবু জেহেলকে দেখলাম ময়দানে লোকদের মধ্যে ছুটে বেড়াচ্ছে। আমি তাদের উভয়কে বললাম, ঐ যে তোমাদের শিকার, যার সম্পর্কে তোমরা আমাকে জিজ্ঞাসা করেছিলে। একথা শুনামাত্র উভয় আনসার বালক ক্ষুধার্ত বাজপাখির মতো আবু জেহেলের উপর ঝাপিয়ে পড়লেন এবং তার উপর তরবারি চালাতে লাগলেন। অবশেষে তাকে কতল করে ফেললেন। এরপর তাঁরা উভয়ে নবীজী ﷺ-এর নিকট আসলেন এবং তাঁকে সংবাদ দিলেন।

নবী করীম ﷺ বললেন, তোমাদের উভয়ের মধ্যে কে আবু জেহেলকে হত্যা করেছ? প্রত্যেকেই বললেন, আমি তাকে হত্যা করেছি। রাসূলুল্লাহ বললেন, তোমরা কি তোমাদের নিজ নিজ তরবারি মুছে ফেলেছ? তারা বললেন, না। অতঃপর তিনি তাদের উভয়ের তরবারি দেখে বললেন, তোমরা উভয়েই তাকে হত্যা করেছো। এরপর তিনি আবু জেহেলের সামানপত্র হযরত মুআয ইবনে আমর ইবনে জামূহ রদিয়াল্লহু আনহুকে প্রদান করলেন। অপরজন হযরত মুআয ইবনে আফরা রদিয়াল্লহু আনহু ছিলেন।

মুআয ইবনে আমর ইবনে জামূহ রদিয়াল্লহু আনহু বলেন, আবু জেহেল কাফেরদের তীর-তলোয়ারের দুর্ভেদ্য পাহারার মাঝে অবস্থান করছিল। কাফেররা বলছিল, আবু জেহেলের কাছে কেউ যেন ঘেষতে না পারে। একথা শুনে আমি তার কাছাকাছি অবস্থান করতে লাগলাম এবং তাকেই আমার একমাত্র লক্ষ্য স্থির করে নিলাম এবং আবু জেহেলের উদ্দেশ্যে অগ্রসর হলাম।

যখন সে আমার আয়ত্তের ভিতর আসল, তখন তার উপর আক্রমণ করলাম এবং এমনভাবে তলোয়ার দ্বারা আঘাত করলাম যে, তার পায়ের অর্ধেক হাঁটুর নিচ দিয়ে বিচ্ছিন্ন হয়ে গেল। ঝরে পড়া খেজুরের ন্যায় তার পা উড়ে গেল। এদিকে আবু জেহেলকে আমি আঘাত করলাম আর অন্যদিকে তার পুত্র ইকরামা আমাকে আঘাত করলো। এতে যুদ্ধ করতে আমার অসুবিধা হচ্ছিল। আমি তখন হাতের কাটা অংশ পায়ের নীচে রেখে এক ঝটকায় হাত থেকে আলাদা করে ফেললাম। এরপর আবু জেহেলের নিকট মুআয ইবনে আফরা উপনীত হলেন। তিনি ছিলেন আহত। তিনি

আবু জেহেলের উপর এমন আঘাত করলেন যে, আল্লাহ ও তাঁর রাসূলের দুশমন সেখানেই ঢলে পড়লো। আবু জেহেলের শেষ নিঃশ্বাস তখনো বের হয়নি। শ্বাস-প্রশ্বাস তখনও চলছিল।

যুদ্ধ শেষ হওয়ার পর নবীজী ﷺ বললেন, আবু জেহেলের পরিণাম কে দেখবে, দেখে আস। সাহাবারা তখন আবু জেহেলের সন্ধান করতে লাগলেন।

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহু আবু জেহেলকে এমতাবস্থায় পেলেন যে, তার নিঃশ্বাস তখনও চলাচল করছিল। তিনি আবু জেহেলের ধড়ে পা রেখে মাথা কাটার জন্য দাঁড়ি ধরে বললেন, ওরে আল্লাহর দুশমন, শেষ পর্যন্ত আল্লাহ তাআলা তোকে অপমান অপদস্ত করলেন তো? আবু জেহেল বললো, কিভাবে আমাকে অসম্মান করলেন? তোমরা যাকে হত্যা করেছ তার চেয়ে উচ্চ মর্যাদাসম্পন্ন আর কোনো মানুষ আছে নাকি? আহ! আমাকে কিশোর ছাড়া অন্য কেউ যদি হত্যা করতো! এরপর বলতে লাগল, আজ কারা বিজয়ী হয়েছে? হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহু বললেন, আল্লাহ ও তাঁর রাসূল ﷺ । হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহু আবু জেহেলের কাঁধে পা চাপা দিয়ে রেখেছিলেন। আবু জেহেল তাকে বলল, ওরে বকরির রাখাল! তুই অনেক উঁচু স্থানে পৌঁছে গিয়েছিস। উল্লেখ্য, হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহু মক্কায় বকরি চরাতেন।

এ কথোপকথনের পর হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রদিয়াল্লহু আনহু আবু জেহেলের মাথা কেটে নবীজী ﷺ-এর সামনে হাজির করে বললেন, হে আল্লাহর রাসূল! এ হচ্ছে আল্লাহর দুশমন আবু জেহেলের মাথা। নবী করীম ﷺ বললেন, “হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই, হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই, হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই। আল্লাহ তাআলা সুমহান। সকল প্রশংসা তাঁরই জন্যে নিবেদিত, তিনি তাঁর ওয়াদা সত্য করে দেখিয়েছেন। নিজের বান্দাদের সাহায্য করেছেন এবং একাকীই সকল দলকে পরাজিত করেছেন।”

নারী সাহাবীদের নির্ভীকতা ও জিহাদ প্রেমঃ

হযরত ছফিয়্যাহ বিনতে আব্দুল মুত্তালিব রদিয়াল্লাহু আনহার নির্ভীকতা ও জিহাদপ্রেমঃ

কে সেই সেরা বুদ্ধিমতী নারী, পুরুষরা যার কারণে হাজার রকম হিসাব-নিকাশ করতে বাধ্য হতো?

কে সেই নির্ভীক সাহাবিয়া, যিনি ছিলেন সর্বপ্রথম এক মুশরিক হত্যাকারিণীর গৌরবে ভূষিত?

কে সেই বিচক্ষণ মহিলা, যিনি সৃষ্টি করেন আল্লাহর পথে সর্বপ্রথম তরবারির খাপমুক্তকরণের ইতিহাস?

তিনিই হচ্ছেন রাসূলুল্লাহ ﷺ এর সম্মানিতা ফুপু আব্দুল মুত্তালিবের কন্যা হযরত ছফিয়্যাহ হাশেমী ও কুরাইশী রদিয়াল্লহু আনহা।

চলুন দেখি, তিনি ওহুদের ময়দানে কী করলেন?

"জিহাদ ফী সাবিলিল্লাহ"র উদ্দেশ্যে ওহুদের যুদ্ধে তিনি ছোট্ট একটি মহিলা দল নিয়ে মুসলিম সৈনিকদের সাথে যোগ দেন। সেখানে তিনি আত্মনিয়োগ করেন পানির ব্যবস্থাপনায়, তৃষ্ণার্ত মুজাহিদদের পানি পান করিয়ে তৃপ্ত ও উজ্জীবিত করলেন, তীর চেঁছে তীক্ষ্ণ করলেন, ত্রুটিপূর্ণ ধনুক মেরামত করলেন।

তিনি যখন দেখতে পেলেন অল্প কয়েকজন ছাড়া মুসলিম বাহিনীর সকলেই রাসূলুল্লাহ ﷺ-কে একা ফেলে বিক্ষিপ্ত হয়ে পড়েছে.....

এবং দেখতে পেলেন মুশরিকরা আল্লাহর রাসূল ﷺ-এর কাছাকাছি এবং প্রায় তাঁর উপর আক্রমণে উদ্যত, তখন তিনি হাতের পানির পাত্রটি ছুঁড়ে

